ACHIEVERS *Collectors' Handbook of Infotainment*

ডব্লিউবিসিএস প্ল্যানার

- প্রধানমন্ত্রীর ইতালি এবং ব্রিটিশ যুক্তরাজ্য সফর
- আধার যাচাই করেই দুয়ারে রেশন
- ম্যানবুকার প্রাইজ-২০২১
- জাতীয় ক্রীড়া পুরস্কার-২০২১
- আইসিসি টি-২০ ওয়ার্ল্ড কাপে চ্যাম্পিয়ন অস্ট্রেলিয়া
- ব্যাঙ্ক ও অর্থনীতি বিষয়ক গুরুত্বপূর্ণ তথ্যাবলি

₹50

প্রতিদিনের কারেন্ট অ্যাফেয়ার্স বাংলা ও ইংরেজিতে পেতে লগ অন করুন ঃ–
www.gscepublications.com

অ্যাচিভার্সের নিজস্ব টেলিগ্রাম চ্যানেলে জয়েন করতে অ্যাক্সেস করুন– https://t.me/Achievers_Magazine

— সূচিপত্র —

সাম্প্রতিক খবরের শিরোনাম

প্রধানমন্ত্রীর ইতালি এবং ব্রিটিশ যুক্তরাজ্য সফর

ইতালি সফর

২৯ থেকে ৩১শে অক্টোবর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ইতালির প্রধানমন্ত্রী মারিয়ো দ্রাঘির আমন্ত্রণে ইতালির রোম এবং ভ্যাটিক্যান সিটি সফর করলেন। রোমে তিনি ষোড়শ জি-২০ গোষ্ঠীভুক্ত দেশের নেতৃবৃন্দের সম্মেলনে যোগ দেন।

● ষোড়শ জি-২০ সামিট :

৩০ থেকে ৩১ অক্টোবর ইতালির রোমে অনুষ্ঠিত হল ষোড়শ জি-২০ সামিট। এবারের সম্মেলনে জোটভুক্ত প্রায় সব দেশের নেতারা অংশগ্রহণ করলেও রাশিয়ার প্রেসিডেন্ট, চীনের প্রেসিডেন্ট, জাপান, মেক্সিকো ও সৌদি আরবের শীর্ষ নেতারা এতে অংশ নেননি। সম্মেলনে ভারতের তরফ থেকে যোগ দিয়েছিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। প্রধানমন্ত্রী বলেছেন আগামী বছর থেকে ভারত দুনিয়ার জন্য ৫ বিলিয়ন করোনা টিকার ডোজ উৎপাদন করবে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জি-২০ সম্মেলনের করোনার বিরুদ্ধে ভারতের লড়াইয়ের প্রশংসা করেছেন। তিনি আরও বলেন, খুব কম সময়ে ভারত ১০০ কোটির বেশি করোনার টিকা দিতে পেরেছে। পৃথিবীর অন্যান্য দেশগুলিকে টিকা প্রদানের মাধ্যমে ছয় ভাগের এক ভাগের জনসংখ্যাকে করোনা সংক্রমণ থেকে ঠেকাতে তৎপর রয়েছে ভারত। আর এর মাধ্যমে বিশ্বকে সুরক্ষিত রাখতে পেরেছে। সেই সঙ্গে ভাইরাসের মিউটেশনের সম্ভাবনাও কমে গিয়েছে।

● ইতালির প্রধানমন্ত্রী মারিও দ্রাঘির সঙ্গে প্রধানমন্ত্রীর সাক্ষাৎ :

২৯ অক্টোবর প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী রোমে জি-২০ শীর্ষ সম্মেলনের ফাঁকে ইতালির প্রধানমন্ত্রী মারিও দ্রাঘির সঙ্গে সাক্ষাৎ করেছেন। ব্যক্তিগত স্তরে এটি তাঁদের প্রথম সাক্ষাৎ। বিশ্বজুড়ে মহামারীর মধ্যে জি-২০ সম্মেলন সফলভাবে আয়োজন করার জন্য তিনি দ্রাঘিকে অভিনন্দন জানান। জলবায়ু পরিবর্তনের ফলে উদ্ভুত চ্যালেঞ্জগুলি নিয়ে দুই নেতা আলাপ-আলোচনা করেছেন। উভয় নেতা আফগানিস্তান এবং ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল সহ সম্প্রতি ঘটে যাওয়া বিভিন্ন আন্তর্জাতিক ও আঞ্চলিক বিষয়ে মতবিনিময় করেছেন। দ্বিপাক্ষিক সম্পর্কে উভয় নেতা ২০২০ সালে ভারত-ইতালির মধ্যে ভার্চুয়াল শীর্ষ সম্মেলনে গৃহীত সিদ্ধান্তগুলির বিষয়ে পর্যালোচনা করেন এবং ২০২০ থেকে ২০২৫ সালের মধ্যে অ্যাকশন প্লান অনুযায়ী কাজের অগ্রগতি খতিয়ে দেখেন। এই পরিকল্পনায় দুই নেতা উভয় দেশের মধ্যে বস্ত্রশিল্প, খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প, গাড়ি শিল্প এবং পুনর্নবীকরণযোগ্য জ্বালানি সহ বিভিন্ন ক্ষেত্রে ব্যবসা-বাণিজ্য ও বিনিয়োগের পরিমাণ আরও বৃদ্ধি করার ক্ষেত্রে তাঁদের অঙ্গীকার পুনর্ব্যক্ত করেন। নরেন্দ্র মোদী ইতালির প্রধানমন্ত্রীকে সরকারি সফরে শীঘ্র ভারতে আসার আমন্ত্রণ জানিয়েছেন।

● ইতালিয়ান হিন্দু ইউনিয়নের প্রতিনিধিদের সঙ্গে সাক্ষাৎ :

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ইতালিয়ান হিন্দু ইউনিয়ন সনাতন ধর্ম সংঘের প্রতিনিধিসহ বিভিন্ন সংগঠনের সদস্যদের সঙ্গে সাক্ষাৎ এবং মতবিনিময় করেছেন। ভারতীয় সংস্কৃতিকে ইতালিতে প্রচার করার জন্য প্রধানমন্ত্রী তাঁদের ভূমিকার প্রশংসা করেন।

● ইতালিয়ান কংগ্রেগেশন ফর কৃষ্ণ কনসেনসাস (ইস্কন)-এর প্রতিনিধিদের সঙ্গে সাক্ষাৎ :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী কৃষ্ণের বিষয়ে সচেতনতার জন্য ইতালির ধর্মসভা বা ইতালিয়ান কংগ্রেগেশন ফর কৃষ্ণ কনসেনসাস (ইস্কন) -এর প্রতিনিধিসহ বিভিন্ন সংগঠনের সদস্যদের সঙ্গে সাক্ষাৎ এবং মতবিনিময় করেছেন। ইতালিতে ভগবত গীতার বাণী প্রচার সহ বিভিন্ন সামাজিক কাজকর্মে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখার জন্য প্রধানমন্ত্রী তাঁদের প্রশংসা করেন।

● ইতালিতে বিশ্বযুদ্ধের সময় যে সব ভারতীয় সৈনিক যুদ্ধ করেছিলেন, তাঁদের স্মারক নিয়ে কাজ করা প্রতিষ্ঠানগুলি এবং শিখ সম্প্রদায়ের প্রতিনিধিদের সঙ্গে সাক্ষাৎ :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বিভিন্ন সংগঠনের সদস্যদের সঙ্গে সাক্ষাৎ এবং মতবিনিময় করেছেন। এর মধ্যে প্রথম ও দ্বিতীয় বিশ্বযুদ্ধে ইতালিতে যে সব ভারতীয় সৈনিক যুদ্ধ করেছিলেন, তাঁদের স্মারক নিয়ে কাজ করা বিভিন্ন প্রতিষ্ঠান ও শিখ সম্প্রদায়ের প্রতিনিধিরাও ছিলেন। এই দুটি যুদ্ধে ভারতীয় সৈনিকরা যে শৌর্য প্রদর্শন করেছেন, প্রধানমন্ত্রী তার জন্য তাঁদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন।

● ভারততত্ত্ববিদ ও সংস্কৃত বিশেষজ্ঞদের সঙ্গে সাক্ষাৎ :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ইতালির বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে ভারততত্ত্ববিদ ও সংস্কৃত বিশেষজ্ঞদের সঙ্গেও মতবিনিময় করেন। ভারতীয় সংস্কৃতি সাহিত্য এবং যোগ ও আয়ুর্বেদ চর্চা নিয়ে তাঁদের উৎসাহের দিকটি প্রধানমন্ত্রী উল্লেখ করেন। ভারত এবং ইতালির মধ্যে সম্পর্ককে মজবুত করার জন্য এঁদের ভূমিকার তিনি প্রশংসা করেন।

● ইতালি-ভারতের জ্বালানি ক্ষেত্রে সংস্কারের জন্য কৌশলগত অংশীদারিত্বের বিষয়ে যৌথ বিবৃতি :

৩০ এবং ৩১ অক্টোবর ইতালির রোমে ইতালির মন্ত্রিসভার সভাপতি মারিও দ্রাঘি ও ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জি-২০

শীর্ষ সম্মেলনের ফাঁকে এক দ্বিপাক্ষিক বৈঠকে মিলিত হন। ভারত ও ইতালি ২০২০ সালের ৬ নভেম্বর দুই দেশের মধ্যে ২০২০ থেকে ২০২৪ পর্যন্ত সময়কালে অংশীদারিত্ব বৃদ্ধির জন্য যে অ্যাকশন প্ল্যান গ্রহণ করেছে উভয় নেতা সেই পরিকল্পনার মূল্যায়ণ করেছেন এবং এর যথাযথ অগ্রগতি হয়েছে বলে মতপ্রকাশ করেন। জলবায়ু পরিবর্তন রোধে পরিবেশ বান্ধব জ্বালানিকে আরও বেশি ব্যবহার, রোমে জি-২০ শীর্ষ সম্মেলন এবং গ্লাসগোতে সিওপি২৬ সম্মেলনে সহযোগিতা সহ অ্যাকশন প্ল্যানে কৌশলগত ক্ষেত্রে পারস্পরিক বোঝাপড়া বাড়ানোর প্রশ্নে উভয় নেতা সহমত পোষন করেছেন। ভারত ও ইতালির মধ্যে জ্বালানির ব্যবহারে সংস্কার আনার ক্ষেত্রে অংশীদারিত্ব বাড়ানোর জন্য যে বিষয়গুলিকে অগ্রাধিকার দেওয়া হয়েছে সেগুলি হল :

(১) উন্নত ও উন্নয়নশীল দেশগুলির মধ্যে পরিবেশ বান্ধব হাইড্রোজেন জ্বালানি এবং ভারতে এই ধরণের প্রযুক্তির উদ্ভাবন ও ব্যবহার বাড়ানোর জন্য বিশেষ উদ্যোগ নেওয়া হবে।

(২) ভারতে বৃহৎ আকারের পরিবেশবান্ধব করিডর তৈরির মাধ্যমে ভারতকে জ্বালানি ব্যবহারের সংস্কারে সাহায্য করা হবে। এর ফলে ২০৩০ সালের মধ্যে ৪৫০ গিগাওয়াট পুননবীকরণযোগ্য জ্বালানি উৎপাদনে ভারত তার লক্ষ্যমাত্রা অর্জন করতে পারবে।

(৩) প্রাকৃতিক গ্যাস, কার্বন নিঃসরণ কমানোর জন্য প্রযুক্তি উদ্ভাবন, স্মার্ট সিটি উদ্যোগ, শহরাঞ্চলে বৈদ্যুতিক যানবাহনের ব্যবহার বাড়ানোর মতো বিভিন্ন প্রকল্পে ভারত ও ইতালির সংস্থাগুলির মধ্যে অংশীদারিত্ব বাড়াতে উৎসাহ দেওয়া হবে।

(৪) ভারতীয় ও ইতালিয় সংস্থাগুলি যাতে নতুন জ্বালানি ব্যবহার সংক্রান্ত প্রক্রিয়ায় যুক্ত হতে পারে তার জন্য যৌথ উদ্যোগ গড়ে তুলতে উৎসাহিত করা হবে।

● প্রধানমন্ত্রীর ভ্যাটিক্যান সিটি সফর :

পোপ ফ্রান্সিস প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে ভ্যাটিক্যানে অ্যাপোস্টোলিক প্যালেসে স্বাগত জানান। দুই দশক পরে এই প্রথম একজন ভারতীয় প্রধানমন্ত্রী ও পোপের সাক্ষাৎ হল। মহামারীর সময়ে বিভিন্ন রাষ্ট্রকে সাহায্য করার ভারতের উদ্যোগকে পোপ প্রশংসা করেছেন। প্রধানমন্ত্রী পবিত্র পোপ ফ্রান্সিসকে ভারতে শীঘ্র আসার জন্য আমন্ত্রণ জানান। পোপ সানন্দে সেই আমন্ত্রণ গ্রহণ করেছেন। প্রধানমন্ত্রী সেক্রেটারি অফ স্টেট কার্ডিনাল পিয়েত্র প্যারোলিনের সঙ্গেও সাক্ষাৎ করেন।

● সিঙ্গাপুরের প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ :

৩০ অক্টোবর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ইতালির রোমে অনুষ্ঠিত জি-২০ শীর্ষ সম্মেলনের ফাঁকে সিঙ্গাপুরের প্রধানমন্ত্রী লি সিয়াং লুঙ-এর সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করেন। কোভিড পরবর্তী সময়ে এটি তাঁদের প্রথম ব্যক্তিগত স্তরে সাক্ষাৎ। উভয় নেতা জলবায়ু পরিবর্তন প্রতিরোধে আন্তর্জাতিক স্তরে উদ্যোগ এবং আসন্ন সিওপি২৬ সম্মেলন নিয়ে আলোচনা করেন।

● ফরাসি রাষ্ট্রপতির সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক :

৩০ অক্টোবর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ইতালির রোমে জি-২০ শীর্ষ সম্মেলনের ফাঁকে ফ্রান্সের রাষ্ট্রপতি ইমান্যুয়েল ম্যাক্রোর সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করেন। উভয় নেতা ভারত ও ফ্রান্সের মধ্যে বিভিন্ন বিষয়ে কৌশলগত অংশীদারিত্বে সন্তোষ প্রকাশ করেন। প্রধানমন্ত্রী সেপ্টেম্বরে ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের বিষয়ে ইউরোপীয় ইউনিয়নের নতুন কৌশল সংক্রান্ত নীতিকে স্বাগত জানান।

● স্পেনের প্রধানমন্ত্রীর সঙ্গে প্রধানমন্ত্রীর সাক্ষাৎ :

৩১ অক্টোবর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ইতালির রোমে অনুষ্ঠিত জি-২০ শীর্ষ সম্মেলনের ফাঁকে স্পেনের প্রধানমন্ত্রী পেড্রো স্যাঞ্চেজ-এর সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করেন। উভয় নেতা ক্রমবর্ধমান দ্বিপাক্ষিক ব্যবসা-বাণিজ্য ও বিনিয়োগের বিষয়ে এবং এয়ারবাস স্পেন থেকে ৫৬টি সি২৯৫ এয়ারক্র্যাফট সংগ্রহের জন্য সমঝোতাপত্র স্বাক্ষরে সন্তোষ প্রকাশ করেন। এর মধ্যে ৪০টি বিমান টাটা অ্যাডভান্সড সিস্টেমস ভারতে তৈরি করবে। বৈদ্যুতিন পদ্ধতিতে যোগাযোগ, পরিবেশ বান্ধব প্রযুক্তি, উন্নত ধাতব পদার্থ এবং গভীর সমুদ্রে উত্তোলনের মতো ক্ষেত্রে দ্বিপাক্ষিক সহযোগিতা বৃদ্ধির বিষয়ে উভয় নেতা সহমত পোষণ করেন।

● জার্মানির চ্যান্সেলর আঙ্গেলা মেয়ারকেলের সঙ্গে বৈঠক :

৩১ অক্টোবর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ইতালির রোমে জি-২০ শীর্ষ সম্মেলনের মাঝে জার্মানির চ্যান্সেলর আঞ্জেলা মেয়ারকেলের সঙ্গে বৈঠক করেন। উভয় নেতা ভারত ও জার্মানির মধ্যে ঘনিষ্ঠ দ্বিপাক্ষিক সহযোগিতার বিষয়ে সন্তোষ প্রকাশ করেছেন। উভয়ে বাণিজ্য ও বিনিয়োগ সম্পর্ক মজবুত করার প্রতিশ্রুতি দিয়েছেন। পরিবেশ বান্ধব হাইড্রোজেন জ্বালানি সহ অন্যান্য ক্ষেত্রে ভারত-জার্মানি কৌশলগত অংশীদারিত্বের পরিধি প্রসারে সম্মত হয়েছেন। প্রধানমন্ত্রী ডঃ মেয়ারকেলকে আগামীদিনের জন্য শুভেচ্ছা এবং তাঁকে ভারতে আসার আমন্ত্রণ জানিয়েছেন।

● ইন্দোনেশিয়ার রাষ্ট্রপতির সঙ্গে বৈঠক :

৩১ অক্টোবর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ইতালির রোমে জি-২০ শিখর সম্মেলনের মাঝে ইন্দোনেশিয়ার রাষ্ট্রপতি জোকো উইডোডোর সঙ্গে বৈঠক করেছেন। আগামী বছর জি-২০ শিখর সম্মেলনের সভাপতিত্ব করার জন্য ইন্দোনেশিয়াকে অভিনন্দন জানিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। দুই নেতা কোভিড-১৯ মহামারী চলাকালীন একে অপরের মধ্যে নিরন্তর সহযোগিতা বজায় রাখার জন্য প্রশংসা জানিয়েছেন এবং মহামারী পরবর্তী পরিস্থিতি মোকাবিলায় সাহায্য চালিয়ে যেতে সম্মত হয়েছেন। উভয়ে ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের সহযোগিতার গুরুত্বের ওপর জোর দিয়েছেন। দুই দেশের মধ্যে দ্বিপাক্ষিক বাণিজ্য ও বিনিয়োগ জোরদার করে তোলা এবং মানুষের সঙ্গে মানুষের পারস্পরিক সম্পর্ক আরও মজবুত করার পথ প্রশস্ত করার বিষয়ে দৃঢ় প্রতিশ্রুতি ব্যক্ত করেছেন।

গ্রাহকদের হোম লোন প্রদানের উদ্দেশ্যে ইন্ডিয়া পোস্ট পেমেন্ট ব্যাঙ্ক এইচ ডি এফ সি ব্যাঙ্কের সঙ্গে চুক্তিবদ্ধ হ

ব্রিটিশ যুক্তরাজ্য সফর

১-২ নভেম্বর প্রধানমন্ত্রী বরিস জনসনের আমন্ত্রনে ব্রিটেনের গ্লাসগো সফর করলেন। গ্লাসগোতে রাষ্ট্রসংঘের জলবায়ু পরিবর্তন সংক্রান্ত কনভেনশনের ২৬তম কনফারেন্স অফ পার্টিজে যোগ বিশ্বের ১২০টি দেশের রাষ্ট্রপ্রধান বা সরকার প্রধানরা ওয়ার্ল্ড লিডার সামিট বা বিশ্ব নেতৃবৃন্দের শীর্ষ সম্মেলনে যোগ দেন।

● সিওপি-২৬ শীর্ষ সম্মেলন :

১-২ নভেম্বর ব্রিটিশ যুক্তরাজ্যের গ্লাসগোতে অনুষ্ঠিত হল সিওপি-২৬ শীর্ষ সম্মেলন। এই সম্মেলনে ভারতের তরফ থেকে যোগ দিয়েছিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। বিশ্ব জুড়ে জলবায়ু পরিবর্তন রুখতে তথা উষ্ণায়নের মাত্রা হ্রাস করতে পাঁচ প্রতিশ্রুতি দিল ভারত। একে 'পঞ্চামৃত' বলে আখ্যা দিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। তাঁর দাবি, ২০৭০ সালের মধ্যে কার্বন দূষণের মাত্রা পুরোপুরি কমিয়ে ফেলার লক্ষ্যমাত্রা পূরণ করবে ভারত। সব মিলিয়ে মোট পাঁচটি প্রতিশ্রুতিকে বিশ্বের কাছে ভারতের 'পঞ্চামৃতের উপহার' বলেও বর্ণনা করেছেন প্রধানমন্ত্রী।

(১) প্রধানমন্ত্রীর দাবি, ২০৩০ সালের মধ্যে অ-জীবাশ্ম শক্তির উৎপাদন বাড়িয়ে ৫০০ গিগাওয়াট করবে ভারত।

(২) ওই একই সময়ের মধ্যে অর্থাৎ ২০৩০ সালের মধ্যে দেশে শক্তির চাহিদার ৫০ শতাংশই পূরণ করা হবে পুনর্নবীকরণ শক্তির মাধ্যমে।

(৩) চলতি বছর থেকে আগামী ২০৩০ সালের মধ্যে ভারত যে পরিমাণ কার্বন দূষণ করতে পারে বলে মনে করা হচ্ছে, তার থেকে ১০০ কোটি টন কম কার্বন নিঃসরণ করবে।

(৪) ২০৩০ সালের মধ্যে কার্বন নিঃসরণ ৪৫ শতাংশ কম করার লক্ষ্য রয়েছে ভারতের।

(৫) সর্বশেষে, ২০৭০ সালের মধ্যে কার্বন দূষণের মাত্রা শূন্যে নামিয়ে আনার লক্ষ্যমাত্রা পূরণ করবে ভারত।

যদিও চিনের দাবি, ২০৬০ সালের মধ্যে কার্বন দূষণের মাত্রা শূন্যে নামিয়ে আনার লক্ষ্যপূরণ করতে পারবে তারা। অন্য দিকে, ২০৫০ সালের মধ্যে ওই লক্ষ্যে পৌঁছনোর চেষ্টা করবে বলে জানিয়েছে আমেরিকা এবং ইউরোপীয় ইউনিয়ন। গ্লাসগোর আগে ইটালির রোমে জি-২০ সম্মেলনে বিশ্ব উষ্ণায়নের মাত্রা হ্রাস করার জন্য বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিয়েছেন ওই গোষ্ঠীভুক্ত দেশের রাষ্ট্রনেতারা। তার মধ্যে রয়েছে, বিশ্ব উষ্ণায়নের মাত্রা ১.৫ ডিগ্রি সেলসিয়াসে সীমাবদ্ধ রাখা।

● ব্রিটিশ প্রধানমন্ত্রীর সঙ্গে প্রধানমন্ত্রীর দ্বিপাক্ষিক বৈঠক :

প্রধানমন্ত্রী ১ নভেম্বর নরেন্দ্র মোদী পয়লা নভেম্বর গ্লাসগোতে সিওপি ২৬ বিশ্ব নেতৃবৃন্দের শীর্ষ সম্মেলনের ফাঁকে ব্রিটিশ প্রধানমন্ত্রী বরিস জনসনের সঙ্গে বৈঠক করেছেন। জলবায়ু পরিবর্তনের প্রভাবগুলি কমানো এবং তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উদ্দেশ্যে সফলভাবে সিওপি২৬ আয়োজনে জনসনের নেতৃত্বদানের জন্য প্রধানমন্ত্রী তাঁ অভিনন্দন জানিয়েছেন। ব্যবসা বাণিজ্য, অর্থনীতি, মানুষের মা যোগাযোগ, স্বাস্থ্য, প্রতিরক্ষা ও নিরাপত্তার মত বিভিন্ন বিষয়ে ২০ সালের মধ্যে যে রোডম্যাপ বাস্তবায়িত করার পরিকল্পনা করা হয়ে দুই নেতা সেটির পর্যালোচনা করেন।

● বিল গেটসের সঙ্গে প্রধানমন্ত্রীর বৈঠক :

২রা নভেম্বর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ব্রিটেন এর গ্লাসগে সিওপি২৬ শিখর সম্মেলনের ফাঁকে বিল গেটসের সঙ্গে বৈঠক করে ভারতে বিল অ্যান্ড মেলিন্ডা গেটস ফাউন্ডেশন যে কাজ করছে প্রধা তার প্রশংসা করেন। উদ্ভাবন সংক্রান্ত মিশন ইনোভেশনের অগ্র বিষয়ে বিল গেটস প্রধানমন্ত্রীকে বিস্তারিতভাবে জানিয়েছেন। এই মি আওতায় ভারতে যে সব পদক্ষেপ গৃহীত হয়েছে, তাঁরা সে নিয়েও আলোচনা করেন। আলোচনায় পরিবেশবান্ধব হাইড্রো জ্বালানি, বিমানের জ্বালানি, ব্যাটারির সঞ্চয় ক্ষমতা এবং টিকা গবেষণার প্রসঙ্গ স্থান পেয়েছে।

● নেপালের প্রধানমন্ত্রীর সঙ্গে বৈঠক :

২ নভেম্বর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ব্রিটেন এর গ্লাসগোতে সি শিখর সম্মেলনের ফাঁকে নেপালের প্রধানমন্ত্রী শের বাহাদুর সঙ্গে বৈঠক করেন। কোভিড-১৯ মহামারীর বিরুদ্ধে লড়াইয়ের উভয় নেতা দ্বিপাক্ষিক সম্পর্ককে আরো শক্তিশালী করার বিষ আলোচনা করেছেন। মহামারীর সময় ভারত থেকে নেপালে টিকা, ওষুধ ও চিকিৎসা সরঞ্জাম সরবরাহ এবং অবাধে সীমান্তের পণ্য পরিবহণের ক্ষেত্রে সহযোগিতার বিষয়টি নিয়ে দুই নেতা প্রকাশ করেন। মহামারী পরবর্তী সময়ে তাঁরা একযোগে কা বিষয়ে সহমত ব্যক্ত করেন। জুলাই মাসে নেপালের প্রধানমন্ত্রী দায়িত্ব গ্রহণের পর দেউবার সঙ্গে নরেন্দ্র মোদীর টেলিফো হয়েছে। এরপর এই প্রথম তাঁদের মধ্যে মুখোমুখি আলোচনা

● ইজরায়েলের প্রধানমন্ত্রীর সঙ্গে বৈঠক :

২ নভেম্বর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ব্রিটেন গ্লাসগোতে শিখর সম্মেলনের ফাঁকে ইজরায়েলের প্রধানমন্ত্রী নাফতালি সঙ্গে বৈঠক করেছেন। দুই প্রধানমন্ত্রীর মধ্যে এটি প্রথ উন্নত প্রযুক্তি ও উদ্ভাবন সহ আরো বহু ক্ষেত্রে সহযোগিতা উপর তাঁরা সহমত পোষণ করেছেন। আগামী বছর ইজরায়েলের মধ্যে কূটনৈতিক সম্পর্ক স্থাপনের ৩০ বছর উল্লেখ করে নরেন্দ্র মোদি বেনেটকে ভারতে আসার আমন্ত্র

● ইউক্রেনের রাষ্ট্রপতির সঙ্গে প্রধানমন্ত্রীর বৈঠক :

২ নভেম্বর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ব্রিটেন এর গ্লাসগোতে শিখর সম্মেলনের ফাঁকে ইউক্রেনের রাষ্ট্রপতি ভোলোদিমির সঙ্গে বৈঠক করেছেন। দুই দেশ, একে অপরের কোভিড মান্যতা দেওয়া সহ মহামারীর সময় সহযোগিতার জন্য প্রকাশ করেন।

রাজ্যের উল্লেখযোগ্য খবর

আধার যাচাই করেই দুয়ারে রেশন

দুয়ারে রেশন প্রকল্পে গ্রাহকের আধার নম্বর ই-পস যন্ত্র বা বিশেষ মোবাইল অ্যাপে যাচাই করে খাদ্যশস্য সরবরাহ করতে হবে। দুয়ারে রেশন চালু হওয়ার পর রেশনে স্বচ্ছতা বজায় রাখতে এই ব্যবস্থা নেওয়া হয়েছে। ১৬ নভেম্বর মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় প্রকল্পের আনুষ্ঠানিক উদ্বোধন করার পরে বিস্তারিত বিজ্ঞপ্তি জারি করেছে খাদ্যদপ্তর। কেন্দ্রীয় সরকারের জাতীয় খাদ্যসুরক্ষা আইনের ৩২ নম্বর ধারা অনুযায়ীই যে খাদ্যশস্য সরবরাহের ব্যবস্থা করা হচ্ছে। রাস্তায় ৫০০ মিটার দূরত্ব অন্তর গাড়ি দাঁড় করিয়ে আশপাশের এলাকার গ্রাহকদের সেখান থেকে খাদ্যশস্য দেওয়া হবে। রেশন ডিলাররা পাড়া/গ্রাম/বসতি এলাকায় গিয়ে খাদ্যশস্য সরবরাহ করবেন। তবে সুন্দরবন, জঙ্গলমহল, পাহাড়ি এলাকার মতো প্রত্যন্ত জায়গার জন্য অন্য কোনও ব্যবস্থা করতে পারে দপ্তর। পাইলট প্রকল্পের সময় সপ্তাহে চারদিন (মঙ্গল থেকে শুক্র) এলাকায় গিয়ে গ্রাহকদের খাদ্যশস্য সরবরাহ করছিলেন ডিলাররা। শনিবার দুটি অর্ধে ও রবিবার একটি অর্ধে রেশন দোকান থেকে খাদ্যশস্য দেওয়া হচ্ছিল। এখন থেকে এই ব্যবস্থায় চলবে। যেসব এলাকায় রেশন ডিলারকে যেতে হবে সেটিকে ক্লাস্টারে ভাগ করে নিতে হবে। নির্দিষ্ট ক্লাস্টারে যাওয়ার আগাম সূচি তৈরি করে রাখতে হবে। কোন জায়গায় কবে খাদ্য সরবরাহ করা হবে তার তালিকা রেশন দোকান ছাড়া ও সংশ্লিষ্ট এলাকায় নোটিস দিয়ে জানাতে হবে। বিষয়টি অবহিত করতে হবে খাদ্যদপ্তর, স্থানীয় কাউন্সিলার ও পঞ্চায়েত সদস্যদের।

সরকারি উদ্যোগে এবার বইমেলা জেলায় জেলায়

করোনা পরিস্থিতির উন্নতি হওয়ার পর এবার জেলা পর্যায়ের বইমেলা আয়োজনে বিশেষ উদ্যোগ নিয়েছে রাজ্য সরকার। প্রতি জেলার বইমেলার আয়োজনের জন্য ৬ লক্ষ টাকা করে বরাদ্দ করেছে গ্রন্থাগার দপ্তর। জেলা বইমেলা থেকে বই কিনতে গ্রন্থাগারগুলির জন্য নির্দিষ্ট হারে টাকা বরাদ্দ করা হয়েছে। প্রতি জেলা গ্রন্থাগারকে এই খাতে দেওয়া হয়েছে ৩৫ হাজার টাকা। মহকুমা/টাউন গ্রন্থাগার পাচ্ছে ১৩ হাজার টাকা। গ্রামীণ ও প্রাথমিক গ্রন্থাগার পাবে ১০ হাজার টাকা। করোনা সংক্রান্ত বিধিনিষেধ থাকার জন্য জেলা বইমেলায় স্টলের সংখ্যা সর্বাধিক ৬৫টি নির্দিষ্ট করে দেওয়া হয়েছে। ১০০ বর্গফুট আয়তনের স্টলের ভাড়া সাড়ে ৩ হাজার টাকা নির্দিষ্ট করে দেওয়া হয়েছে। বইমেলায় বাংলা সহয়তা কেন্দ্রের একটি স্টল রাখতেই হবে। এখান থেকে বিভিন্ন সরকারি পরিষেবা অনলাইনে পাওয়া যায়। ইংরেজি বইয়ের জন্য তিনটি স্টল রাখতে বলা হয়েছে। বইমেলায় সাহিত্যসভা, সংবিধান, ভারতের গণতন্ত্র ও রাজ্যের বিশিষ্ট মানুষদের নিয়ে আলোচনা সভার আয়োজন করতে হবে। জেলা বইমেলা সাতদিন ধরে চলবে। খোলা থাকবে বেলা সাড়ে ১২টা থেকে সন্ধ্যা সাড়ে ৭টা পর্যন্ত।

খাদ্য দফতরের WhatsApp Chatbot

রেশন গ্রাহকদের সুবিধা দিতে একটি বিশেষ WhatsApp Chatbot তৈরি করল পশ্চিমবঙ্গ সরকার। পশ্চিমবঙ্গ সরকারের খাদ্য সরবরাহ বিভাগের উদ্যোগে তৈরি করা হয়েছে সেটি। রেশন কার্ড সংক্রান্ত যাবতীয় সমস্যার সমাধান ওই WhatsApp Chatbot-এর মাধ্যমে সমাধান করা সম্ভব। এছাড়াও চাষিরা এই WhatsApp Chatbot থেকে বেশ কিছু গুরুত্বপূর্ণ সুবিধা পাবেন। বাংলা এবং ইংরেজি ভাষায় এই সুবিধা পাওয়া যাবে।

বীরপুরুষ, বীরাঙ্গনা পুরস্কার ৩০ পড়ুয়াকে

সাহসিকতার জন্য বীরপুরুষ ও বীরাঙ্গনা পুরস্কারে এবার শীর্ষে দক্ষিণ ২৪ পরগনা। শনিবার আন্তর্জাতিক শিশু দিবস উপলক্ষে রাজ্যের ৩০ জন ছাত্রছাত্রীকে এই বিশেষ সম্মান প্রদান করা হয়। তার মধ্যে দক্ষিণ ২৪ পরগনা থেকে আছে পাঁচ জন। উত্তর ২৪ পরগনা থেকে চারজন পড়ুয়াও এই পুরস্কার পেয়েছে। এছাড়াও আলিপুরদুয়ার, কলকাতা, মুর্শিদাবাদ ইত্যাদি জেলা থেকে দুই-তিনজন করে পড়ুয়াকে পুরস্কারটি দেওয়া হয়।

ইন্ডিয়া বুক অব রেকর্ডস

সময়িতা কংসবণিককে কাঠবাদামের উপর পেন দিয়ে দেশের মানচিত্র এবং পাশাপাশি বিভিন্ন ঐতিহাসিক সৌধের ছবি আঁকার জন্য স্বীকৃতি দিল ইন্ডিয়া বুক অব রেকর্ডস। সম্প্রতি সেই স্বীকৃতির নিদর্শন হিসেবে শংসাপত্র ও মেডেলও পৌঁছেছে তাঁর হাতে। হাবড়ার প্রফুল্লনগরের মেধাবী ছাত্রী সময়িতা বর্তমানে কলেজে পাঠরতা।

৭টি নতুন ইন্টিগ্রেটেড চেকপোস্ট

পশ্চিমবঙ্গে ৭টি নতুন ইন্টিগ্রেটেড চেকপোস্ট স্থাপিত হতে চলেছে। যার মধ্যে ৫টি চেকপোস্ট বাংলাদেশের সঙ্গে এবং ১টি করে চেকপোস্ট নেপাল ও ভুটানের সঙ্গে থাকবে।

রাজ্যে খুলল স্কুল ও কলেজ

১৬ নভেম্বর থেকে রাজ্যে খুলল স্কুল ও কলেজ। দীর্ঘদিন বন্ধ থাকার পর বর্তমানে নবম থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত স্কুল ও কলেজের ক্লাস চালু হল।

এসএসসি গ্রুপ-ডি মামলায় সিবিআই

এসএসসির মাধ্যমে ২০১৬ সালে নিয়োগ হওয়া গ্রুপ-ডি মামলায় কোনো বেনিয়ম হয়েছে কিনা তা জানতে কলকাতা হাইকোর্ট সিবিআই অনুসন্ধানের নির্দেশ দিল। ডিভিশন বেঞ্চ স্থগিত করেছে এই নির্দেশ।

Get a raw deal *Means* **: To not be treated as well as other people**

দেশ ও বিদেশের উল্লেখযোগ্য খবর

সম্প্রতি সংঘটিত দেশ ও বিদেশের গুরুত্বপূর্ণ ঘটনার খবর আলাদা আলাদাভাবে এই অংশে উপস্থাপিত করা হল। এতে পাঠককুল দেশ ও বিদেশের সমস্ত গুরুত্বপূর্ণ খবর একসঙ্গে জানতে পারবেন এবং মনে রাখতে খুব সুবিধা হবে।

প্রকল্প/অ্যাপ/পোর্টাল/পরিষেবা

'Swasth Haryana' মোবাইল অ্যাপ

হরিয়ানার স্বাস্থ্যমন্ত্রী অনিল বীজ সূচনা করলেন 'Swasth Haryana' মোবাইল অ্যাপ। সিভিল হসপিটালে মানুষকে দীর্ঘ সময় ধরে লাইনে দাঁড়িয়ে থাকা থেকে অব্যাহতি প্রদান করতে এই মোবাইল অ্যাপ চালু করা হল। এই অ্যাপের মাধ্যমে মানুষ নিজেকে যে কোনো সিভিল হসপিটাল এবং তিনটি মেডিক্যাল কলেজে নথিভুক্ত করতে পারবে।

'Mukhyamantri Ration Aapke Dwar Yojana'

মধ্যপ্রদেশ সরকার কর্তৃক সূচনা করা হল 'Mukhyamantri Ration Aapke Dwar Yojana' এর। এই যোজনার মাধ্যমে সেই সমস্ত গ্রামীণ মানুষদের গৃহে রেশন পৌঁছে দেওয়া হবে যাদের গ্রামে কোনো ন্যায্য মূল্যের রেশন দোকান নেই।

Shri Dhanwantri Generic Medical Store Scheme

ছত্তিশগড়ের মুখ্যমন্ত্রী ভূপেশ বাঘেল সূচনা করলেন নতুন প্রকল্প 'Shri Dhanwantri Generic Medical Store Scheme' এর। এই প্রকল্পের মাধ্যমে রাজ্যের দুর্বল ও অসহায় ব্যক্তিদের স্বল্প মূল্যে মানসম্পন্ন ঔষধ ও স্বাস্থ্য পরিষেবা প্রদান করা হবে।

'Go Live' প্রোজেক্ট এবং 'JK eCop' মোবাইল অ্যাপ

জম্মু ও কাশ্মীরের লেফটেন্যান্ট-গভর্নর মনোজ সিনহা সূচনা করলেন 'Go Live' প্রোজেক্ট এবং 'JK eCop' মোবাইল অ্যাপ। জম্মু ও কাশ্মীরের পুলিশের জন্য এই প্রোজেক্ট এবং অ্যাপের সূচনা করা হল। 'Go Live' হল জম্মু ও কাশ্মীর পুলিশের অপরাধ ও অপরাধী অনুসরণকারী নেটওয়ার্ক ও সিস্টেম প্রোজেক্ট। অন্যদিকে 'JK eCop' মোবাইল অ্যাপের মাধ্যমে সমস্ত পুলিশ কেন্দ্রীক তথ্য জনগণকে সরবরাহ করা হবে।

'e-munnetram' পোর্টাল

তামিলনাড়ুর মুখ্যমন্ত্রী এম কে স্ট্যালিন সূচনা করলেন 'e-munnetram' পোর্টালের। এই পোর্টালের মাধ্যমে রাজ্যের সমস্ত গুরুত্বপূর্ণ পরিকাঠামো প্রোজেক্টের অগ্রগতি পর্যালোচনা করা হবে।

Pradhan Mantri Ayushman Bharat Health Infrastructure Mission

২৫ অক্টোবর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী উত্তরপ্রদেশের বারাণসী থেকে সূচনা করলেন Pradhan Mantri Ayushman Bharat Health Infrastructure Mission-এর। সকলের জন্য সাশ্রয়ী এবং অ্যাক্সেসযোগ্য সামগ্রিক স্বাস্থ্যসেবা অর্জনের প্রচেষ্টার অংশ হিসাবে এই মিশন অনুষ্ঠিত হল।

'CUNSULT' অ্যাপ

২৫ অক্টোবর কেন্দ্রীয় সড়ক পরিবহণ ও হাইওয়েজ মন্ত্রী নীতিন গড়করি সূচনা করলেন বিশ্বের প্রথম তাৎক্ষণিক পরামর্শপ্রদানকারী অ্যাপ 'CUNSULT' এর। এই অ্যাপের মাধ্যমে ব্যক্তিরা ৬৫টি সেক্টরে বিশেষজ্ঞদের কাছ থেকে পরামর্শ পাবেন।

'Garuda App'

জাতীয় নির্বাচন কমিশনের তরফ থেকে সূচনা করা হল 'Garud App' এর। দ্রাঘিমাংশ এবং অক্ষাংশ ব্যবহার করে সমস্ত পোলিং বুথে ডিজিট্যাল ম্যাপিং এর উদ্দেশ্যে এই অ্যাপের সূচনা করা হল। এই অ্যা ব্যবহার করে নির্বাচনের কাজ দ্রুত এবং স্বচ্ছতার সঙ্গে সময়মত সম্প করা যাবে এবং সেই সঙ্গে কাগজে কাজের পরিমাণ হ্রাস হবে।

'Swasth Mahila, Swasth Goa' উদ্যোগ

প্রাক্তন ক্রিকেটার যুবরাজ সিং এর সংস্থা YouWeC Foundation, এসবিআই ফাউন্ডেশন এবং গোয়া রাজ্য সরকার এক সূচনা করলেন 'Swasth Mahila, Swasth Goa'। এই উদ্যো মাধ্যমে গোয়া মেডিক্যাল কলেজ এবং হসপিটালে বিনামূল্যে মহিলা স্তন ক্যান্সার স্ক্রিনিং বা পরীক্ষা করা হবে।

'SAMBHAV' প্রোগ্রাম

কেন্দ্রীয় ছোট, ক্ষুদ্র ও মাঝারি শিল্পোদ্যোগ মন্ত্রী নারায়ণ রানে সূচনা করলেন 'SAMBHAV' প্রোগ্রামের। ভারত গঠ উদ্যোক্তাদের ভূমিকাকে সম্মান জানাতে এই প্রোগ্রামের সূচনা করা হ এই প্রোগ্রামের অধীনে কলেজ এবং আইটিআই এর ছাত্রদের ১৩০ ছোট, ক্ষুদ্র ও মাঝারি শিল্পোদ্যোগ মন্ত্রকের অফিসারের মাধ্যমে উ করা হবে।

সম্প্রতি গুজরাটে শুরু হল 'গো গ্রিন' যোজনা

'Go Green' প্রকল্প

গুজরাটের মুখ্যমন্ত্রী ভূপেন্দ্র প্যাটেল সূচনা করলেন 'Go Green' প্রকল্পের। সেই সঙ্গে চালু করলেন 'Go Green' পোর্টালের। এই প্রকল্পের মাধ্যমে রাজ্যের নির্মাণ শিল্প ও কলকারখানার সঙ্গে যুক্ত শ্রমিকদের দুই চাকা বিশিষ্ট গাড়ি স্বল্প মূল্যে প্রদান করা হবে।

'Food Safety Connect' মোবাইল অ্যাপ

ফুড সেফটি অ্যান্ড স্ট্যান্ডার্ড অথরিটি অফ ইন্ডিয়ার তরফ থেকে সূচনা করা হল মোবাইল অ্যাপ 'Food Safety Connect' এর। এই অ্যাপের মাধ্যমে খাদ্য বাণিজ্যের জন্য নথিভুক্ত হওয়া যাবে এবং লাইসেন্স প্রদান করা হবে।

'Illam Thedi Kalvi' প্রকল্প

তামিলনাড়ুর মুখ্যমন্ত্রী এম কে স্ট্যালিন ভিল্লুপুরম জেলার মুদালিয়ারকুপ্পমে সূচনা করলেন 'Illam Thedi Kalvi' প্রকল্পের যার অর্থ হল 'শিক্ষা তোমার দরজায়'। সমস্ত স্তরে শিক্ষার প্রচার এবং সমাজের সব স্তরের মানুয়ের স্কুল থেকে বিশ্ববিদ্যালয়ে শিক্ষা গ্রহণের অধিকারকে প্রচারের উদ্দেশ্যে এই প্রকল্পের সূচনা করা হল।

'FIFA Football for School Programme'

২৭ অক্টোবর ওড়িশার মুখ্যমন্ত্রী নবীন পট্টনায়ক সূচনা করলেন বিশ্বের প্রথম 'FIFA Football for School Programme' এর। ভুবনেশ্বরের কলিঙ্গ ইনস্টিটিউট অফ সোশ্যাল সায়েন্সে ভার্চুয়ালি এই প্রোগ্রামের সূচনা করা হল। এই প্রোগ্রামের মূল উদ্দেশ্য হল ফুটবল ও শিক্ষাকে একত্র করা এবং তৃণমূল স্তরে ছাত্রদের ফুটবল প্রশিক্ষণ প্রদান করা।

'Paryavaran Sathi Chatbot' এবং ওয়েবসাইট এবং 'Parent Sambad' প্রোগ্রাম

দিল্লির পরিবেশ মন্ত্রী গোপাল রাই সূচনা করলেন 'Paryavaran Sathi Chatbot' এবং ওয়েবসাইটের। দূষণের বিরুদ্ধে লড়াইয়ে অংশগ্রহণকারী মানুষকে সম্মান জানাতে এই ওয়েবসাইট এবং চ্যাটবট চালু করা হল। ইউনিসেফের Yuwaah এর সহযোগীতায় এই চ্যাটবট নির্মাণ করা হয়েছে। অন্যদিকে, দিল্লির উপমুখ্যমন্ত্রী মনীশ সিসোদিয়া সূচনা করলেন 'Parent Sambad' প্রোগ্রামের। এই প্রোগ্রামের মূল উদ্দেশ্য হল স্কুল ছাত্রছাত্রীদের অভিভাবকদের সঙ্গে সরাসরি যোগাযোগ স্থাপন করা।

'Samudrayan' মিশন

২৯ অক্টোবর কেন্দ্রীয় ভু-বিজ্ঞান মন্ত্রী সূচনা করলেন ভারতের প্রথম মানবযুক্ত সামুদ্রিক মিশন 'Samudrayan' এর। তামিলনাড়ুর চেন্নাইয়ের ন্যাশনাল ইনস্টিটিউট অফ ওসেন্স টেকনোলজি থেকে এই মিশনের সূচনা করলেন তিনি। মার্কিন যুক্তরাষ্ট্র, রাশিয়া, জাপান, ফ্রান্স এবং চীনের পর ভারত এমন দেশ হল যা সমুদ্রের গভীরে মিশন কার্যকর করল।

'Mukhyamantri Awasiya Bhu-Dhikar Yojana'

মধ্যপ্রদেশ সরকারের তরফ থেকে সূচনা করা হল 'Mukhyamantri Awasiya Bhu-Dhikar Yojana' এর। এই প্রকল্পের অধীনে, সেই সমস্ত পরিবারকে জমি প্রদান করা হবে যাদের নিজস্ব কোনো জমি নেই গৃহ নির্মাণের জন্য। গৃহনির্মাণ করা হবে প্রধানমন্ত্রী আবাস যোজনার অধীনে।

'Dairy Sahakar' প্রকল্প

৩১ অক্টোবর কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ সূচনা করলেন 'Dairy Sahakar' প্রকল্পের। AMUL এর ৭৫তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষ্যে গুজরাটের আনন্দ থেকে এই প্রকল্পের সূচনা করলেন তিনি। কৃষকদের আয় দ্বিগুণ করতে এবং আত্মনির্ভর ভারত গঠনের উদ্দেশ্যে তিনি এই প্রকল্পের সূচনা করলেন।

'Empowerment of Women through Legal Awareness' প্রোগ্রাম

উত্তরপ্রদেশের বারণসী থেকে জাতীয় মহিলা কমিশন এবং ন্যাশনাল লিগ্যাল সার্ভিস অথরিটি যৌথ উদ্যোগে সূচনা করলেন 'Empowerment of Women through Legal Awareness' প্রোগ্রামের। এটি একটি আইনি সচেতনতা প্রোগ্রাম।

'Climate Equity Monitor' অনলাইন ড্যাশবোর্ড

কেন্দ্রীয় পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রকের তরফ থেকে সূচনা করা হল অনলাইন ড্যাশবোর্ড 'Climate Equity Monitor' এর। ব্রিটিশ যুক্তরাজ্যের গ্লাসগোয় অনুষ্ঠিত ইউনাইটেড নেশনস ক্লাইমেট চেঞ্জ কনফারেন্স COP26 এ ড্যাশবোর্ডের সূচনা করলেন তিনি। জলবায়ু বিষয়ে সমতা নিঃসরণে অসমতা এবং শক্তি ও সম্পদ ক্ষেত্রে ব্যয়ের মূল্যায়নের উদ্দেশ্যে এই অনলাইন ড্যাশবোর্ডের সূচনা করা হল।

'e-Sarkar app'

৩১ অক্টোবর গুজরাট সরকারের তরফ থেকে সূচনা করা হল 'e-Sarkar app' এর। পাইলট বেসিসে প্রশাসনিক কাজকর্ম কাগজবিহীন করতে এবং নাগরিকদের জন্য পরিষেবা দ্রুত ও সহজতর করতে এই অ্যাপের সূচনা করা হল।

'Uttam Beej Portal'

হরিয়ানার মুখ্যমন্ত্রী মনোহরলাল খট্টর সূচনা করলেন 'Uttam Beej Portal' এর। এই পোর্টালের মাধ্যমে কৃষকদের উন্নতমানের বীজ স্বচ্ছতার সঙ্গে প্রদান করা হবে। এই পোর্টালটি বীজ উৎপাদন প্রোগ্রামকে স্বচ্ছতা প্রদান করবে।

'Whistle Blower' পোর্টাল

কেন্দ্রীয় নতুন ও পুনর্নবীকরণযোগ্য শক্তি মন্ত্রকের অধীনস্থ ইন্ডিয়ান রিনিউবেল এনার্জি ডেভেলপমেন্ট এজেন্সি লিমিটেডের তরফ থেকে সূচনা

স্টেট এনার্জি এফিসিয়েন্সি ইনডেক্স ২০২০ অনুযায়ী শীর্ষে রয়েছে কর্ণাটক

করা হল 'Whistle Blower' পোর্টালের। ২৬ অক্টোবর থেকে ১ নভেম্বর পর্যন্ত পালিত হওয়া ভিজিল্যান্স অ্যাওয়ারনেস উইকের অংশ হিসাবে এই পোর্টাল চালু করা হল। এই পোর্টালের মাধ্যমে ইন্ডিয়ান রিনিউবেল এনার্জি ডেভেলপমেন্ট এজেন্সি লিমিটেডের কর্মচারিরা জালিয়াতি, দুর্নীতি, শক্তির অপব্যায় প্রভৃতি বিষয়ে অভিযোগ জানাতে পারবে।

'Bhasha Sangam Initiative', Bhasha Sangam Mobile App' এবং 'EK Bharat Shreshtha Bharat Quiz App'

কেন্দ্রীয় শিক্ষা এবং কৌশল বিকাশ মন্ত্রী ধর্মেন্দ্র প্রধান সূচনা করলেন 'Bhasha Sangam Initiative', Bhasha Sangam Mobile App' এবং 'EK Bharat Shreshtha Bharat Quiz App' এর। স্কুল ছাত্রছাত্রীদের জন্য এগুলির সূচনা করা হল। ভাষাগত বৈচিত্র বাড়ানো, জাতীয় শিক্ষার নীতি অনুযায়ী ছাত্রদের মাতৃভাষা ব্যতিত অন্যান্য ভারতীয় ভাষার দক্ষতা অর্জনে সহায়তা প্রদানের উদ্দেশ্যে এগুলির সূচনা করা হল।

'Ayushman CAPF' প্রকল্প

২ নভেম্বর কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সহযোগ মন্ত্রী অমিত শাহ সেন্ট্রাল আর্মড পুলিশ ফোর্স কর্মিবৃন্দদের জন্য সূচনা করলেন 'Ayushman CAPF' প্রকল্পের। এই প্রকল্পের মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রকের অধীনস্থ সেন্ট্রাল আর্মড পুলিশ ফোর্সের সাতটি সংগঠন যথা- অসম রাইফেল, বিএসএফ, সিআরপিএফ এবং ইন্দো-টিবেট বর্ডার পুলিশ, এনএসজি এবং সশস্ত্র সীমাবলের কর্মিবৃন্দ এবং তাদের পরিবারের সদস্যারা স্বাস্থ্য পরিষেবার সুবিধা পাবেন।

'Har Ghar Dastak' অভিযান

কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মনসুখ মাণ্ডবা সূচনা করলেন 'Har Ghar Dastak' অভিযানের। এই অভিযানের মূল উদ্দেশ্য হল ভারত জুড়ে কোভিড-১৯ টীকাকরণের গতি বৃদ্ধি করা এবং মানুষের বাড়ি বাড়ি গিয়ে টীকাকরণ করা।

'Janasevaka' প্রকল্প এবং 'Janaspandana' সিস্টেম

কর্ণাটকের মুখ্যমন্ত্রী বিএস বোম্বাই সূচনা করলেন 'Janasevaka' প্রকল্পের। সরকারি পরিষেবা রাজ্যের প্রতিটি মানুষের দুয়ারে পৌছে দেওয়ার উদ্দেশ্যে এই প্রকল্পের সূচনা করা হল। অন্যদিকে, 'Janaspandana' হল এক ধরনের ইনট্রিগ্রেটেড জন অভিযোগ নিষ্পত্তিকরণ সিস্টেম। এই সিস্টেমের মাধ্যমে রাজ্যের বাসিন্দারা সরকারি প্রকল্প বা পরিষেবা সংক্রান্ত অভিযোগ জানাতে পারবে।

'Mukhyamantri Ghasiyari Kalyan Yojana'

উত্তরাখণ্ডের দেরাদুনে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ সূচনা করলেন 'Mukhyamantri Ghasiyari Kalyan Yojana' এর। এই প্রকল্পের মাধ্যমে গবাদি পশুর মালিকদের পুষ্টিযুক্ত পশুখাদ্য ২৫-৩০ কেজি সরবরাহ করা হবে প্রতি কেজি ২ টাকা দরে। পশু খাদ্যের ওপর ৩০ শতাংশ ভর্তুকি সরকার বহন করবে।

'Punjab Tissue Culture Based Seed Potato Rules-2021'

৭ নভেম্বর পাঞ্জাবের মুখ্যমন্ত্রী চরণজিত সিং চান্নির নেতৃত্বা ক্যাবিনেট অনুমিত প্রদান করল 'Punjab Tissue Culture Bas Seed Potato Rules-2021' এর। পাঞ্জাবকে উপযুক্ত আলু বী কেন্দ্রে পরিণত করতে এই আইন পাশ করা হল। এর ফলস্বরূপ পাঞ্জ দেশের প্রথম রাজ্য হল যা টিসু কালচার ভিত্তিক শংসাপত্রের সুবি লাভ করল। পাঞ্জাবের জলন্ধর-কাপুরথালা বেল্টকে আলু হাবে পরি করা হবে।

'DBT-Star Collage Mentorship Programme'

৮ নভেম্বর কেন্দ্রীয় বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী জিতেন্দ্র সিং স করলেন 'DBT-Star College Mentorship Programme' ভারতীয় স্বাধীনতা ৭৫ বছর পূর্তি উপলক্ষ্যে এই প্রোগ্রামের সূচনা হল। তরুণ উদ্ভাবকদের জন্য দেশে প্রথম এই ধরনের মেন্টর প্রোগ্রামের সূচনা করা হল।

'শ্রমিক মিত্র' প্রকল্প

দিল্লি সরকারের তরফ থেকে সূচনা করা হল 'শ্রমিক মিত্র' প্রক নির্মাণ কার্যের সঙ্গে যুক্ত শ্রমিকদের জন্য এই প্রকল্প চালু করা হল প্রকল্পের অধীনে ৮০০ জন 'শ্রমিক মিত্র' নির্মাণ কার্যের সঙ্গে শ্রমিকদের সঙ্গে দেখা করবেন এবং বিভিন্ন সরকারি প্রকল্পের বি জনসচেতনতা বৃদ্ধি করবে।

ই-গভর্ন্যান্স পোর্টাল 'e-GCA'

কেন্দ্রীয় অসামরিক বিমান পরিবহণ মন্ত্রী জ্যোতিরাদিত্য সি সূচনা করলেন ই-গভর্ন্যান্স পোর্টাল 'e-GCA' এর। এটি ভা অ্যাভিয়েশন সেক্টরের জন্য একটি একক উইন্ডো প্ল্যাটফর্ম যার ম নেটওয়ার্কে দক্ষতা ও স্বচ্ছতা আনা হবে। এই পোর্টালের ম ডিরেক্টরেট জেনারেল অফ সিভিল অ্যাভিয়েশনের তরফ থেকে পরিষেবা প্রদান করা হবে।

'Mathrubhumi' Yojana'

উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথের নেতৃত্বাধীন ক্যা অনুমতি প্রদান করল 'Mathrubhumi' Yojana' কার্যকর করার যোজনার মূল উদ্দেশ্য হল রাজ্যের যেকোনো গ্রামের উন্নতির কোনো ব্যক্তি বা বেসরকারি সংস্থার অবদানকে সাহায্য করা। এই উ উত্তরপ্রদেশ সরকারের তরফ থেকে স্থাপন করা হবে 'Uttar Pra Mathrubhumi Society'।

'Rakshak' প্রোগ্রাম

১০ নভেম্বর ওডিশার মুখ্যমন্ত্রী নবীন পট্টনায়ক সূচনা কর 'Rakshak' প্রোগ্রামের। এটি এক ধরনের সড়ক সুরক্ষা প্রোগ্রাম। ভ প্রথম এই ধরনের প্রোগ্রামের সূচনা হল। এই প্রোগ্রামের অ

সম্প্রতি প্রকাশিত 'এইমস মে এক জং লড়তে হুয়ে' বইটি লিখেছেন রমেশ পোখরিয়াল

৩০,০০০ জন স্বেচ্ছাসেবক রাজ্যের বিভিন্ন দুর্ঘটনাপ্রবণ অঞ্চলে থাকবেন এবং তাদের প্রথম প্রতিক্রিয়াকারী হিসাবে প্রশিক্ষণ প্রদান করা হবে।

'Azadi Ka Amrit Mahotsav' মোবাইল অ্যাপ

১২ নভেম্বর কেন্দ্রীয় সাংস্কৃতিক ও বিদেশ প্রতিমন্ত্রী মিনাক্ষী লেখি সূচনা করলেন 'Azadi Ka Amrit Mahotsav' মোবাইল অ্যাপের। এর মাধ্যমে ভারতের স্বাধীনতার ৭৫তম বার্ষিকী উদযাপনের সমস্ত তথ্য জানা যাবে।

'Citizens Tele-Law Mobile App'

১৩ নভেম্বর কেন্দ্রীয় আইন মন্ত্রী কিরণ রিজিজু সূচনা করলেন- 'Citizens Tele-Law Mobile App' এর। এই অ্যাপের মাধ্যমে নাগরিকরা প্রাক মামলা মোকাদ্দমা সংক্রান্ত সমস্ত ধরনের তথ্য এবং সময় মতো অভিযোগ জানাতে পারবে।

'Niramay Gujarat Yojana' স্বাস্থ্যসেবা প্রকল্প

১২ নভেম্বর গুজরাটের মুখ্যমন্ত্রী ভূপেন্দ্র প্যাটেল সূচনা করলেন স্বাস্থ্যসেবা প্রকল্প 'Niramay Gujarat Yojana' এর। ৩০ বছরের বেশি বয়সী নাগরিকদের অসংক্রামক ব্যাধি থেকে রক্ষা করার উদ্দেশ্যে এই প্রকল্পের সূচনা করা হল।

'Ration Aapke Gram' প্রকল্প এবং 'Sickle Cell Mission'

১৫ নভেম্বর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মধ্যপ্রদেশে সূচনা করলেন 'Ration Aapke Gram' প্রকল্প এবং 'Sickle Cell Mission' এর। 'Ration Aapke Gram' প্রকল্পের মাধ্যমে জনজাতি গোষ্ঠীর সুবিধাভোগীদের গ্রামে একমাসের রেশন পৌঁছে দেওয়া হবে। অন্যদিকে, 'Sickle Cell Mission' এর মাধ্যমে সিকেল সেল অ্যানিমিয়া, থ্যালাসেমিয়া এবং হিমোগ্লোবিনোপ্যাটিস প্রভৃতি রোগে আক্রান্ত ব্যক্তিদের চিকিৎসা করা হবে এবং এই সমস্ত রোগ সম্পর্কে জনসচেতনতা গড়ে তোলা হবে।

'Nationwide AHDF KCC Campaign'

কেন্দ্রীয় মৎস্যচাষ, পশুপালন, দুগ্ধজাত মন্ত্রী পুরুষোত্তম রুপালা সূচনা করলেন 'Nationwide AHDF (Animal Husbandry, Dairying, and Fisheries) KCC Campaign এর। ভারতের সমস্ত ধরনের মৎস্যচাষি, দুগ্ধচাষি এবং পশুপালনকারীদের কিষাণ ক্রেডিট কার্ডের সুবিধা প্রদানের জন্য এই অভিযানের সূচনা করা হল।

'Punjab Career Portal'

পাঞ্জাবের শিক্ষামন্ত্রী পরগত সিং সূচনা করলেন 'Punjab Career Portal' এর। পাঞ্জাবের স্কুল ও কলেজ ছাত্রদের পেশাগত কর্মজীবন নির্দেশিকা প্রদানের উদ্দেশ্যে এই পোর্টাল চালু হল।

'Mukhya Mantri Udyam Kranti Yojana'

১৬ নভেম্বর মধ্যপ্রদেশের মুখ্যমন্ত্রী শিবরাজং সিং চৌহানের নেতৃত্বাধীন ক্যাবিনেট অনুমতি প্রদান করল 'Mukhya Mantri Udyam Kranti Yojana' কার্যকর করার। এই যোজনার মূল উদ্দেশ্য হল রাজ্যের শিক্ষিত যুবকদের স্বনির্ভরতার জন্য তাদের সঙ্গে যোগাযোগ রাখা। ১৮-৪০ বছর বয়সী যুবকরা ন্যূনতম দ্বাদশ শ্রেণি পাস করে থাকলে এই যোজনার সুবিধা পাবে।

'Bhumi Samvaad' প্রোগ্রাম এবং 'NGDRS' পোর্টাল

কেন্দ্রীয় গ্রামোন্নয়ন এবং পঞ্চায়েতিরাজ মন্ত্রী গিরিরাজ সিং সূচনা করলেন 'Bhumi Samvaad' প্রোগ্রাম এবং 'NGDRS' পোর্টালের। 'Bhumi Samvaad' হল ডিজিটাল ইন্ডিয়া ল্যান্ড রেকর্ড মর্ডানাইজেশন প্রোগ্রামের একটি জাতীয় ওয়ার্কশপ যা নতুন দিল্লির ইন্ডিয়ান হ্যাবিটেট সেন্টারে উদযাপিত হল। 'NGDRS' পোর্টাল হল National Generic Document Registration System পোর্টাল যা জমির দলিল রেকর্ড যাচাইকে ডিজিটাল করে রাখবে এবং এটির নির্মাণ করেছে ন্যাশনাল ইনফরমেটিক্স সেন্টার।

'Special Credit Linked Capital Subsidy Scheme'

১৯ নভেম্বর কেন্দ্রীয় ক্ষুদ্র, ছোট এবং মাঝারি উদ্যোগ মন্ত্রী নারায়ণ টুটু রানে সূচনা করলেন 'Special Credit Linked Capital Subsidy Scheme'। উত্তর-পূর্ব অঞ্চলে উৎপাদনের পরিমাণ বৃদ্ধি করতে এই প্রকল্প চালু করা হল।

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক (RBI) নির্ধারিত রেটসমূহ (25.11.2021 অনুযায়ী)

ক্রম	রেট/রিজার্ভ রেসিও	শতকরা (%)	কার্যকর হয়
1.	ব্যাঙ্ক রেট	4.25%	22 মে, 2020
2.	রেপো রেট	4.00%	22 মে, 2020
3.	রিভার্স রেপো রেট	3.35%	22 মে, 2020
4.	ক্যাশ রিজার্ভ রেসিও (CRR) রেট	4.00%	04 জুন, 2021
5.	স্ট্যাটুটরি লিকুইডিটি রেসিও (SLR) রেট	18.00%	22 মে, 2020
6.	মার্জিনাল স্ট্যান্ডিং ফেসিলিটি (MSF) রেট	4.25%	22 মে, 2020

সম্প্রতি ইন্ডিয়া গ্রিন এনার্জি অ্যাওয়ার্ড ২০২০ পেল টি ভি এস মোটর কোম্পানি

গুরুত্বপূর্ণ দিবস/সপ্তাহ

২৩ অক্টোবর : ইন্টারন্যাশনাল স্নো লেপার্ড ডে

২৩ অক্টোবর সারা বিশ্বজুড়ে পালিত হল ইন্টারন্যাশনাল স্নো লেপার্ড ডে। তুষার চিতা সংরক্ষণের বিষয়ে জনসচেতনতা গড়ে তুলতে এই দিবস পালিত হল। ২০১৪ সালে প্রথমবার এই দিবস পালন করা হয়েছিল।

২৩ অক্টোবর : মোল ডে

২৩ অক্টোবর সারা বিশ্বজুড়ে পালিত হল মোল ডে। অ্যাভোগ্রাডো সংখ্যা 6.02×10^{23} mol^{-1} কে সম্মান জানাতে এই দিবস পালিত হল। ২৩ অক্টোবর সকাল 6:02 থেকে সন্ধ্যা 6.02 পর্যন্ত এই দিবস উদযাপন করা হল তারিখকে 6:02 10/23 হিসাবে তৈরি করে।

২৪ অক্টোবর : ইউনাইটেড নেশনস ডে

২৪ অক্টোবর সারা বিশ্বজুড়ে পালিত হল ইউনাইটেড নেশনস ডে। ১৯৪৫ সালের এই দিনেই প্রতিষ্ঠিত হয়েছিল ইউনাইটেড নেশনস। সেই প্রতিষ্ঠাকে স্মরণীয় করে রাখতে প্রতি বছর এই দিবস পালন করা হয়ে থাকে। এই বছর ইউনাইটেড নেশনস প্রতিষ্ঠার ৭৬তম বার্ষিকী পালিত হল।

২৪ অক্টোবর : ওয়ার্ল্ড পোলিও ডে

২৪ অক্টোবর সারা বিশ্বজুড়ে পালিত হল ওয়ার্ল্ড পোলিও ডে। বিশ্বব্যাপী পোলিও রোগ দূরীকরণে জনসচেতনতা গড়ে তুলতে এই দিবস পালন করা হয়ে থাকে পোলিও একটি ভাইরাসঘটিত যোগ যার দ্বারা ৫ বছর বয়সি বাচ্চারা আক্রান্ত হয় এবং পঙ্গু হয়ে যায়। সফল পোলিও ভ্যাকসিন আবিষ্কারক জোনাস সাল্কের জন্মবার্ষিকী উপলক্ষ্যে এই দিবস পালন করা হয়ে থাকে। এই দিবসের এই বছরের থিম– 'One Day. One Focus : Ending Polio-delivering on our promise of a polio-free world!'।

২৪ অক্টোবর : ওয়ার্ল্ড ডেভেলপমেন্ট ইনফর্মেশন ডে

২৪ অক্টোবর ইউনাইটেড নেশনসের তরফ থেকে সারা বিশ্বজুড়ে পালিত হল ওয়ার্ল্ড ডেভেলপমেন্ট ইনফর্মেশন ডে। তথ্য প্রচার, জনমত সংগ্রহ এবং বৃদ্ধি ও উন্নতির উদ্দেশ্যে আন্তর্জাতিক সহযোগিতা ক্ষেত্রে জনসচেতনতা বৃদ্ধির উদ্দেশ্যে এই দিবস পালিত হল।

২৪ অক্টোবর : ইন্টারন্যাশনাল ডে অফ ডিপ্লোম্যাট

২৪ অক্টোবর সারা বিশ্বজুড়ে পালিত হল ইন্টারন্যাশনাল ডে অফ ডিপ্লোম্যাট। বিশ্বকে সুন্দরভাবে গড়ে তোলার জন্য কূটনীতিকদের অবদানকে স্বীকৃতি জানাতে এই দিবস পালন করা হল। এই বছর এই দিবসের পঞ্চম সংস্করণ পালিত হল।

২৪ অক্টোবর : ইন্দো-টিবেটান বর্ডার পুলিশ রেজিং ডে

২৪ অক্টোবর সারা দেশজুড়ে পালিত হল ইন্দো-টিবেটান বর্ডার পুলিশ রেজিং ডে। কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের অধিনস্থ ইন্দো-টিবেটান বর্ডার পুলিশ হল অন্যতম সীমান্ত রক্ষী বাহিনী। ১৯৬২ সালে ভারত-চীন যুদ্ধের সময় এই দিনেই ইন্দো-টিবেটান বর্ডার পুলিশ গঠন করা হয়েছিল। এই বছর ইন্দো-টিবেটান বর্ডার পুলিশ স্থাপনের ৬০তম বার্ষিকী পালিত হল।

২৪-৩০ অক্টোবর : ডিসআর্মামেন্ট উইক

২৪-৩০ অক্টোবর ইউনাইটেড নেশনসের তরফ থেকে সারা বিশ্বজুড়ে পালিত হল ডিসআর্মামেন্ট উইক। নিরস্ত্রীকরণের বিষয়ে বিশ্বব্যাপী জনসচেতনতা গড়ে তুলতে এই সপ্তাহ পালিত হল। এই সপ্তাহ পালনের মূল উদ্দেশ্য হল অস্ত্রের ব্যবহার কমানো এবং শান্তি প্রতিষ্ঠা করা।

২৪-৩১ অক্টোবর : গ্লোবাল মিডিয়া অ্যান্ড ইনফর্মেশন লিটারেসি উইক

২৪-৩১ অক্টোবর ইউনাইটেড নেশনসের তরফ থেকে সারা বিশ্বজুড়ে পালিত হল গ্লোবাল মিডিয়া অ্যান্ড ইনফর্মেশন লিটারেসি উইক। সকলের জন্য মিডিয়া এবং তথ্য সাক্ষরতার প্রচারের উদ্দেশ্যে এই সপ্তাহ পালিত হল। এই সপ্তাহ উদযাপনের জন্য এই বছর আয়োজক হল দক্ষিণ আফ্রিকা এবং সহআয়োজক হল ইউনেস্কো। সপ্তাহের এবছরের থিম হল 'Media and Information Literacy for the Public Good'।

২৬ অক্টোবর–১ নভেম্বর : ভিজিলেন্স অ্যাওয়ারনেস উইক

২৬ অক্টোবর থেকে ১ নভেম্বর সারা দেশজুড়ে পালিত হল ভিজিলেন্স অ্যাওয়ারনেস উইক। প্রতি বছর সর্দার বল্লবভাই প্যাটেলের জন্মদিন যে সপ্তাহে পালিত হয় সেই সপ্তাহে এই সপ্তাহ পালিত হয়ে থাকে। সরকারি কর্মচারিদের মধ্যে জবাবদিহিতা, অখণ্ডতা ও স্বচ্ছতা প্রচার এবং দুর্নীতি দূরকীরণের জনসচেতনতা গড়ে তুলতে এই সপ্তাহ পালিত হল। এই সপ্তাহের এবছরের থিম– 'Independent India @ 75 : Self Reliance with Integrity'।

২৬ অক্টোবর : জম্মু অ্যান্ড কাশ্মীর অ্যাক্সেশন ডে

২৬ অক্টোবর সারা দেশজুড়ে পালিত হল জম্মু অ্যান্ড কাশ্মীর অ্যাক্সেশন ডে। ১৯৪৭ সালের এই দিনেই কাশ্মীরের শেষ ডোগরা মহারাজা হরি সিং ইনস্ট্রুমেন্ট অফ অ্যাক্সেশনে স্বাক্ষর করেছিলেন। ফলস্বরূপ জম্মু ও কাশ্মীরে ভারতের অন্তর্ভুক্ত হয়েছিল। এই ঘটনাকে স্মরণীয় করে রাখতে এই দিবস পালিত হল। এই বছর এই দিবসের ৭৪তম বার্ষিকী পালিত হল।

It's Greek to me *Means* **: Something that is not understandable**

২৬ অক্টোবর : ইন্ডিয়া সুইডেন ইনোভেশন ডে

২৬ অক্টোবর সারা বিশ্বজুড়ে পালিত হল ইন্ডিয়া সুইডেন ইনোভেশন ডে। এই দিবস পালনের মূল উদ্দেশ্য হল জলবায়ু পরিবর্তনের বিভিন্ন দিক এবং সবুজ রূপান্তর সক্ষম করার সম্ভাব্য সমাধানগুলির উপর ফোকাস করা। এই বছর এই দিবসের অষ্টম সংস্করণ পালিত হল। এই দিবসের এবছরের থিম হল– 'Accelerating India Sweden's Green Transition'।

২৭ অক্টোবর : ওয়ার্ল্ড ডে ফর অডিওভিস্যুয়াল হেরিটেজ

২৭ অক্টোবর সারা বিশ্বজুড়ে পালিত হল ওয়ার্ল্ড ডে ফর অডিওভিস্যুয়াল হেরিটেজ। এই দিবস উপলক্ষ্যে অডিওভিস্যুয়াল সংরক্ষণকারী পেশাদারদের সম্মান প্রদর্শন করা হয় যারা আমাদের ভবিষ্যত প্রজন্মের জন্য ঐতিহ্যকে রক্ষা ও সংরক্ষণ করে রাখছে। এছাড়া এই দিবস উপলক্ষ্যে অডিওভিস্যুয়াল ডকুমেন্টের গুরুত্ব ও তার সংরক্ষণের বিষয়ে জনসচেতনতা গড়ে তোলা হয়। এই দিবসের এবছরের থিম– 'Your window to the World'।

২৭ অক্টোবর : ওয়ার্ল্ড অকুপেশনাল থেরাপি ডে

২৭ অক্টোবর সারা বিশ্বজুড়ে পালিত হল ওয়ার্ল্ড অকুপেশনাল থেরাপি ডে। পেশাগত থেরাপিস্ট এবং তার বিশ্বব্যাপী প্রভাব সম্পর্কে জনসচেতনতা গড়ে তুলতে এই দিস পালিত হল। এই দিবসের এবছরের থিম– 'Belong Be You'।

২৭ অক্টোবর : ইনফ্র্যান্ট্রি ডে

২৭ অক্টোবর সারা বিশ্বজুড়ে পালিত হল ইনফ্র্যান্ট্রি ডে। স্বাধীন ভারতের প্রথম সামরিক অভিযানকে স্মরণীয় করে রাখতে এই দিবস পালন করা হল। ১৯৪৭ সালের এই দিনেই কাশ্মীর উপত্যকা থেকে পাকিস্তানি অনুপ্রবেশকারীদের বিরুদ্ধে অভিযান করেছিল ভারতীয় সেনা।

২৮ অক্টোবর : ইন্টারন্যাশনাল অ্যানিমেশন ডে

২৮ অক্টোবর সারা বিশ্বজুড়ে পালিত হল ইন্টারন্যাশনাল অ্যানিমেশন ডে। ১৮৯২ সালের এই দিনেই ফ্রান্সের রাজধানী প্যারিসের রেনার্ড থিয়েটার অবটিকে প্রথমবার চলমান ছবির প্রদর্শনী অনুষ্ঠিত হয়েছিল। এই ঘটনাকে স্মরণীয় করে রাখতে এই দিবস পালিত হল।

২৯ অক্টোবর : ইন্টারন্যাশনাল ইন্টারনেট ডে

২৯ অক্টোবর সারা বিশ্বজুড়ে পালিত হল ইন্টারন্যাশনাল ইন্টারনেট ডে। টেলিযোগাযোগ এবং প্রযুক্তির অগ্রগতির ইতিহাসকে সম্মান জানাতে এই দিবস পালিত হল। এই দিনেই ARPANET প্রযুক্তির মাধ্যমে একটি কম্পিউটার থেকে অপর কম্পিউটারে বৈদ্যুতিন ম্যাসেজ পাঠানো সম্ভবপর হয়েছিল।

২৯ অক্টোবর : ওয়ার্ল্ড স্ট্রোক ডে

২৯ অক্টোবর সারা বিশ্বজুড়ে পালিত হল ওয়ার্ল্ড স্ট্রোক ডে। স্ট্রোকের গুরুতর প্রকৃতি এবং উচ্চহার বিষয়ে জনসচেতনতা গড়ে তুলতে ও স্ট্রোক রোধ ও চিকিৎসার ওপর গুরুত্ব প্রদান করতে এই দিবস পালন করা হল।

জিএসসিইতে সাফল্যই শেষ কথা বলে

GOPAL SARKAR

WBCS, Gr-A, Executive

অদম্য জেদ ও ইচ্ছাশক্তির নিকট ব্যর্থতা সর্বদা পরাজিত। সঠিক লক্ষ্য ও তাকে ভেদ করার নিখুঁত নিশানা কখনোই নিরাশাজনক নয়, বরং অতিক্রমায় সময়ের হাত ধরে একদিন সুমিষ্ট ফল প্রদান করে। তাইতো পথে পথে আসবে দুঃসময়, ঝড়, ঝঞ্ঝার পরাক্রমকে বীরত্বের সহিত মোকাবেলা করে তীরে পৌঁছানোর নামই সাফল্য। বেকারত্বের সাথে পাল্লা দিয়ে সরকারি চাকরি পাওয়ার প্রতিযোগিতাও দিন দিন কঠিনতর হয়ে উঠছে। এহেন সময়ে গতানুগতিক প্রবাহ থেকে নিজেকে পৃথক প্রমাণপূর্বক নিজের নাম চূড়ান্ত তালিকাভুক্ত করা অত্যন্ত শ্রমসাধ্য ও সঠিক প্রস্তুতি-প্রসূত বলে পরিগণিত হবে। GSCE, চাকরির পরীক্ষার প্রস্তুতির চড়াই-উতরাই পথযাত্রার সাথিকে ত্বরান্বিত করে চলেছে অবিরত। GSCE, প্রদত্ত আধুনিক শিক্ষা ও পথপ্রদর্শন হাজারো চাকরিপ্রার্থীদের জীবনের সঠিক দিশা খুঁজে দিয়ে চলেছে অনুক্ষণ।

Gopal Sarkar
Ranaghat
23.09.2021.

GOPAL SARKAR qualified in :

1. Assistant Teacher (Primary), 2013
   Roll No. 080203115
2. Assistant Sub-Inspector of Excise, 2014
   Roll No. 130020536
3. Panchayat Development Officer, WBCS-2018
   Roll No. 1500956
4. Promoted to SI of Excise, 2019
5. Motor Vehicles Inspector, 2019
   Roll No. 0022971
6. NET Qualified (Assistant Professor), 2019
   Roll No. WB11506544
7. WBCS Executive, 2019
   Roll No. 1804569

৩১ অক্টোবর : ওয়ার্ল্ড সিটিজ ডে

৩১ অক্টোবর সারা বিশ্বজুড়ে পালিত হল ওয়ার্ল্ড সিটিজ ডে বিশ্বের বিভিন্ন শহরের মধ্যে যোগাযোগ স্থাপন, নগরায়নের মাধ্যমে গোষ্ঠী স্বার্থের গুরুত্ব তুলে ধরা এবং নগরায়নের জন্য বিশ্বের দেশগুলির মধ্যে সহযোগিতা বৃদ্ধির প্রচারের উদ্দেশ্যে এই দিবস পালিত হল। এ দিবসের এবছরের থিম– 'Adapting Cities for Climat Resilience'।

৩১ অক্টোবর : ন্যাশনাল ইউনিটি ডে

৩১ অক্টোবর সারা বিশ্বজুড়ে পালিত হল ন্যাশনাল ইউনিটি ডে স্বাধীন ভারতের প্রথম উপপ্রধানমন্ত্রী তথা প্রথম স্বরাষ্ট্র মন্ত্রী সর্দার বল্লবভা প্যাটেলের জন্মবার্ষিকী উদযাপনের মাধ্যমে এই দিবস পালিত হল। এটি রাষ্ট্রীয় একতা দিবস নামেও পরিচিত।

৩১ অক্টোবর : ওয়ার্ল্ড থ্রিফট ডে

৩১ অক্টোবর সারা বিশ্বজুড়ে পালিত হল ওয়ার্ল্ড থ্রিফট ডে। অ সঞ্চয়ের গুরুত্ব বিশ্বের সকল মানুষের সামনে তুলে ধরার উদ্দেশ্যে এ দিবস পালিত হল। ভারতে এই দিবস ৩০ অক্টোবর পালিত হল।

১ নভেম্বর : ওয়ার্ল্ড ভেগান ডে

১ নভেম্বর সারা বিশ্বজুড়ে পালিত হল ওয়ার্ল্ড ভেগান ডে। পরিবে এবং মানব স্বাস্থ্যের সুবিধার্থে ভেগান জীবনধারা বজায় রাখতে বিশে সর্বস্তরের মানুষকে উৎসাহিত করতে এই দিবস পালন করা হল।

১ নভেম্বর : ইনফর্মেশন অ্যান্ড পাবলিক রিলেশন

১ নভেম্বর মণিপুরের ইম্ফলে ডিরেক্টরেট অফ ইনফর্মেশন অ্য পাবলিক রিলেশন অডিটরিয়ামে অনুষ্ঠিত হল ইনফর্মেশন অ্যান্ড পাবলি রিলেশন ডে। ১৯৪৯ সালের এই দিনেই মণিপুর রাজ্য সরকারের প্র অফিস স্থাপিত হয়েছিল যার প্রথম পাবলিসিটি অফিসার ছিলেন আর মইপকসানা।

২ নভেম্বর : আয়ুর্বেদ ডে

২ নভেম্বর সারা বিশ্বজুড়ে পালিত হল আয়ুর্বেদ ডে। ধন্তেরস বা ধন্বন্তরী জয়ন্তীতে এই দিবস পালন করা হয়ে থাকে। আয়ুর্বেদের গুরুত্ব এবং প্রচারের উদ্দেশ্যে এই দিবস পালন করা হয়ে থাকে। এই দিবসের এবছরে থিম– 'Ayurveda for Poshan'।

২ নভেম্বর : ইন্টারন্যাশনাল ডে টু এন্ড ইমফিউনিটি ফর ক্রাইম এগেইনস্ট জার্নালিস্ট

২ নভেম্বর সারা বিশ্বজুড়ে পালিত হল ইন্টারন্যাশনাল ডে টু এ ইমফিউনিটি ফর ক্রাইম এগেইনস্ট জার্নালিস্ট সাংবাদিকদের ওপর হি এবং অপরাধের প্রবণতা দূর করতে এবং ব্যক্তি স্বাধীনতা রক্ষা কর এই দিবস পালিত হল।

৩ নভেম্বর : ইন্টারন্যাশনাল ওয়ান হেলথ ডে

৩ নভেম্বর সারা বিশ্বজুড়ে পালিত হল ইন্টারন্যাশনাল ওয়ান হে ডে। এটি স্বাস্থ্য পদ্ধতির প্রয়োজনীয়তার বিষয়ে জনসচেতনতা গ তুলতে এই দিবস পালিত হল। এই বছর এই দিবসের ষষ্ঠ সংস্ক পালিত হল।

৫ নভেম্বর : ওয়ার্ল্ড সুনামি অ্যাওয়ারনেস ডে

৫ নভেম্বর সারা বিশ্বজুড়ে ইউনাইটেড নেশনসের তরফ থেকে পালিত হল ওয়ার্ল্ড সুনামি অ্যাওয়ারনেস ডে। সুনামি বিষয়ে জনসচেনতা গড়ে তুলতে এই দিবস পালন করা হয়ে থাকে।

৬ নভেম্বর : ইন্টারন্যাশনাল ডে ফর প্রিভেনটিং দ্য এক্সপ্লয়টেশন অফ দ্য এনভায়রনমেন্ট ইন ওয়ার অ্যান্ড আর্মড কনফ্লিক্ট

৬ নভেম্বর সারা বিশ্বজুড়ে পালিত হল ইন্টারন্যাশনাল ডে ফর প্রিভেনটিং দ্য এক্সপ্লয়টেশন অফ দ্য এনভায়রনমেন্ট ইন ওয়ার অ্যান্ড আর্মড কনফ্লিক্ট। যুদ্ধ ও অস্ত্র বিবাদের জন্য পরিবেশের যে ক্ষতিসাধন হয় সেই বিষয়ে জনসচেতনতা গড়ে তুলতে এই দিবস পালিত হল।

৭ নভেম্বর : ন্যাশনাল ক্যান্সার অ্যাওয়ারনেস ডে

৭ নভেম্বর সারা দেশজুড়ে পালিত হল ন্যাশনাল ক্যান্সার অ্যাওয়ারনেস ডে। ক্যান্সার দ্রুত শনাক্তকরণ এবং রোধের বিষয়ে জনসচেতনতা গড়ে তুলতে এই দিবস পালিত হল। এই দিবস উপলক্ষ্যে মেরি কুরির জন্মবার্ষিকী উদযাপন করা হয়ে থাকে।

৭ নভেম্বর : ইনফ্যান্ট প্রোটেকশন ডে

৭ নভেম্বর সারা বিশ্বজুড়ে পালিত হল ইনফ্যান্ট প্রোটেকশন ডে। এই দিবস পালনের মূল উদ্দেশ্য হল উপযুক্ত যত্নের মাধ্যমে নবজাতক শিশুর সুরক্ষার বিষয়ে জনসচেতনতা গড়ে তোলা। এই দিবসের এবছরের থিম– 'Protecting, promoting and developing infants'।

৭ নভেম্বর : সি ভি রামন বার্থ অ্যানিভার্সারি

৭ নভেম্বর সারা দেশজুড়ে পালিত হল সি ভি রামন বার্থ অ্যানিভার্সারি। ভারতীয় পদার্থবিদ্যা বিজ্ঞানী যিনি 'রমন এফেক্ট' আবিষ্কারের জন্য ১৯৩০ সালে নোবেল পুরস্কার লাভ করেছিলেন সেই সি ভি রামনের জন্মবার্ষিকী উদযাপনের জন্য এই দিবস পালিত হল।

৮ নভেম্বর : ওয়ার্ল্ড আর্বানিজম ডে

৮ নভেম্বর সারা বিশ্বজুড়ে পালিত হল ওয়ার্ল্ড আর্বানিজম ডে বা ওয়ার্ল্ড টাউন প্ল্যানিং ডে। শহর এবং অঞ্চলের গঠন পরিবেশের ওপর কী ধরনের প্রভাব ফেলে তা সকলের সামনে তুলে ধরতে এই দিবস পালিত হল।

৮ নভেম্বর : ইন্টারন্যাশনাল ডে অফ রেডিওলজি

৮ নভেম্বর সারা বিশ্বজুড়ে পালিত হল ইন্টারন্যাশনাল ডে অফ রেডিওলজি। রোগের চিকিৎসায় রেডিওলজির ব্যবহারের বিষয়ে জনসচেতনতা গড়ে তুলতে এই দিবস পালিত হল। এই দিবসের মোটো হল– 'Interventional Radiology-Active care for the patient'।

৮-১৪ নভেম্বর : ইন্টারন্যাশনাল উইক অফ সায়েন্স অ্যান্ড পিস

৮-১৪ নভেম্বর ইউনাইটেড নেশনসের তরফ থেকে সারা বিশ্বজুড়ে পালিত হল ইন্টারন্যাশনাল উইক অফ সায়েন্স অ্যান্ড পিস। ১১ নভেম্বর যে সপ্তাহ পড়ে সেই সপ্তাহে এটি পালন করা হয়ে থাকে। বিজ্ঞান ও শান্তির প্রচারের উদ্দেশ্যে প্রতিবছর এই সপ্তাহ পালন করা হয়ে থাকে।

৯ নভেম্বর : ন্যাশনাল লিগ্যাল সার্ভিসেস ডে

৯ নভেম্বর সারা বিশ্বজুড়ে পালিত হল ন্যাশনাল লিগ্যাল সার্ভিসেস ডে। ১৯৮৭ সালে কার্যকর হওয়া Legal Services Authorities Act এই দিনেই কার্যকর করা হয়েছিল এবং তার বিষয়ে জনসচেতনতা গড়ে তুলতে এই দিবস পালিত হল।

১০ নভেম্বর : ওয়ার্ল্ড সায়েন্স ডে ফর পিস অ্যান্ড ডেভেলপমেন্ট

১০ নভেম্বর ইউনাইটেড নেশনসের তরফ থেকে সারা বিশ্বজুড়ে পালিত হল ওয়ার্ল্ড সায়েন্স ডে ফর পিস অ্যান্ড ডেভেলপমেন্ট। সমাজ বিজ্ঞানের গুরুত্ব তুলে ধরতে এবং জনসাধারণের মধ্যে উদীয়মান বৈজ্ঞানিক বিষয় নিয়ে যুক্তি তর্কে অংশগ্রহণে উৎসাহিত করতে এই দিবসটি পালন করা হল। এই দিবসের এবছরের থিম– 'Building Climate-Ready Communities'।

১০ নভেম্বর : ওয়ার্ল্ড নিউরোএন্ড্রোকাইন টিউমার ক্যান্সার ডে

১০ নভেম্বর সারা বিশ্বজুড়ে পালিত হল ওয়ার্ল্ড নিউরোএন্ড্রোকাইন টিউমার ক্যান্সার ডে। বিরল প্রকৃতির ক্যান্সার নিউরোএন্ড্রোকাইন টিউমার যার কারণে অগ্ন্যাশয়, তলপেট, ফুসফুস এবং জনন অঙ্গ ক্ষতিগ্রস্ত হয় তার বিষয়ে জনসচেতনতা গড়ে তুলতে প্রতি বছর এই দিবস পালিত হয়।

১১ নভেম্বর : ন্যাশনাল এডুকেশন ডে

১১ নভেম্বর সারা দেশজুড়ে পালিত হল ন্যাশনাল এডুকেশন ডে। স্বাধীন ভারতে প্রথম শিক্ষামন্ত্রী ভারতরত্ন প্রাপক মৌলানা আবুল কালাম আজাদের জন্মবার্ষিকী উপলক্ষ্যে এই দিবসটি পালিত হল। শিক্ষার প্রসারের বিষয়ে তাঁর অবদানকে স্বীকৃতি জানাতে প্রতিবছর এই দিবসটি পালন করা হয়ে থাকে। এই বছর মৌলানা আবুল কালাম আজাদের ১৩৩তম জন্মবার্ষিকী পালিত হল।

১১ নভেম্বর : ওয়ার্ল্ড ইউজাবিলিটি ডে

১১ নভেম্বর সারা বিশ্বজুড়ে পালিত হল ওয়ার্ল্ড ইউজাবিলিটি ডে। এটি মেক থিংস ইজিয়ার ডে' হিসাবেও পরিচিত। প্রতি বছর নভেম্বরের দ্বিতীয় বৃহস্পতিবার এই দিবসটি পালন করা হয়ে থাকে। এই দিবস পালনের মূল উদ্দেশ্য হল প্রযুক্তির ব্যবহার বৃদ্ধি করে মানুষের কাজের

পরিমাণ কমানোর বিষয়ে জনসচেতনতা গড়ে তোলা। এই দিবসের এবছরের থিম– 'Design of Our Online World : Trust, Ethics and Integrity'।

১১ নভেম্বর : ওয়ার্ল্ড কোয়ালিটি ডে

১১ নভেম্বর সারা বিশ্বজুড়ে পালিত হল ওয়ার্ল্ড কোয়ালিটি ডে। প্রতিবছর নভেম্বর মাসের দ্বিতীয় বৃহস্পতিবার এই দিবস পালন করা হয়ে থাকে। কোয়ালিটি বা গুণমান বিষয়ে জনসচেতনতা গড়ে তুলতে এবং উচ্চ গুণমান বৈশিষ্ট্য বজায় রাখার উদ্দেশ্যে ব্যক্তি বিশেষ এবং সংস্থার অর্থনৈতিক সমৃদ্ধিকে সহায়তা প্রদান করতে এই দিবস পালিত হল। এই দিবসের এবছরের থিম– 'Sustainability : Improving Our Products, People, and Planet'। অন্যদিকে ৮-১২ নভেম্বর পালিত হল ওয়ার্ল্ড কোয়ালিটি উইক।

১২ নভেম্বর : ওয়ার্ল্ড নিউমোনিয়া ডে

১২ নভেম্বর সারা বিশ্বজুড়ে পালিত হল ওয়ার্ল্ড নিউমোনিয়া ডে। পাঁচ বছর পর্যন্ত বয়সি শিশুদের জন্য ভয়ঙ্কর নিউমোনিয়া রোগ সম্পর্কে জনসচেতনতা গড়ে তুলতে এই দিবস পালন করা হল। ২০০৯ সালে প্রথমবার এই দিবস পালিত হয়েছিল।

১২ নভেম্বর : পাবলিক সার্ভিস ব্রডকাস্টিং ডে

১২ নভেম্বর সারা দেশ জুড়ে পালিত হল পাবলিক সার্ভিস ব্রডকাস্টিং ডে। ১৯৪৭ সালের এই দিনেই জাতির জনক মহাত্মা গান্ধী প্রথম ও শেষবারের জন্য নিউ দিল্লির অল ইন্ডিয়া রেডিও স্টুডিওতে উপস্থিত হয়েছিলেন এবং জাতির উদ্দেশ্যে ভাষণ দিয়েছিলেন, সেই ঘটনাকে স্মরণীয় করে রাখতে প্রতি বছর এই দিবস পালন করা হয়ে থাকে।

১৩ নভেম্বর : ওয়ার্ল্ড কাইন্ডনেস ডে

১৩ নভেম্বর সারা বিশ্বজুড়ে পালিত হল ওয়ার্ল্ড কাইন্ডনেস ডে। বিশ্বে প্রতিটি মানুষের একে অপরের প্রতি সদয় থাকা এবং তার গুরুত্ব বিশ্বের সকল মানুষের কাছে তুলে ধরতে এই দিবস পালিত হল।

১৪ নভেম্বর : ওয়ার্ল্ড ডায়াবেটিস ডে

১৪ নভেম্বর ইউনাইটেড নেশনসের তরফ থেকে সারা বিশ্বজুড়ে পালিত হল ওয়ার্ল্ড ডায়াবেটিস ডে। ডায়াবেটিস বা মধুমেহ রোগ সম্পর্কে বিশ্বজুড়ে জনসচেতনতা গড়ে তুলতে এই দিবস পালিত হল। এই দিবসের এবছরের থিম– 'Access to Diabetes Care'।

১৪ নভেম্বর : চিলড্রেন্স ডে

১৪ নভেম্বর সারা দেশজুড়ে পালিত হল চিলড্রেন্স ডে বা বাল দিবস। স্বাধীন ভারতের প্রথম প্রধানমন্ত্রী জওহরলাল নেহেরুর জন্মদিন উপলক্ষ্যে এই দিবসটি পালিত হল। শিশুদের কল্যাণ, শিক্ষণ এবং উন্নতির জন্য তাঁর অবদান ও প্রচেষ্টাকে স্বীকৃতি জানাতে প্রতিবছর এই দিবস পালন করা হয়ে থাকে।

১৫ নভেম্বর : জনজাতি গৌরব দিবস

১৫ নভেম্বর সারা দেশজুড়ে পালিত হল জনজাতি গৌরব দিব প্রথমবার এ দিবস পালিত হল। বিখ্যাত আদিবাসী স্বাধীনতা সংগ বিরসা মুণ্ডার জন্মবার্ষিকী উপলক্ষ্যে তাঁকে সম্মান জানাতে এই দি পালিত হল।

১৫-২১ নভেম্বর : ন্যাশনাল নিউবর্ন উইক

১৫-২১ নভেম্বর সারা দেশজুড়ে পালিত হল ন্যাশনাল নিউ উইক। নবজাতক শিশুর স্বাস্থ্যের গুরুত্ব সকলের সামনে তুলে ধর প্রতিবছর এই সপ্তাহ পালন করা হয়ে থাকে। এই সপ্তাহের এবছ থিম– 'Safety, Quality and nurturing Case-Birth Right every newborn'।

১৬ নভেম্বর : অডিট দিবস

১৬ নভেম্বর সারা দেশজুড়ে পালিত হল অডিট দিবস। প্রথম এই দিবস পালিত হল। দিল্লির সিএজি অফিস প্রাঙ্গনে এই দিবস পা হল। ১৮৬০ সালের এই দিনেই সিএজি প্রতিষ্ঠিত হয়েছিল। প্রতিষ্ঠা দিবসটিকে স্মরণীয় করে রাখতে এই রাষ্ট্র পরিচালনা, স্ব এবং দায়বদ্ধতার ক্ষেত্রে সিএজি-এর অবদানকে সকলের সামনে ধরতে এই দিবস পালিত হল।

১৬ নভেম্বর : ন্যাশনাল প্রেস ডে

১৬ নভেম্বর সারা দেশজুড়ে পালিত হল ন্যাশনাল প্রেস গণতন্ত্রের চতুর্থ স্তম্ভ হিসাবে বিবেচিত প্রেস বা সংবাদ মাধ স্বাধীনতার বিষয়ে সকলকে অবগত করতে এই দিবস পালিত হ

১৬ নভেম্বর : ইন্টারন্যাশনাল ডে অফ টলারেন্স

১৬ নভেম্বর সারা দেশজুড়ে ইউনাইটেড নেশনসের তরফ পালিত হল ইন্টারন্যাশনাল ডে অফ টলারেন্স। ১৯৯৫ সালের দিনেই ইউনেস্কোর তরফ থেকে স্বাক্ষর করা হয়েছিল 'Declara of Principles of Tolerance'। সেই ঘটনাকে স্মরণীয় করে র প্রতি বছর এই দিবস পালন করা হয়ে থাকে।

১৭ নভেম্বর : ন্যাশনাল এপিলেন্সি ডে

১ নভেম্বর সারা দেশজুড়ে পালিত হল ন্যাশনাল এপিলেন্সি এপিলেন্সি রোগ সম্পর্কে জনসচেতনতা গড়ে তুলতে এই দিবস প হল। এপিলেন্সি ফাউন্ডেশন ইন্ডিয়ার তরফ থেকে এই দিবস পালিত

১৭ নভেম্বর : ইন্টারন্যাশনাল স্টুডেন্ট ডে

১৭ নভেম্বর সারা বিশ্বজুড়ে পালিত হল 'ইন্টারন্যাশনাল স্টুডেন্ট ডে। বিশ্বের প্রতিটি ছাত্র যাতে শিক্ষা গ্রহণ করতে পারে তার জন্য ছাত্রদের আশ্বস্ত করার উদ্দেশ্যে বিশ্বজুড়ে এই দিবস পালন করা হয়ে থাকে। ১৯৩৯ সালে এই দিনেই দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় প্রাগ বিশ্ববিদ্যালয়ে নাজি আক্রমণ ঘটে যার ফলে

ছাত্রের মৃত্যু ঘটে। তাই তাদের সম্মান জানাতে প্রতি বছর এই দিবস পালন করা হয়ে থাকে।

১৭ নভেম্বর : ওয়ার্ল্ড ক্রনিক অবস্ট্রাকটিভ পালমোনারি ডিসিজ ডে

১৭ নভেম্বর সারা বিশ্বজুড়ে পালিত হল ওয়ার্ল্ড ক্রনিক অবস্ট্রাকটিভ পালমোনারি ডিসিজ ডে প্রতি বছর নভেম্বর মাসের তৃতীয় বুধবার এই দিবস পালন করা হয়ে থাকে। ক্রনিক অবস্ট্রাকটিভ পালমোনারি ডিসিজ সম্পর্কে জনসচেতনতা গড়ে তুলতে এই দিবস পালিত হল। এই দিবসের এ বছরের থিম্– 'Healthy Lungs : Never More Important'।

১৮-২৪ নভেম্বর : ওয়ার্ল্ড অ্যান্টিমাইক্রোবিয়াল অ্যাওয়ারনেস উইক

১৮-২৪ নভেম্বর সারা বিশ্বজুড়ে পালিত হল ওয়ার্ল্ড অ্যান্টি-মাইক্রোবিয়াল অ্যাওয়ারনেস উইক। বিশ্বব্যাপী অ্যান্টিমাইক্রোবিয়াল প্রতিরোধ সম্পর্কে জনসচেতনতা গড়ে তুলতে এই সপ্তাহ পালিত হল। এবছরের থিম– Spread Awareness, Stop Resistance'।

১৮ নভেম্বর : ওয়ার্ল্ড ফিলোসফি ডে

১৮ নভেম্বর সারা বিশ্বজুড়ে ইউনেস্কোর তরফ থেকে পালিত হল ওয়ার্ল্ড ফিলোসফি ডে। প্রতি বছর নভেম্বর মাসের তৃতীয় বৃহস্পতিবার এই দিবস পালন করা হয়ে থাকে। ফিলোসফি বা দর্শনের গুরুত্ব সকলের সামনে তুলে ধরতে এই দিবস পালিত হল। এই দিবসের এবছরের থিম– 'Different Interactions of human beings with their social, cultural, geographical and political environment'।

১৮ নভেম্বর : ন্যাচারাল ন্যাচারোপ্যাথি ডে

১৮ নভেম্বর সারা দেশজুড়ে পালিত হল ন্যাচারাল ন্যাচারোপ্যাথি ডে। ন্যাচারোপ্যাথি বিষয়ে জনসচেতনতা গড়ে তুলতে এবং ড্রাগবিহীন ওষুধ ব্যবহারের প্রচারের উদ্দেশ্যে এই দিবস পালিত হল। এই দিবসের ন্যাশনাল কনফারেন্সের থিম হল– 'Poshan Aahar & Rog Mukt Bharath'।

১৯ নভেম্বর : ওয়ার্ল্ড এন্ট্রিপ্রিনিওরশিপ ডে

১৯ নভেম্বর সারা দেশজুড়ে পালিত হল ওয়ার্ল্ড এন্ট্রিপ্রিনিওরশিপ ডে। বাণিজ্য ক্ষেত্রে মহিলা উদ্যোক্তাদের উদ্বুদ্ধ করতে এবং তাদের ক্ষমতায়নের সহায়তা প্রদান করতে প্রতি বছর এই দিবস পালন করা হয়ে থাকে।

১৯ নভেম্বর : ন্যাশনাল ইন্টিগ্রেশন ডে

১৯ নভেম্বর সারা দেশজুড়ে পালিত হল ন্যাশনাল ইন্টিগ্রেশন ডে। স্বাধীন ভারতের প্রথম ও একমাত্র মহিলা প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর জন্মবার্ষিকী উপলক্ষ্যে প্রতি বছর এই দিবস পালন করা হয়ে থাকে।

১৯ নভেম্বর : ওয়ার্ল্ড টয়লেট ডে

১৯ নভেম্বর সারা বিশ্বজুড়ে ইউনাইটেড নেশনসের তরফ থেকে পালিত হল ওয়ার্ল্ড টয়লেট ডে। স্যানিটেশনের গুরুত্ব সম্পর্কে বিশ্বের সকল মানুষের মধ্যে সচেতনতা গড়ে তোলার উদ্দেশ্যে এই দিবস পালন করা হল। এই দিবসের এবছরের থিম– 'Valuing toilets'।

১৯ নভেম্বর : ইন্টারন্যাশনাল মেন'স ডে

১৯ নভেম্বর সারা বিশ্বজুড়ে পালিত হল ইন্টারন্যাশনাল মেন'স ডে। সমাজ, গোষ্ঠী এবং পরিবারের প্রতি পুরুষদের অবদানকে স্বীকৃতি প্রদান করতে প্রতি বছর এই দিবস পালন করা হয়ে থাকে। এই দিবসের এবছরের থিম– 'Better relations between men and women'।

১৯-২৫ নভেম্বর : কমিউনাল হারমনি ক্যাম্পেইন উইক

১৯-২৫ নভেম্বর সারা দেশজুড়ে পালিত হল কমিউনাল হারমনি ক্যাম্পেইন উইক। অনাথ এবং হিংসার কারণে ক্ষতিগ্রস্ত শিশুদের অর্থ সাহায্য করার জন্য বিশ্বের সকল মানুষকে অবগত করতে এই সপ্তাহ পালন করা হয়ে থাকে। এই সপ্তাহের অন্তিম দিন অর্থাৎ ২৫ নভেম্বর ফ্ল্যাগ ডে হিসাবে পালন করা হয়ে থাকে।

১৯-২৫ নভেম্বর : ওয়ার্ল্ড হেরিটেজ উইক

১৯-২৫ নভেম্বর সারা বিশ্বজুড়ে পালিত হল ওয়ার্ল্ড হেরিটেজ উইক। স্থাপত্য সংরক্ষণ এবং শিল্পকলার প্রচারের উদ্দেশ্যে এই সপ্তাহ প্রতি বছর পালন করা হয়ে থাকে।

২০ নভেম্বর : ওয়ার্ল্ড চিলড্রেন ডে

২০ নভেম্বর ইউনাইটেড নেশনসের তরফ থেকে সারা বিশ্বজুড়ে পালন করা হল ওয়ার্ল্ড চিলড্রেন ডে। শিশুকল্যাণ, শিশুর অধিকার সুনিশ্চিত করণের উদ্দেশ্যে এই দিবস পালিত হল। এই দিবসের এবছরের থিম– 'A Better Future for Every Child'।

২১ নভেম্বর : ওয়ার্ল্ড টেলিভিশন ডে

২১ নভেম্বর বিশ্বজুড়ে পালিত হল ওয়ার্ল্ড টেলিভিশন ডে। বিনোদন, শিক্ষা, খবর, রাজনীতির মাধ্যম হিসাবে টেলিভিশনের গুরত্বকে সকলের সামনে তুলে ধরতে এই দিবস পালিত হল।

২১ নভেম্বর : ওয়ার্ল্ড ডে অফ রিমেমবারেন্স ফর রোড ট্রাফিক ভিকটিমস

২১ নভেম্বর সারা বিশ্বজুড়ে পালিত হল ওয়ার্ল্ড ডে অফ রিমেমবারেন্স ফর রোড ট্রাফিক ভিকটিমস। প্রতি বছর নভেম্বর মাসের তৃতীয় রবিবার এই দিবস পালন করা হয়ে থাকে। সড়ক দুর্ঘটনার কারণে নিহত ও আহত ব্যক্তিদের শ্রদ্ধা জানানোর উদ্দেশ্যে এই দিবস পালন করা হয়ে থাকে। এই দিবসের এবছরের থিম– 'ACT for LOW SPEEDS/ACT for LOW-SPEED STREETS'।

২১ নভেম্বর : ওয়ার্ল্ড ফিশারিজ ডে

২১ নভেম্বর সারা বিশ্বজুড়ে পালিত হল ওয়ার্ল্ড ফিশারিজ ডে। মৎস্যচাষী এবং এই ক্ষেত্রের সঙ্গে যুক্ত মানুষদের অবদানকে স্বীকৃতি প্রদান করতে প্রতি বছর এই দিবস পালন করা হয়ে থাকে।

Back out** Means : **To withdraw from a promise or contract

'ইনভিজিবল এম্পায়ার : দ্যা ন্যাচারাল হিস্ট্রি অফ ভাইরাসেস' বইটি লিখেছেন প্রণয় লাল

সামিট/বৈঠক/অধিবেশন/উৎসব/সম্মেলন

ব্রিকসের যোগাযোগ মন্ত্রীদের সপ্তম বৈঠক

২২ অক্টোবর ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে অনুষ্ঠিত হল ব্রিকসের যোগাযোগ মন্ত্রীদের সপ্তম বৈঠক। বৈঠকে ভারতের তরফ থেকে অংশগ্রহণ করেছিলেন কেন্দ্রীয় যোগাযোগ প্রতিমন্ত্রী দেবুসিন চৌহান এবং তিনি বৈঠকে সভাপতিত্ব করেন। বৈঠকে ব্রিকস সদস্যভুক্ত পাঁচটি দেশের প্রতিনিধিরা তথ্য এবং যোগাযোগ প্রযুক্তি ওপর গুরুত্ব আরোপ করেন।

এআইআইবি এর বোর্ড অফ গভর্নরদের ষষ্ঠ বাৎসরিক বৈঠক

সংযুক্ত আরব আমিরশাহি এবং এশিয়ান ইনফ্রাস্ট্রাকচার ইনভেস্টমেন্ট ব্যাঙ্ক (এআইআইবি) কর্তৃক ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে আয়োজিত হল এশিয়ান ইনফ্রাস্ট্রাকচার ইনভেস্টমেন্ট ব্যাঙ্কের বোর্ড অফ গভর্নরদের ষষ্ঠ বাৎসরিক বৈঠক। এই বৈঠকের থিম হল 'Investing Today and Transforming Tomorrow'। বৈঠকে ভারতের তরফ থেকে অংশগ্রহণ করেছিলেন কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন। বৈঠকে এআইআইবি এর তরফ থেকে ভারতে স্বাস্থ্য পরিষেবা পরিকাঠামো উন্নতিতে সহায়তা করা হবে বলে ঘোষণা করা হয়।

টিবি প্রতিক্রিয়ার নবীকরণের ওপর WHO SEAR এর উচ্চ পর্যায়ের বৈঠক

ভারত, ইন্দোনেশিয়া এবং নেপালের স্বাস্থ্যমন্ত্রক ও বিশ্ব স্বাস্থ্য সংস্থার দক্ষিণ-পূর্ব এশিয়ার আঞ্চলিক অফিসের তরফ থেকে আয়োজিত হল টিবি প্রতিক্রিয়ার নবীকরণের ওপর WHO (World Health Organization) SEAR (South East Asian Region) এর উচ্চ পর্যায়ের বৈঠক। বৈঠকে ভারতের তরফ থেকে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ প্রতিমন্ত্রী ডঃ ভারতী প্রবীণ পাওয়ার। বৈঠকে ভারতের তরফ থেকে বলা হয় ২০২৫ সালের মধ্যে টিবি দূরীকরণের লক্ষ্যমাত্রা রেখেছে ভারত।

১৬তম ইস্ট এশিয়া সামিট – ২০২১

২৭ অক্টোবর ব্রুনেই এর তরফ থেকে আয়োজিত হল ১৬তম ইস্ট এশিয়া সামিট-২০২১। সামিটে ভারতের তরফ থেকে ভার্চুয়ালি যোগদান করেছিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। সামিটে বিভিন্ন গুরুত্বপূর্ণ আঞ্চলিক এবং আন্তর্জাতিক বিষয় যেমন ইন্দো-প্যাসিফিক, দক্ষিণ চীন সাগর, সন্ত্রাসবাদ, কোরিয়া ও মায়ানমারের উপকূল নিয়ে আলোচনা হয়।

আঠারোতম ইন্ডিয়া-এশিয়ান সামিট–২০২১

২৮ অক্টোবর ব্রুনেই এর সভাপতিত্বে অনুষ্ঠিত হল আঠারোতম ইন্ডিয়া-এশিয়ান সামিট ২০২১। ব্রুনেই এর সুলতান হাসানল বোলকার আমন্ত্রনে ভারতের তরফ থেকে এই সামিটে ভার্চুয়ালি যোগদান করেছিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। তিনি এই সামিটে সহসভাপতিত্ব করেন। এশিয়ান সদস্যভুক্ত দশটি দেশের নেতৃবৃন্দ এই সামিটে অংশগ্রহণ করেছিলেন। এশিয়ান নেতৃবৃন্দের তরফ থেকে ২০২২ সালকে Indian-ASEAN Friendship Year হিসাবে ঘোষণা করা হল কারণ ২০২২ সালে ভারত-আসিয়ান অংশীদারিত্বের ৩০ বছর পূর্ণ হবে।

ন্যাশনাল কনফারেন্স অন ইন্টারন্যাশনাল ইয়ার অফ ফ্রুট অ্যান্ড ভেজিটেবল

কেন্দ্রীয় কৃষি ও কৃষককল্যাণ মন্ত্রক এবং ইউনাইটেড নেশনসে ফুড অ্যান্ড এগ্রিকালচার অর্গানাইজেশনের সহযোগিতায় অনুষ্ঠিত হ ন্যাশনাল কনফারেন্স অন ইন্টারন্যাশনাল ইয়ার অফ ফ্রুট অ্যা ভেজিটেবল। বৈঠকে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় কৃষি ও কৃষককল্যাণ মা নরেন্দ্র সিং তোমার। ফল এবং সবজি মানব পুষ্টি, স্বাস্থ্য, খাদ্য সুর এবং সাস্টেনেবল ডেভেলপমেন্ট গোল অর্জনের জন্য কতটা গুরুত্ব সেই বিষয়ে জনসচেতনতা গড়ে তুলতে এই কনফারেন্স অনুষ্ঠিত হ এই কনফারেন্সের এবছরের থিম– 'Awareness about t nutritional benefits of fruits and vegetables for balanc and healthy diet and lifestyle'।

Indo-Pacific Regional Dialogue-2021

২৭-২৯ অক্টোবর ভার্চুয়ালি অনুষ্ঠিত হল Indo-Paci Regional Dialogue-2021। এই বৈঠকের থিম হল 'Evolut in Maritime Strategy during the 21st Centu Imperatives, Challenges and Way Ahead'। বৈঠকে ভার তরফ থেকে অংশগ্রহণ করেছিলেন কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রী রাজ সিং। বৈঠকে দেশগুলির সামুদ্রিক স্বার্থ রক্ষা এবং ১৯৮২ স ইউনাইটেড নেশনস কনভেনশন অন দ্য ল্য অফ সীস এর ব্যবস্থ বজায় রাখার বিষয়ে আলোচনা হয়।

ব্রিকসের এনএসও প্রধানদের ১৩তম বৈঠক

২৮ অক্টোবর ভার্চুয়ালি অনুষ্ঠিত হল ব্রিকস সদস্যভুক্ত দেশ ন্যাশনাল স্ট্যাটিসটিকাল অফিসের প্রধানদের ১৩তম বৈঠক। সভাপতিত্ব করেন কেন্দ্রীয় পরিসংখ্যান এবং প্রোগ্রাম কার্যকর ম সচিব এবং প্রধান পরিসংখ্যানবিদ জি পি সামন্ত। সাস্টেনেবল ডেভেলপমেন্ট গোল অর্জনে এনএসওগুলির প্রচেষ্ট আলোচনা হয়।

CII Asia Healh 2021 Summit

২৮-২৯ অক্টোবর অনুষ্ঠিত হল কনফেডারেশন অফ ইন্ডিয়া (CII) Asia Health 2021 Summit। এই সামিটের থি 'Transforming Healthcare for a better tomorrow'। ভারতের তরফ থেকে যোগদান করেছিলেন কেন্দ্রীয় স্বাস্থ্য ও

কল্যাণ মন্ত্রী ডঃ মনসুখ মান্ডব্য। সামিটে স্বাস্থ্যসেবা ক্ষেত্রের বিভিন্ন সুবিধা ও অসুবিধা নিয়ে আলোচনা হয়।

দ্বিতীয় ন্যাশনাল ট্রাইবাল ড্যান্স ফেস্টিভ্যাল–২০২১

২৮-৩০ অক্টোবর ছত্তিশগড়ের রায়পুরের সায়েন্স কলেজ গ্রাউন্ডে অনুষ্ঠিত হল দ্বিতীয় ন্যাশনাল ট্রাইবাল ড্যান্স ফেস্টিভ্যাল-২০২১। এই উৎসবের উদ্বোধন করলেন ঝাড়খণ্ডের মুখ্যমন্ত্রী হেমন্ত সোরেন এবং ছত্তিশগড়ের মুখ্যমন্ত্রী ভূপেশ বাঘেল। ছত্তিশগড়ের পর্যটন ব্যবস্থার উন্নতির উদ্দেশ্যে এই উৎসব পালিত হল।

এসসিও এর প্রসিকিউটর জেনারেলদের ১৯তম বৈঠক

২৯ অক্টোবর ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে অনুষ্ঠিত হল এসসিও (সাংহাই কোঅপারেশন অর্গানাইজেশন) এর প্রসিকিউটর জেনারেলদের ১৯তম বৈঠক। বৈঠকের আয়োজক ছিলেন ভারতের সলিসিটর জেনারেল তুষার মেহতা। বৈঠকে এসসিও এর প্রসিকিউটর জেনারেলরা মহিলা ও শিশু পাচারের ওপর একটি প্রোটোকল সাক্ষর করেন। এসসিও এর প্রসিকিউন্টর জেনারেলদের ২০তম বৈঠক ২০২২ সালে কাজাখস্তানে অনুষ্ঠিত হবে।

১৪তম আর্বান মোবিলিটি ইন্ডিয়া কনফারেন্স–২০২১

কেন্দ্রীয় গৃহ ও নগরোন্নয়ন মন্ত্রী ও পেট্রোলিয়াম এবং প্রাকৃতিক গ্যাস মন্ত্রী হরদ্বীপ সিং পুরী ভার্চুয়ালি সূচনা করলেন ১৪তম আর্বান মোবিলিটি ইন্ডিয়া কনফারেন্স-২০২১ এর। এই কনফারেন্সের থিম হল– 'Mobility for All'। সব ধরনের মানুষ বিশেষত বিশেষভাবে সক্ষম মানুষ, মহিলা, শিশু এবং বয়স্কদের জন্য উপযুক্ত, গ্রহণযোগ্য পরিবহণ পরিষেবার উদ্দেশ্যে এই কনফারেন্স অনুষ্ঠিত হল। ১৫তম আর্বান মোবিলিটি ইন্ডিয়া কনফারেন্স ২০২২ সালের ৪-৬ নভেম্বর কেরলের কোচিতে অনুষ্ঠিত হবে, যার থিম হল– 'Azadi@75 : Sustainable AtmaNirbhar Urban Mobility'।

পঞ্চম গঙ্গা উৎসব–২০২১

১-৩ নভেম্বর ন্যাশনাল মিশন ফর ক্লিন গঙ্গা এর তরফ থেকে ভার্চুয়ালি পালিত হল পঞ্চম গঙ্গা উৎসব-২০২১ এর। ৪ নভেম্বর গঙ্গা নদীকে জাতীয় নদী হিসাবে ঘোষণার উদযাপনের জন্য এই উৎসব পালিত হল। আজাদি কা অমৃত মহোৎসব পালনের অংশ হিসাবে কেন্দ্রীয় মন্ত্রী গজেন্দ্র সিং শেখাওয়াতের নেতৃত্বে এই উৎসব পালিত হল। সেইসঙ্গে তিনি প্রকাশ করলেন 'Ganga Atlas : River of the part' যা তৈরি করেছেন উত্তরপ্রদেশের আইআইটি কানপুরের প্রফেসর রাজীব সিনহা।

Aadhar Hackathan–2021

কেন্দ্রীয় ইলেক্ট্রনিক্স ও তথ্য প্রযুক্তি মন্ত্রকের অধীনস্থ ইউনিক আইডেন্টিফিকেশন অথরিটি অফ ইন্ডিয়ার তরফ থেকে আয়োজন করা হল 'Aadhar Hackathan-2021' -এর। আজাদি বা অমৃত মহোৎসব উদ্‌যাপন উপলক্ষ্যে এই হ্যাকাথনের সূচনা করা হল। এই হ্যাকাথনের মূল উদ্দেশ্য হল তরুণদের মধ্যে উদ্ভাবনী সংস্কৃতির প্রচার করা।

তৃতীয় Goa Maritime Conclave

৭-৯ নভেম্বর গোয়ার ন্যাভাল ওয়ার কলেজের উদ্যোগে ভারতীয় নৌবাহিনীর তরফ থেকে অনুষ্ঠিত হল তৃতীয় Goa Maritime Conclave এর। এই কনক্লেভের আয়োজক হলেন ভারতীয় নৌবাহিনীর প্রধান অ্যাডমিরাল করমবীর সিং। এই কনক্লেভের থিম– 'Maritime Security and Emerging Non Traditional Threats : A Case for Proactive Role for Indian Ocean Region (IOR) Navies'। এই কনক্লেভে বিবিধ সামুদ্রিক সুরক্ষা অভ্যাস নিয়ে আলোচনা হল।

একাদশতম ডিফেন্স টেকনোলজি এবং ট্রেড ইনিশিয়েটিভ গ্রুপ মিটিং

৯ নভেম্বর ভারত এবং মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যে ভার্চুয়ালি অনুষ্ঠিত হল একাদশতম ডিফেন্স টেকনোলজি এবং ট্রেড ইনিশিয়েটিভ গ্রুপ মিটিং। বৈঠকে সহসভাপতিত্ব করেন কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রকের সচিব রাজকুমার এবং মার্কিন যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষা দপ্তরের গ্রেগরি কাসনর। দ্বিপাক্ষিক প্রতিরক্ষা বাণিজ্য সম্পর্ক স্থাপন এবং প্রতিরক্ষা সরঞ্জাম নির্মাণে সহযোগিতার বিষয়ে বৈঠকে আলোচনা হয়। এই বৈঠক বছরে দু'বার হয়ে থাকে।

তৃতীয় রিজিওনাল সিকিউরিটি ডায়ালগ অন আফগানিস্তান

১০ নভেম্বর নিউ দিল্লিতে অনুষ্ঠিত হল তৃতীয় রিজিওনাল সিকিউরিটি ডায়ালগ অন আফগানিস্তান। এই বৈঠকে যোগদান করেছিল আটটি দেশ। বৈঠকে সভাপতিত্ব করেন জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত দোভাল। আফগানিস্তানে সন্ত্রাস মুক্ত এবং অন্তর্ভুক্তিমূলক সরকারের প্রচারের উদ্দেশ্যে 'Delhi Declaration' গ্রহণ করল সদস্যভুক্ত দেশগুলি।

১৪তম সাইবার সুরক্ষা কনফারেন্স 'c0c0n'

১০-১৩ নভেম্বর ভার্চুয়াল ফর্ম্যাটে অনুষ্ঠিত হল ১৪তম সাইবার সুরক্ষা কনফারেন্স 'c0c0n'। এই কনফারেন্সের উদ্বোধন করলেন চিফ অফ ডিফেন্স স্টাফ জেনারেল বিপীন রাওয়াত। এই কনফারেন্সের থিম– 'Improvise, Adapt and Overcome'। ডিজিটাল ওয়ার্ল্ড কোভিড-১৯ এর সময়ে যে সমস্ত সমস্যার সম্মুখীন হয়েছিল এবং কিভাবে সেই সমস্যা নিরশনে সক্ষম হয়েছে তা নিয়ে এই কনফারেন্সে আলোচনা হয়।

'Wangala' উৎসব

১২ নভেম্বর মেঘালয় রাজ্য সরকারের তরফ থেকে উদযাপিত হল 'Wangala' উৎসব। এটি এক ধরনের একশো ড্রাম বিশিষ্ট উৎসব। ইহা গারো উপজাতির বাৎসরিক উৎসব যা ফসল কাটার পর উদ্‌যাপন করা হয়ে থাকে। গারো উপজাতির সূর্যদেবতা স্যালজং এর স্মরণে এই উৎসব পালন করা হয়ে থাকে। এই উৎসবের সূচনা করলেন গারো হিল অটোনোমাস ডিস্ট্রিক্ট কাউন্সিলের চিফ এগজিকিউটিভ সদস্য বেনেডিক আর মারাক। এছাড়া উপস্থিত ছিলেন চেয়ারম্যান রাকেশ সাংমা।

সম্প্রতি ওয়ার্ল্ড'স মোস্ট ভ্যালুয়েবল সংস্থার খেতাব পেল মাইক্রোসফট

সপ্তম IONS কনক্লেভ অফ চিফ

১৫-১৬ নভেম্বর ফ্রান্সের প্যারিসে ফ্রেঞ্চ নৌবাহিনীর তরফ থেকে অনুষ্ঠিত হল সপ্তম Indian Ocean Naval Symposium কনক্লেভ অফ চিফস। বিভিন্ন দেশের নৌবাহিনীর প্রধানরা এই কনক্লেভে যোগদান করেছিলেন। ভারতের তরফ থেকে যোগদান করেছিলেন ভারতীয় নৌবাহিনীর ভাইস অ্যাডমিরাল আর হরি কুমার। ভারতীয় সামুদ্রিক অঞ্চলের ব্যবসা, বাণিজ্য, সন্ত্রাসবাদ প্রভৃতি বিষয়ে আলোচনা হয়।

Abu Dhabi International Petroleum Exhibition Conference

১৫-১৭ নভেম্বর সংযুক্ত আরব আমিরশাহিতে অনুষ্ঠিত হল Abu Dhabi International Petroleum Exhibition Conference। এই অনুষ্ঠানের আয়োজক হল আবুধাবি ন্যাশনাল অয়েল কোম্পানি। এই কনফারেন্সে সংযুক্ত আরব আমিরশাহির শক্তি ও পরিকাঠামো মন্ত্রী সুহেল মোহামেদ ফরাজ অল মাজরুই এর আমন্ত্রণে ভারত থেকে যোগ দিয়েছিলেন কেন্দ্রীয় পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রী তথা গৃহ ও নগরোন্নয়ন মন্ত্রী হরদীপ সিং পুরী। এই কনফারেন্সে ভারতীয় তৈল সংস্থাগুলিতে তাদের সফলতার গল্প প্রদর্শনীর মাধ্যমে দেখানো হয়।

Rashtra Raksha Samarpan Parv

১৭-১৯ নভেম্বর উত্তরপ্রদেশের ঝাঁসিতে উদযাপিত হল Rashtra Raksha Samarpan Parv। আজাদি কা অমৃত মহোৎসব উদযাপনের অংশ হিসাবে এই দিবস পালিত হল। উত্তরপ্রদেশ সরকারের তরফ থেকে এই আয়োজন করা হয়েছিল এবং এই অনুষ্ঠানের উদ্বোধন করলেন কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং।

IORA এর মন্ত্রী কাউন্সিলের ২১তম বাৎসরিক বৈঠক

১৭ নভেম্বর বাংলাদেশের তরফ থেকে অনুষ্ঠিত হল ইন্ডিয়ান ওসেন্স রিম অ্যাসোসিয়েশন বা IORA এর ২১তম বাৎসরিক বৈঠক। বৈঠকে ভারতের তরফ থেকে অংশগ্রহণ করেছিলেন বিদেশ প্রতিমন্ত্রী ডঃ রাজকুমার রঞ্জন সিং। ভারত মহাসাগরীয় অঞ্চল এবং ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে শান্তি, সুরক্ষা বজায় রাখা এবং উন্নতিকরণের উদ্দেশ্যে এই বৈঠক অনুষ্ঠিত হল।

সপ্তম Google for India Event–2021

১৮ নভেম্বর ভার্চুয়ালি অনুষ্ঠিত হল সপ্তম Google for India Event-2021। ভারতে উচ্চ পর্যায়ের ডিজিটাল অর্থনীতির ক্ষমতায়নের উদ্দেশ্যে এবং নিরাপদ ইন্টারনেট ব্যবহারের সুবিধা সকলের সামনে তুলে ধরার উদ্দেশ্যে এই অনুষ্ঠান পালিত হল।

Sydney Dialogue–2021

১৮ নভেম্বর ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে অনুষ্ঠিত হল Sydney Dialogue-2021। এর থিম হল– 'India's technology evaluation and revaluation'। ভারতের তরফ থেকে এই বৈঠকে অংশগ্রহণ করেছিল প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। বৈঠকে সমসাময়িক বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়।

'Boita Bandana' উৎসব

১৯ নভেম্বর ওড়িশায় কার্তিক পূর্ণিমা উপলক্ষ্যে 'Boita Bandana' উৎসব উদযাপিত হল। এটি একধরনের জলের উৎসব যা নদী, পুকুর প্রভৃতি জলাভূমিতে পালিত হয়ে থাকে।

বই ও লেখক

'The Origin Story of India's States' – ভেঙ্কটরাঘবন সুভা শ্রীনিবাসন

প্রকাশিত হল ভেঙ্কটরাঘবন সুভা শ্রীনিবাসন রচিত 'The Origin Story of India's States' বইটি। বইটিতে ভারতের ২৮টি রাজ্য এবং ৮টি কেন্দ্রশাসিত অঞ্চলের উৎপত্তির কথা বর্ণিত রয়েছে। এছাড়া রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের ক্রমাগত পরিবর্তনের কথাও বইটিতে উল্লিখিত হয়েছে।

'Actually...I Met Them : A Memoir' – গুলজার

প্রকাশিত হল প্রখ্যাত গীতিকার ও সঙ্গীত পরিচালক গুলজার বা সম্পূরণ সিং কালরা রচিত 'Actually...I Met Them : A Memoir' বইটি। বইটিতে গুলজার স্মৃতিচারণা করেছেন কিশোর কুমার, বিমল রায়, ঋত্বিক ঘটক, ঋষিকেশ মুখার্জি, মহাশ্বেতা দেবী এবং অন্যান্য বিশিষ্ট মানুষদের।

'AIIMS Mein Ek Jang Ladte Hue' – রমেশ পোখরিয়াল 'নিশাঙ্ক'

প্রকাশিত হল প্রাক্তন শিক্ষামন্ত্রী রমেশ পোখরিয়াল নিশাঙ্ক রচিত 'AIIMS Mein Ek Jang Ladte Hue' বইটি। বইটি তিনি কোভিড-১৯ অতিমারীর সময়ে লিখেছেন। বইটির একটি কপি তিনি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে উপহার দিলেন।

'The Story of the First Civilizations : From Mesopotamia to the Aztecs' – সুভদ্রা সেনগুপ্তা

প্রকাশিত হল প্রয়াত লেখিকা সুভদ্রা সেনগুপ্তা রচিত 'The Story of the First Civilizations : From Mesopotamia to the Aztecs' বইটি। বইটি শিশুদের জন্য একটি তথ্য সম্পূর্ণ বই যার মধ্যে উল্লিখিত রয়েছে বিভিন্ন প্রাচীন সভ্যতা যথা– মেসোপটেমিয়া, মিশর, সিন্ধু সভ্যতা, গ্রীস, রোম প্রভৃতির তথ্য।

Break off *Means* : **To end or discontinue** ● **Break Up** *Means* : **To disperse / dissolve**

সম্প্রতি ওয়ার্ল্ড কিক বক্সিং চ্যাম্পিয়নশিপ ২০২১ আয়োজিত হল মিশরের কায়রোতে

'Writing for My Life : The Very Best of Ruskin' – রাস্কিন বন্ড

প্রকাশিত হল রাস্কিন বন্ড রচিত 'Writing for My Life : The Very Best of Ruskin' সংকলন গ্রন্থটি। এটি রাস্কিন বন্ডের দ্বিতীয় সংকলণমূলক গ্রন্থ। রাস্কিন বন্ডের প্রথম সংকলনমূলক গ্রন্থ হল 'The Best of Ruskin Bond' যা পঁচিশ বছর আগে প্রকাশিত হয়েছিল। এই গ্রন্থটির সম্পাদনা করেছেন প্রেমাঙ্ক গোস্বামী।

'Kamala Harris : Phenomenal Woman' – চিদানন্দ রাজঘাত্তা

প্রকাশিত হল চিদানন্দ রাজঘাত্তা রচিত 'Kamala Harris : Phenomenal Woman' বইটি। বইটি মার্কিন যুক্তরাষ্ট্রের প্রথম মহিলা ভাইস প্রেসিডেন্ট কমলা হ্যারিসের জীবনের ওপর রচিত হয়েছে।

'John Lang : Wanderer of Hindoostan, Slanderer of Hindoostanee, Lawyer for the Ranee' – অমিত রঞ্জন

প্রকাশিত হল অমিত রঞ্জন রচিত 'John Lang : Wanderer of Hindoostan, Slanderer of Hindoostanee, Lawyer for the Ranee' বইটি। বইটি জন ল্যাং এর জীবনি এবং সাহিত্যিক কাজকর্মের ওপর রচিত হয়েছে।

'The Sage with Two Horns : Unusual Tales from Mythology' – সুধা মূর্তি

প্রকাশিত হল সুধা মূর্তি রচিত 'The Sage with Two Horns : Unusual Tales from Mythology' বইটি। বইটি 'Unusual Tales from Mythology' সিরিজের পঞ্চম ও শেষ বই। বইটি দুই সিং বিশিষ্ট ঋষির গল্পের ওপর রচিত হয়েছে।

'Not Just Cricket : A Reporters Journey' – প্রদীপ ম্যাগাজিন

প্রকাশিত হতে চলেছে প্রদীপ ম্যাগাজিন রচিত 'Not Just Cricket : A Reporters Journey' বইটি। বইটিতে ভারতীয় ক্রিকেটের ওঠা, পড়া, ক্রিকেটের ওপর রাজনৈতিক ও সামাজিক প্রভাবের বিষয় তুলে ধরা হয়েছে।

'An Economist at Home and Abroad : A Personal Journey' – ডঃ শঙ্কর আচার্য

প্রকাশিত হল প্রখ্যাত অর্থনীতিবিদ তথা ভারত সরকারের প্রাক্তন অর্থনৈতিক উপদেষ্টা ডঃ শঙ্কর আচার্য রচিত 'An Economist at Home and Abroad : A Personal Journey' বইটি। বইটিতে ডঃ শঙ্কর আচার্য্য তাঁর ব্যক্তিগত ও পেশাগত জীবনের তথ্য তুলে ধরেছেন।

'The Cinema of Satyajit Ray' – ভাস্কর চট্টোপাধ্যায়

প্রকাশিত হল ভাস্কর চট্টোপাধ্যায় রচিত 'The Cinema of Satyajit Ray' বইটি। বইটিতে প্রখ্যাত চলচ্চিত্র নির্মাতা সত্যজিত রায়ের জীবনের ওপর বইটি রচিত হয়েছে। বইটি দুটি খণ্ডে বিভক্ত যার প্রথমটিতে রয়েছে শিল্পের কথা এবং দ্বিতীয়টিতে রয়েছে শিল্পীর কথা।

'MODERN INDIA : For Civil Services and Other Competitive Examination' – পুনম দালাল দাহিয়া

হরিয়ানার মুখ্যমন্ত্রী মনোহর লাল খট্টর প্রকাশ করলেন পুনম দালাল দাহিয়া রচিত 'MODERN INDIA : For Civil Services and Other Competitive Examinations' বইটি। বইটি সিভিল সার্ভিস পরীক্ষার্থীদের আধুনিক ভারতের ইতিহাস পড়তে সহায়তা করবে।

'Finding A Straight Line Between Twists and Turns-An Imperfect, Yet Honest Reflections on the Indian Tax Landscape' – অসীম চাওলা

প্রকাশিত হল ভারতের প্রখ্যাত কর আইনজীবী অসীম চাওলা রচিত 'Finding A Straight Line Between Twists and Turns-An Imperfect, Yet Honest Reflections on the Indian Tax Landscape' বইটি। বইটিতে ভারতের কর ব্যবস্থাপনা তুলে ধরা হয়েছে।

'Neheru : The Debates that Define India' – ত্রিপুর্দামন সিং এবং আদিল হুসেন

২১ নভেম্বর প্রকাশিত হল ত্রিপুর্দামন সিং এবং আদিল হুসেন রচিত 'Neheru : The Debates that Define India' বইটি। বইটি স্বাধীন ভারতের প্রথম প্রধানমন্ত্রী জওহরলাল নেহেরুর আদর্শগত মতপার্থক্য, রাজনৈতিক জোট গঠন, ভবিষ্যতের দৃষ্টিভঙ্গি এবং রাজনৈতিক দৃষ্টিভঙ্গি গঠনের ওপর রচিত হয়েছে।

'Operation x' – ক্যাপ্টেন এমএনআর সামন্ত এবং সন্দীপ উন্নিথান

প্রকাশিত হল ক্যাপ্টেন এমএনআর সামন্ত এবং সন্দীপ উন্নিথান রচিত 'Operation x' বইটি। বইটি বাংলা ভাষায় রচিত এবং ভারতীয় নৌবাহিনী ও বাংলাদেশ মুক্তিবাহিনী কর্তৃক প্রকাশিত হয়েছে। বইটি ন্যাবাল কম্যান্ডো অপারেশনের ওপর রচিত হয়েছে।

'100 Great Indian Poems' – অভয় কুমার

সংযুক্ত আরব আমিরশাহির শারজাতে অনুষ্ঠিত বিশ্বের বৃহত্তম বইমেলা শারজাহ আন্তর্জাতিক বইমেলায় প্রকাশিত হল ভারতীয় কূটনীতিক অভয় কুমার রচিত '100 Great Indian Poems' এর

মিজোরামের মুখ্য সচিব পদে নিযুক্ত হলেন রেণু শর্মা

আরবি সংস্করণ। বইটি ২৮টি ভারতীয় ভাষার ১০০টি কবিতার ওপর রচিত হয়েছে।

'Unshackling India : Hard Truths and Clear Choices for Economic Revival' – অজয় চিব্বার এবং সলমন অ্যানীশ সোজ

প্রকাশিত হল অজয় চিব্বার এবং সলমন অ্যানীশ সোজ রচিত 'Unshackling India : Hard Truths and Clear Choices for Economic Revival' বইটি। এই বইটিতে প্রকাশ করা হয়েছে ভারত কীভাবে ২০৪৭ সালের মধ্যে উন্নতিমূলক অর্থনীতি সমৃদ্ধ দেশে পরিণত হবে।

'Uddna Baaz' – নবদ্বীপ সিং গিল

১৪ নভেম্বর পাঞ্জাবের ক্রীড়া ও উচ্চশিক্ষা মন্ত্রী পরগত সিং প্রকাশ করলেন নবদ্বীপ সিং গিল রচিত 'Uddna Baaz' বইটি। বইটি অলিম্পিকে অংশগ্রহণকারী অ্যাথলিট গুরবচন সিং রানধাওয়ার জীবনীর উপর রচিত হয়েছে।

'The Disruptor : How Vishwanath Pratap Singh Shook India' – দেবাশিস মুখার্জি

প্রকাশিত হল দেবাশিস মুখার্জি রচিত 'The Disruptor : How Vishwanath Pratap Singh Shook India' বইটি। বইটি ভারতের অষ্টম প্রধানমন্ত্রী বিশ্বনাথ সিং যিনি ১৯৮০ এর মণ্ডল কমিশনের সুপারিশ অনুযায়ী কেন্দ্রীয় সরকারি চাকরিতে অন্যান্য অনগ্রসর শ্রেণির সংরক্ষণের ব্যবস্থা করেছিলেন সেই বিষয়ের ওপর রচিত হয়েছে।

'Sunrise Over Ayodhya : Nationhood in Our Times' – সলমন খুরশিদ

প্রকাশিত হল প্রাক্তন মন্ত্রী ও বর্ষীয়ান কংগ্রেস নেতা সলমন খুরশিদ রচিত 'Sunrise Over Ayodhya : Nationhood in Our Times' বইটি। বইটি ভারতের হিন্দু মুসলিম ঐক্য ও অযোধ্যা বিবাদের ওপর রচিত হয়েছে।

'Shuttler's Flick : Making Every Match Count' – পুলেল্লা গোপীচাঁদ ও প্রিয়া কুমার

প্রকাশিত হল প্রাক্তন ব্যাডমিন্টন খেলোয়ার এবং বর্তমান ভারতীয় জাতীয় দলের ব্যাডমিন্টন কোচ পুলেল্লা গোপীচাঁদ ও সহলেখক প্রিয়া কুমার রচিত 'Shuttler's Flick : Making Every Match Count' বইটি। বইটি পুলেল্লা গোপীচাঁদের আত্মজীবনী।

'Lal Salaam : A Novel' – স্মৃতি ইরানি

প্রকাশিত হল কেন্দ্রীয় নারী ও শিশুকল্যাণ মন্ত্রী স্মৃতি ইরানির রচিত 'Lal Salaam : A Novel' উপন্যাসটি। এটি তাঁর প্রথম উপন্যাস। ২০১০ সালের এপ্রিল মাসে ছত্তিশগড়ের দান্তেওয়ারায় মাওবাদী হামলায় নিহত হয় ৭৬ জন সিআরপিএফ জওয়ান। এই ঘটনার ওপর উপন্যাসটি রচিত হয়েছে।

প্রতিরক্ষা

Ex Konkan Shakti – 2021

আরব সাগরের কোঙ্কণ উপকূলে ভারত ও ব্রিটিশ যুক্তরাজ্যের মধ্যে অনুষ্ঠিত হল যৌথ তিন পরিষেবা বিশিষ্ট প্রথম সামরিক অভ্যাস Ex Konkan Shakti–2021। দুই দেশের প্রতিরক্ষা বাহিনীর মধ্যে পারস্পরিক সমঝোতা গড়ে তুলতে এই সামরিক অভ্যাস সহায়তা প্রদান করবে।

দেশের জন্য উৎসর্গ করা হল 'সার্থক' জাহাজ

২৮ অক্টোবর ভারতীয় উপকূলরক্ষী বাহিনীর ডিরেক্টর জেনারেল কে নটরাজন দেশের জন্য উৎসর্গ করলেন ভারতীয় উপকূলরক্ষী বাহিনীর জাহাজ সার্থককে। জাহাজটি গুজরাটের পোরবন্দরে অবস্থান করত এবং উত্তর পশ্চিম উপকূল অঞ্চলে নিরাপত্তা দিত।

ভারতীয় নৌবাহিনী সপ্তম তলোয়ার শ্রেণির ফ্রিগেট

রাশিয়ার কালিনিনগ্রাডে ইয়ন্তর শিপইয়ার্ডে উন্মোচন করা হল ভারতীয় নৌবাহিনীর সপ্তম তলোয়ার শ্রেণির ফ্রিগেট। এই জাহাজের নাম রাখা হল 'INS Tushil'। শ্রীমতী দলতা বিদ্যা বর্মা এটির উন্মোচন করলেন রাশিয়ার ভারতীয় রাষ্ট্রদূত ডি বালা ভেঙ্কটেশ বর্মার উপস্থিতিতে।

সামরিক মহড়া 'Blue Flag – 2021'

ইজরায়েলে অনুষ্ঠিত হল আন্তর্জাতিক বহুদেশীয় সামরিক মহড়া 'Blue Flag–2021'। ভারতীয় বায়ুসেনার ৮৪ জন কর্মী এই মহড়ায় অংশগ্রহণ করেছিল। ভারতীয় বায়ুসেনার তরফ থেকে Mirage 2000 এয়ারক্রাফট স্কোয়াড্রন এই সামরিক মহড়ায় অংশগ্রহণ করেছিল। ভারতসহ আটটি দেশ এই সামরিক মহড়ায় অংশগ্রহণ করেছিল।

দীর্ঘ রেঞ্জের বোমার সফল পরীক্ষা

২৮ অক্টোবর ডিআরডিও এবং ভারতীয় বায়ুসেনার তরফ থেকে ওডিশার চাঁদিপুরের ইন্টিগ্রেটেড টেস্ট রেঞ্জ থেকে সফল পরীক্ষা করা হল দীর্ঘ রেঞ্জের বোমার। এই বোমার রেঞ্জ ৫০ থেকে ১৫০ কিমি। হায়দ্রাবাদের ডিআরডিও এর ল্যাবরেটরি রিসার্চ সেন্টার ইমারত এর তরফ থেকে এই বোমার নকশা ও নির্মাণ করা হয়েছে।

ভারতীয় নৌবাহিনীর প্রথম P15B স্বদেশীয় স্টিলথ গাইডেড ডেস্ট্রয়ার

২৮ অক্টোবর মুম্বাইয়ের মাজগাঁও ডক শিপইয়ার্ড লিমিটেডে ভারতীয় নৌবাহিনীর হাতে এল প্রথম P15B স্বদেশীয় স্টিলথ গাইডেড ডেস্ট্রয়ার।

এর নাম রাখা হল 'বিশাখাপত্তনম'। এটির নকশা প্রদান করেছে ভারতীয় নৌবাহিনীর নকশাকারী সংস্থা ডিরেক্টরেট অফ ন্যাভাল ডিজাইন এবং নির্মাণ করেছে মুম্বাইয়ের মাজগাঁও ডক শিপবিল্ডার্স লিমিটেড।

Desert Warrior

৩০-৩১ অক্টোবর ভারত ও মিশরের বায়ুসেনার মধ্যে অনুষ্ঠিত হল বায়ুসেনা মহড়া Desert Warrior। মিশরের এল বেরিনগাট এয়ারবেসে এই বায়ুসেনা মহড়া অনুষ্ঠিত হল। দুই দেশের মধ্যে পারস্পরিক সহযোগিতা বৃদ্ধির উদ্দেশ্যে এই মহড়া অনুষ্ঠিত হল।

স্মার্ট অ্যান্টি এয়ারফিল্ড ওয়েপনের সফল পরীক্ষা

ডিআরডিও এবং বায়ুসেনার তরফ থেকে সফল পরীক্ষা করা হল স্মার্ট অ্যান্টি-এয়ারফিল্ড ওয়েপনের। রাজস্থানের জয়সলমীরের চন্দন রেঞ্জ থেকে ভারতীয় বায়ুসেনার তরফ থেকে এটির পরীক্ষা করা হল।

ভারতীয় নৌবাহিনীর চতুর্থ স্করপিয়ন সাবমেরিন

৯ নভেম্বর ভারতীয় নৌবাহিনীকে সরবরাহ করা হল চতুর্থ স্করপিয়ন সাবমেরিন। এই সাবমেরিনের নাম রাখা হল 'vela'। প্রোজেক্ট-৭৫ এর অধীনে নির্মিত হওয়া ছটি সাবমেরিনের অন্যতম এটি।

৩২তম ইন্দো-থাই করপ্যাট

১২-১৪ নভেম্বর ভারতীয় নৌবাহিনী এবং রয়্যাল থাই নেভির মধ্যে আন্দামান সাগরে অনুষ্ঠিত হল ৩২তম ইন্দো-থাই করপ্যাট। দুই দেশের মধ্যে সামুদ্রিক যোগাযোগ শক্তিশালী করার উদ্দেশ্যে এই সামরিক মহড়া অনুষ্ঠিত হল।

তৃতীয় 'SITMEX-21'

১৫-১৬ নভেম্বর আন্দামান সাগরে ভারত, সিঙ্গাপুর এবং থাইল্যান্ড নৌবাহিনীর মধ্যে অনুষ্ঠিত হল ত্রিদেশীয় তৃতীয় সামরিক নৌমহড়া 'SITMEX-21'। রয়্যাল থাই নেভির তরফ থেকে এই মহড়ার আয়োজন করা হয়েছিল। ভারতের তরফ থেকে এই নৌমহড়ায় যোগদান করেছিল আইএনএস কার্মুখ।

ষষ্ঠ সামরিক মহড়া 'Ex-Shakti 2021'

১৫-২৬ নভেম্বর ফ্রান্সের ফ্রিজাসে ভারতীয় সেনা ও ফ্রান্সের সেনাবাহিনীর মধ্যে অনুষ্ঠিত হল ষষ্ঠ সামরিক মহড়া 'Ex-Shakti 2021'। দুই বছর অন্তর দুই দেশের মধ্যে এই সামরিক মহড়া সংগঠিত হয়ে থাকে। দুই দেশের মধ্যে পারস্পরিক সমঝোতা বৃদ্ধি করতে এই সামরিক মহড়া অনুষ্ঠিত হল।

সুরক্ষা মহড়া 'Prasthan'

ভারতীয় নৌবাহিনীর তরফ থেকে মুম্বাই উপকূলে অনুষ্ঠিত হল সুরক্ষা মহড়া 'Prasthan'। পশ্চিম ন্যাভাল কম্যান্ডের সদর দপ্তরের তরফ থেকে এই মহড়া অনুষ্ঠিত হল।

এয়ারলিফট মহড়া 'OP HERCULES'

১৫ নভেম্বর ভারতীয় বায়ুসেনা এবং স্থলসেনার মধ্যে অনুষ্ঠিত হল যৌথ এয়ারলিফট মহড়া 'OP HERCULES'। উত্তর সেক্টরে রসদ সরবরাহ এবং কার্যকর স্থানে শীতকালীন পণ্য মজুদের উদ্দেশ্যে এই এয়ারলিফট মহড়া অনুষ্ঠিত হল।

ইনডেক্স/রিপোর্ট/স্টাডি/র‍্যাঙ্কিং

WJP Rule of Law Index–2021

প্রকাশিত হল World Justice Project (WJP) Rule of Law Index 2021। ১৩৯টি দেশের মধ্যে এই ইনডেক্স প্রকাশিত হয়েছে। প্রথম স্থানে রয়েছে ডেনমার্ক। দ্বিতীয় ও তৃতীয় স্থানে রয়েছে যথাক্রমে নরওয়ে ও ফিনল্যান্ড। ভারত রয়েছে ৭৯তম স্থানে। সর্বশেষ স্থানে রয়েছে ভেনিজুয়েলা।

র‍্যাঙ্ক	দেশের নাম	সর্বমোট স্কোর
১.	ডেনমার্ক	০.৯০
২.	নরওয়ে	০.৯০
৩.	ফিনল্যান্ড	০.৮৮
৭৯.	ভারত	০.৫০

CEEW রিপোর্ট

প্রকাশিত হল কাউন্সিল অন এনার্জি, এনভায়রনমেন্ট অ্যান্ড ওয়াটার রিপোর্ট। এই রিপোর্ট অনুযায়ী ভারতের ৮০ শতাংশ জেলা বিভিন্ন প্রাকৃতিক বিপর্যয় থেকে অসুরক্ষিত। জোন অনুযায়ী সবচেয়ে উপরে রয়েছে দক্ষিণ ভারত। তারপর যথাক্রমে পূর্ব, পশ্চিম, উত্তর, উত্তর-পূর্ব এবং মধ্য ভারত। রাজ্যগুলির মধ্যে অসম, অন্ধ্রপ্রদেশ, মহারাষ্ট্র, কর্ণাটক এবং বিহার সবচেয়ে অসুরক্ষিত বিভিন্ন প্রাকৃতিক বিপর্যয় যেমন বন্যা, খরা, সাইক্লোন প্রভৃতি থেকে।

Climate Tech Investment রিপোর্ট

প্রকাশিত হল Climate Tech Investment রিপোর্ট বা 'Five Years on : Global Climate tech investment trends since the Paris Agreement' রিপোর্ট। ২০১৬-২০২১ এর ভিত্তিতে শীর্ষ দশটি দেশের নাম প্রকাশিত হয়েছে জলবায়ু প্রযুক্তি বিনিয়োগ অনুযায়ী। এই তালিকার এক নম্বরে রয়েছে মার্কিন যুক্তরাষ্ট্র। দ্বিতীয় ও তৃতীয় স্থানে রয়েছে যথাক্রমে চীন ও সুইডেন। ভারত রয়েছে নবম স্থানে। দশম স্থানে রয়েছে সিঙ্গাপুর।

র‍্যাঙ্ক	দেশের নাম	অর্থের পরিমাণ (মার্কিন ডলার)
১.	মার্কিন যুক্তরাষ্ট্র	৪৮ বিলিয়ন
২.	চীন	১৮.৬ বিলিয়ন
৩.	সুইডেন	৫.৮ বিলিয়ন
৯.	ভারত	১ বিলিয়ন

ওয়ার্ল্ড থ্রিফট ডে ২০২১-র থিম ছিল 'আন্ডারস্ট্যান্ডিং দ্যা ইম্পর্টেন্স অফ সেভিংস'

Times Higher Education (THE) এর World Reputation Rankings–2021

প্রকাশিত হল Times Higher Education (THE) এর World Reputation Rankings-2021। এই র‍্যাঙ্কিং এর শীর্ষ ২০০টি বিশ্ববিদ্যালয়ে মধ্যে ভারতের চারটি বিশ্ববিদ্যালয় রয়েছে। এই র‍্যাঙ্কিং অনুযায়ী বিশ্বের সেরা বিশ্ববিদ্যালয়ের মর্যাদা লাভ করল মার্কিন যুক্তরাষ্ট্রের হার্বার্ড ইউনিভার্সিটি। দ্বিতীয় ও তৃতীয় স্থানে রয়েছে যথাক্রমে মার্কিন যুক্তরাষ্ট্রের ম্যাসাচুয়েট ইনস্টিটিউট অফ টেকনোলজি এবং ব্রিটিশ যুক্তরাজ্যের ইউনিভার্সিটি অফ অক্সফোর্ড। ভারতীয় শিক্ষা প্রতিষ্ঠানগুলির মধ্যে প্রথম স্থানে রয়েছে আইআইএসসি বেঙ্গালুরু যার বিশ্বব্যাপী র‍্যাঙ্ক ৯১-১০০। আইআইটি বোম্বে রয়েছে বিশ্বব্যাপী র‍্যাঙ্ক ১২৬-১৫০ এর মধ্যে এবং বিশ্বব্যাপী র‍্যাঙ্ক ১৭৬-২০০ এর মধ্যে রয়েছে আইআইটি দিল্লি এবং আইআইটি মাদ্রাজ।

SEEI–2020

কেন্দ্রীয় শক্তি মন্ত্রক কর্তৃক প্রকাশিত হল State Energy Efficiency Index (SEEI) 2020। এই ইনডেক্সের প্রথম স্থানে রয়েছে কর্ণাটক। দ্বিতীয় ও তৃতীয় স্থানে রয়েছে যথাক্রমে রাজস্থান ও হরিয়ানা। পশ্চিমবঙ্গ রয়েছে দশম স্থানে।

র‍্যাঙ্ক	রাজ্য	স্কোর
১.	কর্ণাটক	৭০
২.	রাজস্থান	৬১
৩.	হরিয়ানা	৫৯.৫
১০.	পশ্চিমবঙ্গ	১৭.৫

PAI–2021

বেঙ্গালুরুর নন প্রফিট থিঙ্ক ট্যাঙ্ক পাবলিক অ্যাফেয়ার্স সেন্টার বা PAC কর্তৃক প্রকাশিত হল Public Affairs Index (PAI) 2021। এবছর এই ইনডেক্সের ষষ্ঠ সংস্করণ প্রকাশিত হল। এই ইনডেক্স অনুযায়ী বৃহৎ রাজ্যগুলির মধ্যে প্রথম স্থানে রয়েছে কেরল। দ্বিতীয় ও তৃতীয় স্থানে রয়েছে যথাক্রমে তামিলনাড়ু ও তেলেঙ্গানা। পশ্চিমবঙ্গ রয়েছে ১৫তম স্থানে। ছোট রাজ্যগুলির মধ্যে প্রথম স্থানে রয়েছে সিকিম। দ্বিতীয় ও তৃতীয় স্থানে রয়েছে যথাক্রমে মেঘালয় ও মিজোরাম। কেন্দ্রশাসিত অঞ্চলগুলির মধ্যে প্রথম স্থানে রয়েছে পুদুচেরী। দ্বিতীয় ও তৃতীয় স্থানে রয়েছে যথাক্রমে জম্মু ও কাশ্মীর এবং চণ্ডীগড়।

QS Asia University Rankings–2022

২ নভেম্বর Quacquarelli Symonds (QS) এর তরফ থেকে প্রকাশিত হল QS Asia University Rankings-2022। এই র‍্যাঙ্কিং অনুযায়ী এশিয়ার সেরা শিক্ষা প্রতিষ্ঠান হল সিঙ্গাপুরের ন্যাশনাল ইউনিভার্সিটি অফ সিঙ্গাপুর, যা পরপর চারবছর এই র‍্যাঙ্কিং এ প্রথম স্থান অধিকার করল। দ্বিতীয় স্থান পেল চীনের পিকিং ইউনিভার্সিটি। তৃতীয় স্থানে রয়েছে সিঙ্গাপুরের নানিয়াং টেকনোলজিক্যাল ইউনাভার্সিটি এবং হংকং এর ইউনিভার্সিটি অফ হংকং। ১৮টি দেশের ৬৮৭টি শিক্ষা প্রতিষ্ঠা এই তালিকায় স্থান পেয়েছে যার মধ্যে ভারতের ১১৮টি শিক্ষা প্রতিষ্ঠা রয়েছে। ভারতীয় শিক্ষা প্রতিষ্ঠানগুলির মধ্যে প্রথম স্থানে রয়ে রয়েছে আইআইটি বোম্বে যার বিশ্বব্যাপী র‍্যাঙ্ক ৪২। দ্বিতীয় ও তৃতীয় স্থা রয়েছে যথাক্রমে আইআইটি দিল্লি ও আইআইটি মাদ্রাজ, যাদের বিশ্বব্যা র‍্যাঙ্ক যথাক্রমে ৪৫ ও ৫৪।

'State of the Global Climate 2021 repor

ওয়ার্ল্ড মেটেরোলজিক্যাল অর্গানাইজেশনের তরফ থেকে প্রকাশ ক হল 'State of the Global Climate 2021 report'। এই প্রতিবেদ অনুযায়ী 2015-2021 সাল বিশ্বের উষ্ণতর বছরের মর্যাদা লাভ করল

Logistic Performance Index-LEADS 202

প্রকাশিত হল Logistic Performance Index-LEAD 2021। ২১টি রাজ্যের মধ্যে এই তালিকা প্রকাশিত হল। এই ইনডে অনুযায়ী প্রথম স্থানে রয়েছে গুজরাট। দ্বিতীয় ও তৃতীয় স্থানে রয়ে যথাক্রমে হরিয়ানা ও পাঞ্জাব। পশ্চিমবঙ্গ রয়েছে ১৫তম স্থানে। উ পূর্ব রাজ্য ও হিমালয়ান কেন্দ্রশাসিত অঞ্চলগুলির মধ্যে প্রথম স্থ রয়েছে জম্মু ও কাশ্মীর। দ্বিতীয় ও তৃতীয় স্থানে রয়েছে সিকিম মেঘালয়। কেন্দ্রশাসিত অঞ্চলগুলির মধ্যে প্রথম স্থানে রয়েছে দিল্লি দ্বিতীয় স্থানে রয়েছে চণ্ডীগড়।

	র‍্যাঙ্ক	রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চল	স্কো
রাজ্য	১.	গুজরাট	৩.৬
	২.	হরিয়ানা	৩.৫
	৩.	পাঞ্জাব	৩.৫
উত্তরপূর্ব রাজ্য ও হিমালয়ান কেন্দ্রশাসিত অঞ্চল	১.	জম্মু ও কাশ্মীর	২.৬
	২.	সিকিম	২.৬
	৩.	মেঘালয়	২.৫
কেন্দ্রশাসিত অঞ্চল	১.	দিল্লি	৩.৩
	২.	চণ্ডীগড়	৩.০

Global Drug Policy Index–2021

প্রকাশিত হল Global Drug Policy Index-2021। দেশের মধ্যে এই ইনডেক্স প্রকাশিত হল। এই ইনডেক্স অনুযায়ী স্থানে রয়েছে নরওয়ে। দ্বিতীয় এবং তৃতীয় স্থানে রয়েছে যথা নিউজিল্যান্ড ও পর্তুগাল। ভারত রয়েছে ১৮তম স্থানে।

র‍্যাঙ্ক	দেশের নাম	স্কোর
১.	নরওয়ে	৭৪
২.	নিউজিল্যান্ড	৭১
৩.	পর্তুগাল	৭০
১৮.	ভারত	৪৬

Climate Change Performance Index–2022

জার্মান ওয়াচ এবং New Climate Institute ও ক্লাইমেট অ্যাকশন নেটওয়ার্ক কর্তৃক প্রকাশিত হল Climate Change Performance Index-2022। প্রথম তিনটি স্থান ফাঁকা রাখা হয়েছে। চতুর্থ স্থানে রয়েছে ডেনমার্ক। পঞ্চম ও ষষ্ঠ স্থানে রয়েছে যথাক্রমে সুইডেন ও নরওয়ে। ভারত রয়েছে দশম স্থানে।

র‍্যাঙ্ক	দেশের নাম	স্কোর
৪.	ডেনমার্ক	৭৬.৯২
৫.	সুইডেন	৭৪.৪৬
৬.	নরওয়ে	৭৩.৬২
১০.	ভারত	৬৯.২২

ভারতের তিনটি শীর্ষ পুলিশ স্টেশন

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের তরফ থেকে প্রকাশ করা হল ভারতের তিনটি শীর্ষ পুলিশ স্টেশনের নাম। শীর্ষ তিনটি পুলিশ স্টেশন হল হরিয়ানার বাটু কালান পুলিশ স্টেশন, দিল্লির সদর বাজার পুলিশ স্টেশন এবং ওড়িশার গঙ্গাপুর পুলিশ স্টেশন।

TRACE Global Bribery Risk Rankings

প্রকাশিত হল TRACE Global Bribery Risk Rankings। এই র‍্যাঙ্কিং অনুযায়ী বিশ্বের সবচেয়ে কম দুর্নীতি যুক্ত দেশ হল ডেনমার্ক। দ্বিতীয় ও তৃতীয় স্থানে রয়েছে যথাক্রমে নরওয়ে ও সুইডেন। ভারত রয়েছে ৮২তম স্থানে। বিশ্বের সর্বোচ্চ দুর্নীতিপূর্ণ দেশ হল দক্ষিণ কোরিয়া। ১৯৪টি দেশের মধ্যে এই তালিকা প্রকাশিত হয়েছে।

র‍্যাঙ্ক	দেশের নাম	স্কোর
১.	ডেনমার্ক	২
২.	নরওয়ে	৫
৩.	সুইডেন	৭
৮২.	ভারত	৪৪

বিজ্ঞান ও প্রযুক্তি

দক্ষিণ কোরিয়ার প্রথম দেশীয় মহাকাশ রকেট 'Nuri'

- 21 অক্টোবর দক্ষিণ কোরিয়ার গোয়েহাং এর ন্যারো স্পেস সেন্টার থেকে উৎক্ষেপণ করা হল দক্ষিণ কোরিয়ার প্রথম দেশীয় মহাকাশ রকেট 'Nuri'।
- যদিও এই মিশনটি ব্যর্থ হয়।
- এটির ওজন 200 টন এবং 47.2 মিটার লম্বা যা ছয়টি তরল জ্বালানি ইঞ্জিন সমৃদ্ধ।

'Abhyas'-এর সফল পরীক্ষা DRDO-র

- ওড়িশার চাঁদিপুরের ইনট্রিগ্রেটেড টেস্ট রেঞ্জ থেকে DRDO এর তরফ থেকে সফল পরীক্ষা করা হল উচ্চগতির সম্প্রসারণযোগ্য বায়বীয় লক্ষ্য 'Abhyas' এর।
- এটা নির্মাণ করেছে বেঙ্গালুরুর ডিআরডিও এর অ্যারোনটিক্যাল ডেভেলপমেন্ট এস্টাবলিশমেন্ট।

তিনটি হাইপারসনিক মিসাইল প্রোটোটাইপের সফল পরীক্ষা করল মার্কিন যুক্তরাষ্ট্র

- মার্কিন যুক্তরাষ্ট্রের ভার্জিনিয়ার ওয়ালপসের নাসা ফ্যাসিলিটি থেকে সফলভাবে পরীক্ষা করা হল তিনটি হাইপারসনিক মিসাইলের প্রোটোটাইপের।
- সান্ডিয়া ন্যাশনাল ল্যাবরেটরিসের তরফ থেকে এই পরীক্ষা করা হল।
- হাইপারসনিক মিসাইলগুলি ঘণ্টায় 3,853 মাইল দূরত্ব অতিক্রমে সক্ষম।

ফ্রান্সের সামরিক যোগাযোগ স্যাটেলাইট

- ফ্রান্সের তরফ থেকে সফলভাবে উৎক্ষেপণ করা হল সামরিক যোগাযোগ স্যাটেলাইট 'Syracuse 4A'।
- ফ্রেঞ্চ গিনির কৌরো থেকে অ্যারিয়েন 5 রকেটের মাধ্যমে এটির উৎক্ষেপণ করা হল।
- এটি ফ্রান্সের সামরিক বাহিনীকে বিশ্বের বিভিন্ন প্রান্ত থেকে দ্রুত ও নিরাপদ তথ্য প্রদান করে থাকবে।

চীনের Shijian-21 স্যাটেলাইট

- চীনের তরফ থেকে সফলভাবে উৎক্ষেপণ করা হল Shijian-21 স্যাটেলাইটের।
- স্পেস ধ্বংসাবশেষের প্রশমন প্রযুক্তির পরীক্ষার উদ্দেশ্যে এই স্যাটেলাইটের উৎক্ষেপণ করা হল।
- চীনে দক্ষিণ পশ্চিমে জিচ্যাং স্যাটেলাইট লঞ্চ সেন্টার থেকে লং মার্চ 3B রকেটের সাহায্যে এটির উৎক্ষেপণ করা হল।

Agni-5 মিসাইলের সফল উৎক্ষেপণ

- ওড়িশা উপকূলের ডঃ আব্দুল কালাম দ্বীপ থেকে সফলভাবে উৎক্ষেপণ করা হল Agni-5 নিউক্লিয়ার বহনযোগ্য ব্যালেস্টিক মিসাইলের।
- এটির স্ট্রাইক রেঞ্জ 5,000 কিমি।
- এটি এক ধরনের আন্তঃমহাদেশীয় ব্যালিস্টিক মিসাইল, যা অগ্নি সিরিজের মধ্যে দীর্ঘতম।

বিশ্বের বৃহত্তম হাইড্রোজেন ফুয়েল সেল পাওয়ার প্ল্যান্ট

- দক্ষিণ কোরিয়ার বাণিজ্য, শিল্প এবং শক্তি মন্ত্রকের তরফ থেকে উদ্বোধন করা হল বিশ্বের বৃহত্তম হাইড্রোজেন ফুয়েল সেল পাওয়ার প্ল্যান্ট।
- এর নাম রাখা হল 'Shinincheon Bitdream Fuel Cell Power Plant'।
- এটি 78 মেগাওয়াট ক্ষমতা সম্পন্ন এবং এটি গঠনের জন্য 340 বিলিয়ন ওন খরচ হয়েছে।

অক্সফোর্ড ইংলিশ ডিকশনারি 'VAX' শব্দটিকে ওয়ার্ড অফ দ্যা ইয়ার হিসেবে চিহ্নিত করল

চীনের অপটিক্যাল রিমোট সেন্সিং স্যাটেলাইটের সফল উৎক্ষেপণ

- 27 অক্টোবর চীনের তরফ থেকে সফলভাবে উৎক্ষেপণ করা হল অপটিক্যাল রিমোট সেন্সিং স্যাটেলাইট 'Jilin-1 Gaofen 02F'।
- সলিড ফুয়েল কেরিয়ার রকেট কুয়াঝৌ 1A এর মাধ্যমে উত্তর পশ্চিমের গানসু প্রদেশের জিকুয়ান স্যাটেলাইট লঞ্চ সেন্টার থেকে এটির উৎক্ষেপণ করা হল।
- স্যাটেলাইটটি উচ্চ রেজলিউশনযুক্ত ছবি এবং তথ্য সরবরাহে সক্ষম।

Teraflops Supercomputing Facility এর উদ্বোধন

- কেন্দ্রীয় বিজ্ঞান ও প্রযুক্তি প্রতিমন্ত্রী ডঃ জিতেন্দ্র সিং পাঞ্জাবের মোহালির ন্যাশনাল অ্যাগ্রি ফুড বায়োটেকনোলজি ইনস্টিটিউটে উদ্বোধন করলেন 650টি Teraflops Supercomputing Facility এর।
- এই সুপার কম্পিউটিং ফেসিলিটি টেলিমেডিসিন, ডিজিটাল স্বাস্থ্য, কৃত্রিম বুদ্ধিমত্তা, ব্লকচেন এবং অন্যান্য প্রযুক্তিতে সহায়তা প্রদান করবে।
- সেই সঙ্গে তিনি মোহালিতে উদ্বোধন করলেন i-RISE এবং টেকনোলজি বিজনেস ইনকিউবেটর যা দেশের স্টার্টআপগুলিকে বিশ্বমানের গবেষণা সুবিধা প্রদান করবে।

বিশ্বের প্রথম ভূ-বিজ্ঞান স্যাটেলাইট

- 5 নভেম্বর চীনের উত্তর সাংকি প্রদেশের তাইওয়ান স্যাটেলাইট লঞ্চ সেন্টার থেকে লংমার্চ 6 ক্যারিয়ার রকেট বা CZ-6 এর মাধ্যমে সফলভাবে উৎক্ষেপণ করা হল বিশ্বের প্রথম ভূ-বিজ্ঞান স্যাটেলাইট Guangmo-1 বা SDGSAT-1 এর।
- চীনের চাইনিজ অ্যাকাডেমি অফ সায়েন্সের তরফ থেকে এটির নির্মাণ করা হয়েছে।

চাঁদে রোভার প্রেরণের পরিকল্পনা অস্ট্রেলিয়ার

- 2024 সালের মধ্যে চাঁদে রোভার প্রেরণের পরিকল্পনা করল অস্ট্রেলিয়া। অস্ট্রেলিয়া এবং কানাডার বেসরকারি সংস্থাগুলি ইউনিভার্সিটি অফ টেকনোলজি সিডনির সঙ্গে যৌথ উদ্যোগে এই রোভার প্রেরণের পরিকল্পনা করেছে।
- চাঁদে জলের অস্তিত্ব প্রমাণের উদ্দেশ্যে এই রোভার প্রেরণের পরিকল্পনা অস্ট্রেলিয়ার।
- হাকুতো ল্যান্ডারের মাধ্যমে এটির উৎক্ষেপণ করা হবে যা নির্মাণ করেছে জাপানের লুনার রোবোটিক এক্সপ্লোরেশন সংস্থা ispace।

চীনের তিনটি রিমোট সেন্সিং স্যাটেলাইটের উৎক্ষেপণ

- 6 নভেম্বর চীনের তরফ থেকে লংমার্চ 2D রকেটের মাধ্যমে সফলভাবে উৎক্ষেপণ করা হল তিনটি রিমোট সেন্সিং স্যাটেলাইটের।
- এটা Yaogan-35 গোষ্ঠীভুক্ত স্যাটেলাইট যা চীনের সিচুয়ান প্রদেশের জিচ্যাং স্যাটেলাইট লঞ্চ সেন্টার থেকে উৎক্ষেপণ করা হয়েছে।
- এটি লং মার্চ সিরিজ ক্যারিয়ার রকেটের 396তম মিশন।

জাপানের 'Epsilon 5' রকেটের উৎক্ষেপণ

- 9 নভেম্বর জাপানের কাগোসিমার ইউচিনোরা স্পেস সেন্টার থেকে জাপান অ্যারোস্পেস এক্সপ্লোরেশন এজেন্সির তরফ থেকে উৎক্ষেপ করা হল নয়টি স্যাটেলাইটযুক্ত 'Epsilon 5' রকেট।
- মহাকাশ গবেষণার শিক্ষা সংস্থা ও অন্যান্য সংস্থাকে সহায়তার জন্য এই রকেটের উৎক্ষেপণ করা হল।
- রকেটটির ব্যাস 2.6 মিটার এবং দৈর্ঘ্য 26 মিটার। এর ওজন 96 টন

আর্বান এয়ার মোবিলিটি ভেহিক্যালের সফল পরীক্ষা দক্ষিণ কোরিয়ার

- 11 নভেম্বর দক্ষিণ কোরিয়ার তরফ থেকে সফলভাবে প্রদর্শিত করা হল আর্বান এয়ার মোবিলিটি ভেহিক্যালের যা দক্ষিণ কোরিয়ার বিভি শহর ও বিমানবন্দরের মধ্যে এয়ার ট্যাক্সি পরিষেবা প্রদান করবে।
- এটি 30-50 কিমি দূরত্ব 20 মিনিটে পৌঁছে দেবে।

53টি স্টারলিঙ্ক স্যাটেলাইটের উৎক্ষেপণ SpaceX এর

- মার্কিন যুক্তরাষ্ট্রের ফ্লোরিডার কেপ ক্যানাবেরাল স্পেস ফোর্স স্টেশ থেকে Falcon 9 রকেটের মাধ্যমে উৎক্ষেপণ করা হল 53 স্টারলিঙ্ক স্যাটেলাইটের।
- এই স্টারলিঙ্ক স্যাটেলাইটগুলি বিশ্বের বিভিন্ন স্থানে ইন্টারনে পরিষেবা প্রদান করবে।
- সেইসঙ্গে SpaceX এর তরফ থেকে উৎক্ষেপণ করা হল চারজ মহাকাশচারী সমৃদ্ধ Crew-3 মিশন। ইন্টারন্যাশনাল স্পেস স্টেশনে উদ্দেশ্যে এই মিশন প্রেরণ করা হল। চারজন মহাকাশচারী হলে রাজা চারি, টম মার্সবান, কায়লা ব্যারন এবং ম্যাটিয়াস মৌরার।

আন্টার্কটিকার উদ্দেশ্যে ৪১তম বৈজ্ঞানিক অভিযান

- কেন্দ্রীয় ভূ-বিজ্ঞান মন্ত্রকের তরফ থেকে সূচনা করা হল আন্টার্কটিক উদ্দেশ্যে 41তম বৈজ্ঞানিক অভিযান।
- ভারতীয় আন্টর্কটিক স্টেশন মৈত্রীর উদ্দেশ্যে প্রথম ব্যাচের 23 বৈজ্ঞানিক এবং সহকারী কর্মচারীকে প্রেরণ করা হবে।

এক্সোপ্ল্যানেট 'TOI 1789b' এর আবিষ্কার

- আহমেদাবাদের ফিজিক্যাল রিসার্চ ল্যাবরেটরির এক্সোপ্ল্যানেট স অ্যান্ড স্টাডি গ্রুপের তরফ থেকে আবিষ্কার করা হল নতুন এক্সোপ্ল্যা 'TOI 1789b'।
- এটি বৃহস্পতি গ্রহের তুলনায় বৃহদাকার।
- এটি 725 আলোকবর্ষ দূরে অবস্থিত এবং এটির ভর সূর্যের 1.5 গুণ

'Zircon' হাইপারসনিক ক্রুজ মিসাইল উৎক্ষেপণ

- 18 নভেম্বর রাশিয়ার নৌবাহিনীর তরফ থেকে সফলভাবে উৎক্ষে করা হল হাইপারসনিক ক্রুজ মিসাইল 'Zircon' এর।
- এটির রেঞ্জ 1,000 কিমি এবং গতিবেগ শব্দের নয় গুণ। এটি ভূ ও সমুদ্রে লক্ষ্যবস্তুকে আঘাত করতে সক্ষম।
- সেইসঙ্গে রাশিয়া উৎক্ষেপণ করল অ্যান্টি স্যাটেলাইট মিসাইল 'Nud

২০২১ সালের অক্টোবর-নভেম্বর মাসে স্বাক্ষরিত জাতীয় ও আন্তর্জাতিক মউ/চুক্তি

যাদের মধ্যে মউ/চুক্তি স্বাক্ষরিত হয়েছে	তারিখ	যে যে বিষয়ে মউ/চুক্তি স্বাক্ষরিত হয়েছে
FIXAR এবং পারাস অ্যারোস্পেস প্রাইভেট লিমিটেড	অক্টোবরের শেষ সপ্তাহ	ভারতে দ্রুত উদীয়মান দেশীয় মানববিহীন বায়বীয় যানবাহন নির্মাণের জন্য এই চুক্তি স্বাক্ষরিত হল।
TANFINET এবং ভারতনেট	অক্টোবরের শেষ সপ্তাহ	তামিলনাড়ুতে ভারতনেট প্রোজেক্ট কার্যকর করার উদ্দেশ্যে এই চুক্তি স্বাক্ষরিত হল।
বেলাট্রিক অ্যারোস্পেস, ধ্রুব স্পেস এবং লার্সেন অ্যান্ড টুবরো	অক্টোবরের শেষ সপ্তাহ	সাশ্রয়ী মূল্যের অ্যাক্সেসের জন্য ক্রমবর্ধমান চাহিদা মোকাবিলার উদ্দেশ্যে উৎপাদন দ্রুত বৃদ্ধির উপলক্ষ্যে এই মউ স্বাক্ষরিত হল।
গোয়া সরকারের ডিরেক্টরেট অফ হায়ার এডুকেশন এবং বিভিন্ন টেক ফার্ম	অক্টোবরের শেষ সপ্তাহ	রাজ্যের কলেজ ও স্কুল ছাত্রদের কৌশল বৃদ্ধি করে তাদের কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধির উদ্দেশ্যে এই মউ স্বাক্ষরিত হল।
এসটিপিআই ফিনব্লু এবং এএফআইএন	অক্টোবরের শেষ সপ্তাহ	সীমান্ত পারাপার বাণিজ্যের উন্নতির জন্য এই মউ স্বাক্ষরিত হল।
আইজিআরইউএ, ড্রোন ডেস্টিনেশন এবং হরিয়ানা সরকার	অক্টোবরের শেষ সপ্তাহ	হরিয়ানা সরকারের উদ্যোগ DRIISHYA (Drone Imaging and Information Services of Haryana Limited) এর অধীনে রাজ্যে ড্রোন প্রশিক্ষণ প্রদানের উদ্দেশ্যে এই চুক্তি স্বাক্ষরিত হল।
ভিইএম টেকনোলজি এবং তেলেঙ্গানা সরকার	অক্টোবরের শেষ সপ্তাহ	তেলেঙ্গানার সঙ্গারেড্ডি জেলার ইয়েলগইতে একটি ইনট্রিগ্রেটেড ডিফেন্স সিস্টেম ফ্যাসিলিটি স্থাপনের উদ্দেশ্যে এই মউ স্বাক্ষরিত হল।
সিএজি এবং অডিটর জেনারেল অফ মলদ্বীপ	২৪ অক্টোবর	পাবলিক ফিন্যান্সের অডিট প্রক্রিয়াকে শক্তিশালী করার উদ্দেশ্যে এই মউ স্বাক্ষরিত হল।
কেন্দ্রীয় সরকার এবং টাটা সন্স	২৫ অক্টোবর	১৮০০০ কোটি টাকার বিনিময়ে এয়ার ইন্ডিয়ার সম্পত্তি হস্তকরণের উদ্দেশ্যে এই চুক্তি স্বাক্ষরিত হল।
বিএসই এবং ছত্তিশগড় সরকার	অক্টোবরের শেষ সপ্তাহ	ক্ষুদ্র ও মাঝারি শিল্পোদ্যোগগুলিকে তালিকাভুক্ত করার সচেতনতা প্রচারের উদ্দেশ্যে এই মউ স্বাক্ষরিত হল।
বোর্ডিয়াক্স মেট্রোপোল এবং তেলেঙ্গানা সরকার	অক্টোবরের শেষ সপ্তাহ	সাস্টেনেবল সিটি প্রোজেক্ট গঠনের উদ্দেশ্যে এই মউ স্বাক্ষরিত হল।
অ্যাক্সিস ব্যাঙ্ক এবং ভারতীয় নৌবাহিনী	নভেম্বরের প্রথম সপ্তাহ	'Power Salute' এর অধীনে ডিফেন্স সার্ভিস স্যালারি প্যাকেজের জন্য এই মউ স্বাক্ষরিত হল।
ব্যাঙ্ক অফ বরোদা এবং এনসিডিই এক্স ই-মার্কেট লিমিটেড	২ নভেম্বর	কৃষিজাত ই-কমার্স ব্যবসায়ীদের সহযোগিতার উদ্দেশ্যে এই মউ স্বাক্ষরিত হল।
কেন্দ্রীয় গ্রামোন্নয়ন মন্ত্রক এবং ফ্লিপকার্ট	২ নভেম্বর	দীনদয়াল অন্ত্যোদয় যোজনার ন্যাশনাল গ্রামীণ লাইভলিহুড মিশনের অধীনে স্থানীয় বাণিজ্য ও স্বনির্ভর গোষ্ঠীগুলির ক্ষমতায়নের উদ্দেশ্যে এই মউ স্বাক্ষরিত হল।
টিআইআইসি, এসআইডিএম এবং সিআইআই	২ নভেম্বর	ক্ষুদ্র, ছোট এবং মাঝারি শিল্পোদ্যোগগুলিতে প্রতিরক্ষা সরঞ্জাম উৎপাদনের সুবিধা এবং গতিবৃদ্ধির উদ্দেশ্যে এই মউ স্বাক্ষরিত হল।
আনন্দের জাতীয় দুগ্ধ প্রক্রিয়াকরণ বোর্ড এবং উত্তরপ্রদেশ সরকার	নভেম্বরের প্রথম সপ্তাহ	পাঁচ বছরের জন্য বারাণসী মিল্ক ইউনিয়নের ব্যবস্থাপনার উদ্দেশ্যে এই মউ স্বাক্ষরিত হল।

সম্প্রতি গুজরাটে শুরু হল ডেয়ারি সহকার স্কিম

যাদের মধ্যে মউ/চুক্তি স্বাক্ষরিত হয়েছে	তারিখ	যে যে বিষয়ে মউ/চুক্তি স্বাক্ষরিত হয়েছে
অসম অন্তর্দেশীয় জল পরিবহণ দপ্তর এবং বিশ্বব্যাঙ্ক	নভেম্বরের দ্বিতীয় সপ্তাহ	অসম রাজ্যে জলপরিবহণের প্রচারের উদ্দেশ্যে এই মউ স্বাক্ষরিত হল।
ডিআরডিও এবং ইজরায়েলের প্রতিরক্ষা মন্ত্রকের ডিরেক্টরেট অফ ডিফেন্স রিসার্চ ও ডেভেলপমেন্ট	৯ নভেম্বর	উভয় দেশের ক্ষুদ্র, ছোট এবং মাঝারি শিল্পোদ্যোগ এবং স্টার্টআপগুলিতে যৌথ ব্যবহারযোগ্য প্রযুক্তির গবেষণা ও প্রচারের উদ্দেশ্যে এই চুক্তি স্বাক্ষরিত হল।
ভারতীয় সেনার এআরটিআর-এসি এবং আরআরইউ, বিআইএসএজি	৯ নভেম্বর	গবেষণা ক্ষেত্রে উন্নতির জন্য যৌথ সহযোগিতার উদ্দেশ্যে এই মউ স্বাক্ষরিত হল।
অ্যাক্সিস ব্যাঙ্ক এবং আর্মি ইন্সিয়োরেন্স গ্রুপ	১০ নভেম্বর	ভারতীয় সেনাবাহিনীর কর্মচারীদের খুচরো বন্ধকী ঋণ প্রদানের উদ্দেশ্যে এই মউ স্বাক্ষরিত হল।
এনএইচএসআরসিএল এবং জাপানের জেআরটিসি	১১ নভেম্বর	মুম্বাই-আহমেদাবাদ হাইস্পিড রেল করিডর প্রোজেক্টের টি-৩ প্যাকেজ এর জন্য হাইস্পিড রেল ট্রাকের নকশা প্রস্তুতির উদ্দেশ্যে এই মউ স্বাক্ষরিত হল।
মহারাষ্ট্র সরকার এবং আরএমআই	নভেম্বরের দ্বিতীয় সপ্তাহ	মহারাষ্ট্রের বৈদ্যুতিক যানবাহন নীতিকে প্রযুক্তিগত সহযোগিতা প্রদানের উদ্দেশ্যে এই মউ স্বাক্ষরিত হল।
কেন্দ্রীয় পর্যটন মন্ত্রক এবং আইআরসিটিসি	নভেম্বরের দ্বিতীয় সপ্তাহ	আতিথেয়তা এবং পর্যটন শিল্পকে শক্তিশালী করে গড়ে তোলার উদ্দেশ্যে এই মউ স্বাক্ষরিত হল।
আইআইটি গুয়াহাটি এবং ওআইএল	নভেম্বরের দ্বিতীয় সপ্তাহ	শক্তি এবং এর সঙ্গে যুক্ত ক্ষেত্রে নতুন প্রযুক্তির উন্নতি ও প্রবর্তনের জন্য এই মউ স্বাক্ষরিত হল।
এনটিপিসি এবং আইওসিএল	১২ নভেম্বর	পুনর্নবীকরণযোগ্য শক্তির ক্ষেত্রে সহযোগিতা এবং কম ক্যাপটিভ পাওয়ার সরবরাহের জন্য পারস্পরিক সুযোগ অন্বেষণের উদ্দেশ্যে এই মউ স্বাক্ষরিত হল।
এসবিআই, টাটা স্টিল এবং জামশেদপুর এফসি	নভেম্বরের তৃতীয় সপ্তাহ	ভারতে ফুটবলের প্রচার ও সহযোগিতার উদ্দেশ্যে এই মউ স্বাক্ষরিত হল।
কেন্দ্রীয় খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প মন্ত্রক এবং কেন্দ্রীয় মৎস্যচাষ, পশুপালন এবং দুগ্ধজাত শিল্পের পশুপালন এবং দুগ্ধজাত দপ্তর	নভেম্বরের তৃতীয় সপ্তাহ	কেন্দ্রীয় খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প মন্ত্রক এবং পশুপালন ও দুগ্ধজাত দপ্তরের বিভিন্ন প্রকল্পে সুযোগ সুবিধা বৃদ্ধির উদ্দেশ্যে এই মউ স্বাক্ষরিত হল।
ওড়িশা এবং এসটিএফ	নভেম্বরের তৃতীয় সপ্তাহ	রাজ্যে সড়ক সুরক্ষার উন্নতির জন্য এই মউ স্বাক্ষরিত হল।
নেটওয়ার্ক ইন্টারন্যাশনাল এবং এনআইপিএল	নভেম্বরের তৃতীয় সপ্তাহ	সংযুক্ত আরব আমিরশাহিতে ইউপিআই লেনদেন কার্যকর করার উদ্দেশ্যে এই মউ স্বাক্ষরিত হল।
নাগাল্যান্ডের চিফ ইলেক্টোরাল অফিস এবং ডাকদপ্তর	১৬ নভেম্বর	স্পিড পোস্ট পরিষেবার মাধ্যমে সময়ের মধ্যে ইলেক্টর, ফোটো, আইডেন্টিটি কার্ড সরবরাহের উদ্দেশ্যে এই মউ স্বাক্ষরিত হল।
প্রতিরক্ষা মন্ত্রক এবং এইচএএল	১৮ নভেম্বর	৩৫৭ কোটি টাকার বিনিময়ে দুটি জাগুয়ার এয়ারক্রাফটের বরাতের জন্য এই চুক্তি স্বাক্ষরিত হল।

সম্প্রতি উত্তরাখণ্ড লঞ্চ করল ঘাসিয়ারি কল্যাণ স্কিম

অন্যান্য

কুশিনগর আন্তর্জাতিক বিমানবন্দরের উদ্বোধন

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী উত্তরপ্রদেশের কুশিনগরে মহাপরিনির্বাণ মন্দিরে অভিধর্ম দিবস উপলক্ষ্যে উদ্বোধন করলেন কুশিনগর আন্তর্জাতিক বিমানবন্দরের। এটি উত্তরপ্রদেশের তৃতীয় আন্তর্জাতিক এবং নবম কার্যকর থাকা বিমানবন্দর। এই বিমানবন্দরের মাধ্যমে পূর্ব উত্তরপ্রদেশের সঙ্গে ভারত এবং দক্ষিণ-পূর্ব এশিয়ার বিভিন্ন বৌদ্ধ সার্কিটের যোগাযোগ স্থাপিত হবে। এটির নির্মাণে ২৬০ কোটি টাকা খরচ হয়েছে।

ক্ষুদ্র শামুকের নতুন প্রজাতির সন্ধান

বেঙ্গালুরুর অশোক ট্রাস্ট ফর রিসার্চ ইন ইকোলজি অ্যান্ড দ্য এনভায়রনমেন্টের গবেষক দল সন্ধান পেল ক্ষুদ্র শামুকের নতুন প্রজাতির। মেঘালয়ের চুনাপাথরের গুহা 'মাওসামাই এর নামানুসারে এটির নাম রাখা হল Georissa mawsmaiensis'।

ভারতের বৃহত্তম গ্রিন হাইড্রোজেন প্ল্যান্ট

GAIL এর তরফ থেকে নির্মিত হতে চলেছে ভারতের বৃহত্তম গ্রিন হাইড্রোজেন প্ল্যান্ট। এটি ১২-১৪ মাসের মধ্যে দশ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন হবে। এই প্ল্যান্ট থেকে GAIL কার্বনমুক্ত জ্বালানি পেয়ে থাকবে। মধ্যপ্রদেশের বিজয়পুরে এর একটি ইউনিট স্থাপিত হবে।

FATF এর গ্রে লিস্টে রইল পাকিস্তান

ফিন্যান্সিয়াল অ্যাকশন টাস্ক ফোর্সের (FATF) গ্রে লিস্টেই রইল পাকিস্তান। জঙ্গি কার্যকলাপে অর্থ সহায়তার অভিযোগে ২০১৮ সাল থেকে FATF এর গ্রে লিস্টেই অবস্থান করছে পাকিস্তান। পাকিস্তানের পাশাপাশি এই তালিকায় রয়েছে জর্ডন, মালি এবং তুর্কি। অন্যদিকে মরিশাস এবং বোসওয়ানাকে এই তালিকা থেকে মুক্ত করা হয়েছে।

IRSDC কে প্রত্যাহারের সিদ্ধান্ত ভারতীয় রেলের

ভারতীয় রেলের তরফ থেকে প্রত্যাহার করা হল ইন্ডিয়ান রেলওয়ে স্টেশন ডেভেলপমেন্ট কর্পোরেশন বা IRSDC। ২০২১ সালে এটি রেল মন্ত্রকের দ্বিতীয় সংস্থা যা প্রত্যাহার করে নেওয়া হল। এই বছরের সেপ্টেম্বর মাসে ভারতীয় রেলের ইন্ডিয়ান রেলওয়েজ অর্গানাইজেশন ফর অল্টারনেটিভ ফুয়েল সংস্থাটিকে প্রত্যাহার করা হয়েছিল।

ভারতের প্রথম রাজ্য সরকারি ওয়াইল্ড লাইফ ডিএনএ টেস্টিং ল্যাব

২২ অক্টোবর মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী উদ্ধব বালসাহেব ঠাকরে নাগপুরে উদ্বোধন করলেন ভারতের প্রথম রাজ্য সরকারি মালিকানাধীন ওয়াইল্ড লাইফ ডিএনএ টেস্টিং ল্যাব। বর্তমানে ভারতের দেরাদুন ও হায়দ্রাবাদে দুটি ওয়াইল্ড লাইফ ডিএনএ টেস্টিং ল্যাব রয়েছে যা কেন্দ্রীয় সরকারের মালিকানাধীন।

জয়নগর-কুর্তা সীমান্ত রেলযোগাযোগ ব্যবস্থা হস্তান্তর

ভারত সরকারের তরফ থেকে নেপাল সরকারকে হস্তান্তর করা হল জয়নগর-কুর্তা রেল যোগাযোগ ব্যবস্থা। ৩৪.৯ কিমি দীর্ঘ এই রেল যোগাযোগ ব্যবস্থা ভারতের বিহারের জয়নগর এবং নেপালের কুর্তার মধ্যে সংযোগ স্থাপন করেছে।

তিনটি নতুন প্রজাতির মাছের সন্ধান

অরুণাচল প্রদেশের ইটানগরে দেরা নাটুং গভর্নমেন্ট কলেজের প্রাণীবিদ্যা দপ্তরে সন্ধান মিলল তিনটি নতুন প্রজাতির মাছের। নতুন প্রজাতির মাছগুলির নাম হল যথা— Aborichthys uniobarensis, Aborichthys barapensis এবং Aborichthys palinensis।

ফৈজাবাদ রেলস্টেশনের নাম পরিবর্তন

উত্তরপ্রদেশের সাংসদ লাল্লু সিং-এর প্রস্তাবে সম্মতি প্রকাশ করল উত্তরপ্রদেশ সরকার। এর ফলে ফৈজাবাদ রেলস্টেশনের নাম পরিবর্তন করা হল। নতুন নাম হল অযোধ্যা ক্যান্টনমেন্ট।

করোনা ভাইরাসের নামে গুবরে পোকার নতুন প্রজাতি

ইন্দোনেশিয়ার দ্বীপপুঞ্জ সুলায়েসিতে ইন্দোনেশিয়া ও জার্মানির মিউজিয়ামের বৈজ্ঞানিকরা সন্ধান পেল গুবরে পোকার ২৮টি প্রজাতির। করোনা ভাইরাসের নামানুসারে এই নতুন প্রজাতির নাম রাখা হল Trigonopterus corona।

মহারাষ্ট্রের Wildlife Action Plan 2021-30

মহারাষ্ট্র সরকারের ১৭তম স্টেট বোর্ড ফর ওয়াইল্ড লাইফ বৈঠকে মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী উদ্ধব ঠাকরে প্রকাশ করলেন Wildlife Action Plan 2021-30। প্রথম রাজ্য হিসাবে মহারাষ্ট্র তাদের নিজস্ব Wildlife Action Plan 2021-30 কার্যকর করল যা আগামী দশ বছর কার্যকর থাকবে।

ভারতের বৃহত্তম ল্যান্ডফিল বায়োগ্যাস প্ল্যান্ট

তেলেঙ্গানার হায়দ্রাবাদে রেমকি এনবিরো ইঞ্জিনিয়ার্স লিমিটেডের তরফ থেকে উদ্বোধন করা হল ভারতের বৃহত্তম ল্যান্ডফিল বায়োগ্যাস প্ল্যান্ট। হায়দ্রাবাদ ইনটিগ্রেটেড মিউনিসিপ্যাল সলিড ওয়েস্ট সাইটে এটির উদ্বোধন করা হল।

ভারতের প্রথম মেগা-স্কেল ম্যালেইক অ্যানহাইড্রাইড প্ল্যান্ট

ইন্ডিয়ান অয়েল কর্পোরেশনের তরফ থেকে স্থাপন করা হতে চলেছে ভারতের প্রথম মেগা-স্কেল ম্যালেইক অ্যানহাইড্রাইড প্ল্যান্ট। হরিয়ানার পানিপথ রিফাইনারি অ্যান্ড পেট্রোলিয়াম কমপ্লেক্সে এটি স্থাপিত হবে। এটির জন্য খরচ হবে ৩৬৮১ কোটি টাকা।

গিনিস ওয়ার্ল্ড রেকর্ডস-র খেতাব পেল ন্যাশনাল মিশন ফর ক্লিন গঙ্গা

জম্মু ও কাশ্মীরের নতুন পক্ষীর ঘোষণা

কেন্দ্রশাসিত অঞ্চল জম্মু ও কাশ্মীরের লেফটেন্যান্ট গভর্নর মনোজ সিনহার অনুমতিতে জম্মু ও কাশ্মীরের বন, বাস্তুতন্ত্র ও পরিবেশ দপ্তর Kalij Pheasant কে নতুন পক্ষী হিসাবে ঘোষণা করল। ইহা 'Lophura Leucomelanos নামেও পরিচিত।

মহাত্মা গান্ধীর সম্মানে স্মারক মুদ্রা

৪ নভেম্বর ব্রিটিশ যুক্তরাজ্য সরকার মহাত্মা গান্ধীর সম্মানে স্মারক মুদ্রা প্রকাশ করল। এই উদ্দেশ্যে ৫ ইউরোর কয়েন প্রকাশ করা হল। প্রথমবার ব্রিটিশ যুক্তরাজ্য সরকারের তরফ থেকে মহাত্মা গান্ধীর সম্মানে স্মারক প্রকাশ করা হল। ব্রিটিশ যুক্তরাজ্যের চ্যান্সেলর ঋষি সৌনক মুদ্রার অন্তিম নকশা বেছে নিয়েছেন।

২০২১ এর ইউনেস্কোর ক্রিয়েটিভ সিটিজ নেটওয়ার্কে যুক্ত হল শ্রীনগর

৮ নভেম্বর ইউনেস্কোর তরফ থেকে বিশ্বের ৪৯টি শহরকে ২০২১ এর ইউনেস্কোর ক্রিয়েটিভ সিটিজ নেটওয়ার্কে যুক্ত করা হল। একমাত্র ভারতীয় শহর হিসাবে জম্মু ও কাশ্মীরের রাজধানী শ্রীনগর ইউনেস্কোর ক্রিয়েটিভ সিটিজ নেটওয়ার্কের কারুশিল্প ও লোকশিল্প ক্যাটাগরিতে স্থান পেল। এই নিয়ে ভারতের ছয়টি শহর এই সম্মান লাভ করল।

মুম্বাই-কর্ণাটক অঞ্চলের নতুন নামকরণ কর্ণাটক ক্যাবিনেটে

কর্ণটিকের মুখ্যমন্ত্রী বাসবরাজ বোম্বাই এর নেতৃত্বাধীন ক্যাবিনেট মুম্বাই কর্ণাটক অঞ্চলের নতুন নামকরণ করলেন। এই অঞ্চলের নতুন নামকরণ করা হল 'কিত্তুর কর্ণাটক'। এই অঞ্চল কর্ণাটকের সাতটি জেলা যথা– উত্তর কানাড়া, বেলগাবি, ধারয়ার, বিজয়পুর, হাবেরি, বাগালকোট এবং গডক জেলা নিয়ে গঠিত।

ভারতের প্রথম ড্রোন প্রযুক্তি,গবেষণা কেন্দ্র

কেন্দ্রীয় অসামরিক বিমান পরিবহণ প্রতিমন্ত্রী বি কে সিং সূচনা করলেন ভারতের প্রথম ড্রোন বা মানববিহীন বায়বীয় যানবাহন প্রযুক্তি এবং কৃত্রিম বুদ্ধিমত্তা যুক্ত গবেষণা কেন্দ্রের। অসমের আইআইটি গুয়াহাটিতে এটি স্থাপন করা হয়েছে।

মেঘালয়ের বারোতম জেলা

মেঘালয় ক্যাবিনেটের তরফ থেকে অনুমতি প্রদান করা হল ১২তম জেলা গঠনের। রাজ্যের ১২তম জেলা হল ইস্টার্ন ওয়েস্ট খাসি হিল ডিস্ট্রিক্ট। পূর্বে এটি মৈরাং সিভিল সাব ডিভিশন ছিল যা ওয়েস্ট খাসি হিল ডিস্ট্রিক্টের অংশ ছিল।

স্পেস বিজনেস পার্ক স্থাপন করতে চলেছে ব্লু অরিজিন

অ্যামাজনের প্রতিষ্ঠাতা জেফ বেজোসের মালিকাধীন মহাকাশ পর্যটন সংস্থা ব্লু অরিজিন স্থাপন করতে চলেছে স্পেস বিজনেস পার্ক 'Orbital Reef' এর। ২০২৫-২০৩০ সালের মধ্যে এই স্পেস স্টেশন স্থাপিত হবে।

আইএসএ এর ১০১তম সদস্য

আইএসএ বা ইন্টারন্যাশনাল সোলার অ্যালায়েন্সের ১০১তম হল মার্কিন যুক্তরাষ্ট্র। ব্রিটিশ যুক্তরাজ্যের স্কটল্যান্ডের গ্লাসগোয় ইউ নেশনস ফ্রেমওয়ার্ক কনভেনশন অন ক্লাইমেট চেঞ্জের কনফেডারেশন অফ পার্টি বা COP26 এ মার্কিন যুক্তরাজ্য আ তে যুক্ত হল।

ভারতের প্রথম ঘাস সংগ্রহশালা

১৫ নভেম্বর উত্তরাখণ্ডের আলমোরা জেলার রানিখেতে উ করা হল ভারতের প্রথম ঘাস সংগ্রহশালা বা জার্মপ্লাজম কনজা সেন্টার। এটি ২ এককের বেশি অঞ্চলের ওপর বিদ্যমান।

ভারতের প্রথম ফুড মিউজিয়াম

১৫ নভেম্বর তামিলনাড়ুর তাঞ্জাভুরে কেন্দ্রীয় মন্ত্রী পীযূষ ভার্চুয়ালি সূচনা করলেন ভারতের প্রথম ফুড মিউজিয়ামের। বর্গফুট এই মিউজিয়াম ফুড কর্পোরেশন অফ ইন্ডিয়া এবং ক বেঙ্গালুরুর বিশ্বেসরয়া ইন্ডাস্ট্রিয়াল অ্যান্ড টেকনোলজিক্যাল মি যৌথভাবে নির্মাণ করল। এর জন্য ১.১ কোটি টাকা খরচ হল

ভারতের প্রথম ফিশারিজ ইনকিউবেশন সেন্টা

কেন্দ্রীয় মৎস্যচাষ, পশুপালন ও দুগ্ধজাত মন্ত্রী পুরুষোত্তম হরিয়ানার গুরুগ্রামে সূচনা করলেন দেশের প্রথম ফিশারিজ ইনকি সেন্টার। এই সেন্টারের নাম রাখা হল LINAC-NCDC Fis Business Incubation Centre (LIFIC)। এটির নির্মাণে কোটি টাকা খরচ হল।

লাদাখের নতুন রাজ্য সৈনিক বোর্ড

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের তরফ থেকে অনুমতি প্রদান ক লাদাখের জন্য নতুন রাজ্য সৈনিক বোর্ড গঠনের। কেন্দ্রশাসিত লাদাখের যাট হাজার প্রাক্তন সেনাকর্মী, বিধবা, অসৈনিক কর্মী, কর্মী ও তাদের নির্ভরশীলদের কল্যাণ ও পুনর্বাসনের জন্য এই বোর্ড গঠন করা হল।

ভারতের প্রথম LIGO প্রোজেক্ট

১৭ নভেম্বর মহারাষ্ট্রের হিঙ্গোলি রেভিনিউ দপ্তরের তরফ মহারাষ্ট্রের ওন্ডা নাগনাথ শহরের দুধালা অঞ্চলে ২২৫ হেক্ট বরাদ্দ করা হল দেশের প্রথম Laser Interferometer Gravitat Wave Observatory বা LIGO প্রোজেক্ট স্থাপনের জন্য। মহা দুরবর্তী স্থান থেকে বিপর্যয়মূলক অভিকর্ষজ তরঙ্গের গবেষণার উ এই প্রোজেক্ট স্থাপিত হবে।

ইউনেস্কো এগজিকিউটিভ বোর্ডে পুনর্নির্বাচিত ভা

১৭ নভেম্বর ইউনেস্কোর এগজিকিউটিভ বোর্ডে পুনর্নির্বাচি ভারত। ২০২১-২০২৫ চার বছরের জন্য ভারত এশিয়া ও প্যা রাষ্ট্রের চার নম্বর গ্রুপে পুনর্নির্বাচিত হল। ভারতের পাশাপাশি জ ফিলিপিন্স, ভিয়েতনাম, কুক আইল্যান্ড এবং চীন নির্বাচিত হল।

At the drop of a hat *Means* **: Willingness to do something instantly**

পুরস্কার ও সম্মান

❖ যোশেফ এ কুশম্যান অ্যাওয়ার্ড — ২০২২ :

সম্প্রতি কুশম্যান ফাউন্ডেশন ফর ফোরামিনিফেরাল রিসার্চ কর্তৃক প্রদত্ত ২০২২ সালের যোশেফ এ কুশম্যান অ্যাওয়ার্ডের জন্য মনোনীত হলেন ডক্টর রাজীব নিগম। তিনি গোয়ায় অবস্থিত CSIR-NIO-এর প্রাক্তন প্রধান বৈজ্ঞানিক। মাইক্রোফসিলের ওপর গবেষণামূলক কাজকর্মের স্বীকৃতি স্বরূপ প্রথম ভারতীয় হিসাবে এই পুরস্কারে ভূষিত হলেন। প্রসঙ্গত উল্লেখ্য, ১৯৭৯ সালে এই পুরস্কার প্রদান করা শুরু হয়েছিল।

❖ ইনোভেটিভ এইচআর প্র্যাকটিসেস অ্যাওয়ার্ড :

সম্প্রতি অনুষ্ঠিত ১৯তম 'এশিয়ান প্যাসিফিক এইচআরএম কংগ্রেসে' শ্রেষ্ঠ প্রতিষ্ঠান হিসাবে ইনোভেটিভ এইচ আর প্র্যাকটিসেস অ্যাওয়ার্ডে ভূষিত হল কর্ণাটক ব্যাঙ্ক। প্রসঙ্গত উল্লেখ্য, কর্ণাটক ব্যাঙ্ক হল একটি বেসরকারি ব্যাঙ্ক। এটি ১৯২৪ সালে প্রতিষ্ঠিত হয়েছিল। এর সদর কার্যালয় মেঙ্গালুরুতে অবস্থিত।

❖ UNESCO-ICM মার্শিয়াল আর্টস এডুকেশন প্রাইজ — ২০২১ :

সম্প্রতি ইউনেস্কোর অধীনস্থ দ্য ইন্টারন্যাশনাল সেন্টার ফর মার্শিয়াল আর্টস এডুকেশন প্রাইজ - ২০২১ এ ভূষিত হলেন দ্রুকপা'র সন্ন্যাসী কুং ফু। তাঁর সেবামূলক কাজকর্মের স্বীকৃতি স্বরূপ তাঁকে এই পুরস্কারে ভূষিত করা হল। এই পুরস্কারের সম্মান স্বরূপ তাঁকে একটি শংসাপত্র, একটি মেডেল এবং নগদ ১০ হাজার মার্কিন ডলার প্রদান করা হয়েছে।

❖ ইন্ডিয়া গ্রিন এনার্জি অ্যাওয়ার্ড — ২০২০ :

সম্প্রতি ২০২০ সালের ইন্ডিয়া গ্রিন এনার্জি অ্যাওয়ার্ডের আউটস্ট্যান্ডিং রিনিয়েবল এনার্জি ইউজার বিভাগে পুরস্কৃত হল টিভিএস মোটর কোম্পানি। ইন্ডিয়ান ফেডারেশন অফ গ্রিন এনার্জি (IFGE) কর্তৃক প্রদত্ত এই পুরস্কারটি সম্প্রতি আয়োজিত এক পুরস্কার বিতরণী সভায় সংস্থার হাতে তুলে দেন কেন্দ্রীয় সড়ক ও পরিবহণ মন্ত্রী নীতিন গড়কড়ি।

❖ পিস প্রাইজ অফ দ্য জার্মান বুক ট্রেড — ২০২১ :

জনপ্রিয় জার্মান বুক প্রকাশনা সংস্থা 'Borsenverein des Deutschen Buchhandels' কর্তৃক প্রদত্ত ২০২১ সালের 'পিস প্রাইজ অফ দ্য জার্মান বুক ট্রেড'-এ ২০২১ সালের পিস প্রাইজ অফ দ্য জার্মান বুক ট্রেড'-এ ভূষিত হলেন জিম্বাবোয়ের বিশিষ্ট লেখিকা টিটসি ডানগারেম্বগা। তাঁর লেখা 'New Enlightenment' নামক সৃষ্টি কর্মের জন্য তিনি প্রথম কৃষ্ণাঙ্গ মহিলা হিসাবে এই পুরস্কারে ভূষিত হলেন। এই পুরস্কারের সম্মান স্বরূপ তিনি ২৫ হাজার ইউরো পেয়েছেন।

❖ তেনজিং নোরগে ন্যাশনাল অ্যাডভেঞ্চার অ্যাওয়ার্ড — ২০২০ :

১৩ নভেম্বর নতুন দিল্লির রাষ্ট্রপতি ভবনে আয়োজিত এক পুরস্কার বিতরণী সভায় ২০২০ সালের তেনজিং নোরগে ন্যাশনাল অ্যাডভেঞ্চার অ্যাওয়ার্ডে ভূষিত হলেন মহারাষ্ট্রের ২৮ বছর বয়সি মহিলা পর্বতারোহী প্রিয়াঙ্কা মোহিত। তিনি মাউন্ট এভারেস্ট, মাউন্ট লোৎসে, মাউন্ট মাকালু, মাউন্ট অন্নপূর্ণা পর্বতশৃঙ্গ জয়লাভ করেছেন। এদিন প্রিয়াঙ্কা মোহিত ব্যতীত আরও যাঁদের বিভিন্ন বিভাগ অনুযায়ী পুরস্কৃত করা হল নীচের তাদের নাম দেওয়া হল।

পুরস্কারের বিভাগ	পুরস্কার প্রাপক
ল্যান্ড অ্যাডভেঞ্চার	জয়প্রকাশ কুমার কর্নেল অমিত বিশু শীতল
ওয়াটার অ্যাডভেঞ্চার	শ্রীকান্ত বিশ্বনাথন
এয়ার অ্যাডভেঞ্চার	লেফটেন্যান্ট কর্নেল সার্ভেশ দাদওয়াল
লাইফটাইম অ্যাচিভমেন্ট অ্যাওয়ার্ড	জয় কিষাণ

❖ অক্সফোর্ড ডিকশনারি'র ওয়ার্ড অফ দ্য ইয়ার — ২০২১ :

সম্প্রতি অক্সফোর্ড ইংরেজি ডিকশনারি কর্তৃক ওয়ার্ড অফ দ্য ইয়ার ২০২১-এর জন্য মনোনীত হয়েছে 'vax' শব্দটি। 'vax' শব্দটি ল্যাটিন শব্দটি 'vacca' থেকে গৃহীত হয়েছে যার অর্থ হল 'cow' বা গোরু।

❖ ম্যানবুকার প্রাইজ — ২০২১ :

সম্প্রতি ২০২১ সালের ম্যানবুকার প্রাইজে ভূষিত হলেন দক্ষিণ আফ্রিকার বিশিষ্ট ঔপন্যাসিক দামন গলগাট। তাঁর লেখা 'The Promise' নামক উপন্যাসের জন্য তিনি এই পুরস্কারে ভূষিত হলেন। এর পূর্বে ২০০৩ এবং ২০১০ সালের ম্যানবুকার প্রাইজের জন্য প্রাথমিকভাবে নির্বাচিত হলেও পুরস্কৃত হতে পারেননি। এবারের পুরস্কার মূল্য স্বরূপ তিনি ৫০ হাজার পাউন্ড পেয়েছেন। প্রসঙ্গত বলা যায় ইংরেজি ভাষায় শ্রেষ্ঠ সাহিত্য সৃষ্টিকারী ব্রিটিশ যুক্তরাজ্যের সাহিত্যিককে এই পুরস্কার প্রদান করা হয়। দামন গালগাট এক প্রোথিতযশা ঔপন্যাসিক। তাঁর লেখা অন্যান্য কয়েকটি উল্লেখযোগ্য গ্রন্থ হল— 'A Sinkss Season', 'Small Circle of Beings', 'The Quarry', 'In a Strange Room', 'Arctic Summer' প্রভৃতি।

❖ বাসবশ্রী অ্যাওয়ার্ড — ২০২১ :

সম্প্রতি চিত্রদুর্গা ব্রুহনমুত্ত কর্তৃক প্রদত্ত ২০২১ সালের বাসবশ্রী অ্যাওয়ার্ডে ভূষিত হলেন বিশিষ্ট কন্নড় চলচ্চিত্র অভিনেতা পুনীত রাজকুমার। তিনি মরণোত্তর এই সম্মানে ভূষিত হলেন। এই পুরস্কারের

সম্মান স্বরূপ তাঁকে নগদ ৫ লক্ষ টাকা ও একটি স্মারকচিহ্ন প্রদান করা হয়েছে।

❖ স্বর্ণজয়ন্তী ফেলোশিপ সম্মান — ২০২০-২১:

কেন্দ্রীয় সরকার গবেষণামূলক কাজকর্মের স্বীকৃতির জন্য সম্প্রতি সতেরো জন বিজ্ঞানীকে ২০২০-২১ সালের স্বর্ণজয়ন্তী ফেলোশিপ সম্মানে ভূষিত করল। প্রসঙ্গত উল্লেখ্য, ভারতের স্বাধীনতা সংগ্রামের অর্ধশতবর্ষ উদযাপন উপলক্ষ্যে ১৯৯৭ সালে এই সম্মান চালু করা হয়েছিল। এই সম্মানের স্বীকৃতি স্বরূপ প্রাপককে পাঁচ বছর ধরে প্রত্যেক মাসে ২৫ হাজার টাকা প্রদান করা হয় এবং গবেষণার জন্য এককালীন পাঁচ লক্ষ টাকাও প্রদান করা হয়। নীচে এবারে ফেলোশিপ সম্মান প্রাপকদের তালিকা দেওয়া হল—

পুরস্কার প্রাপক	ক্ষেত্র	সংশ্লিষ্ট প্রতিষ্ঠান
ডক্টর সিদ্ধেশ এস কামাৎ	জীবন বিজ্ঞান	IISER, পুণে
ডক্টর শ্রীধরন দেবরাজন	জীবন বিজ্ঞান	IIS, বেঙ্গালুরু
ডক্টর নীতিন কুমার	জীবন বিজ্ঞান	CSIR-CDRI, লক্ষ্ণৌ
ডক্টর নীতিন গুপ্ত	জীবন বিজ্ঞান	IIT, কানপুর
ডক্টর মধুসূদন মাঝি	রসায়ন বিজ্ঞান	IIT, খড়গপুর
ডক্টর শাক্য সিং সেন	রসায়ন বিজ্ঞান	CSIR-NCL, পুণে
ডক্টর চন্দ্রমৌলি শুভ্রমনিয়াম	রসায়ন বিজ্ঞান	IIT, বোম্বাই
ডক্টর অতুল অভয় দীক্ষিত	গণিত শাস্ত্র	IIT, গান্ধীনগর
ডক্টর মৌসুমী ভক্তা	গণিত শাস্ত্র	IISER, পুণে
ডক্টর উজ্জ্বল কোলে	গণিত শাস্ত্র	TIFR
ডক্টর অরবিন্দ সিং	ভূ ও বায়ুমণ্ডল বিজ্ঞান	ফিজিক্যাল রিসার্চ ল্যাবরেটরি, আহমেদাবাদ
ডক্টর শুভরাও ভট্টাচার্য	ভৌত বিজ্ঞান	ICTS-TIFR, বেঙ্গালুরু
ডক্টর পবিত্রকুমার নায়েক	ভৌত বিজ্ঞান	TIFR, হায়দরাবাদ
ডক্টর শমিক ব্যানার্জি	ভৌত বিজ্ঞান	ইনস্টিটিউট অফ ফিজিক্স, ভুবনেশ্বর
ডক্টর ঋজি রাজ	ইঞ্জিনিয়ারিং সায়েন্স	IIS, বেঙ্গালুরু
ডক্টর মায়াঙ্ক শ্রীবাস্তব	ইঞ্জিনিয়ারিং সায়েন্স	IIS, বেঙ্গালুরু
ডক্টর অমর্ত্য মুখোপাধ্যায়	ইঞ্জিনিয়ারিং সায়েন্স	IIT, বোম্বাই

❖ কিডসরাইটস ইন্টারন্যাশনাল চিলড্রেন'স পিস প্রাই

নেদারল্যান্ডের শিশু অধিকার রক্ষা বিষয়ক প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত কিডসরাইটস ইন্টারন্যাশনাল চিলড্রেন'স পিস প্রাইজ- ২০২১ এ ভূষিত হল ভারতের দুই কিশোর ভাই — বিহান (১৭) এবং নভ আগরওয়াল (১৪)। গৃহস্থালির বর্জ্যপদার্থ সৃষ্ট দূ রোধ করার এক উপায় বের করার স্বীকৃতি স্বরূপ তাঁদের এই পুর দেওয়া হল। এই পুরস্কারের সম্মান স্বরূপ তাঁদের ১ লক্ষ ইউরো প্র করা হয়েছে।

❖ জেসিবি সাহিত্য পুরস্কার — ২০২১:

বিশিষ্ট মালয়ালম লেখক এম মুকুন্দন এবং ইংরেজি অনুবাদক ই ভি ফতেমা এবং কে নন্দকুমার ২০২১ সালের জেসিবি সাহিত্য পুরস্কারে ভূষিত হলেন। এম মুকুন্দনের লেখা *'Delhi : A Soliloquy'* উপন্যাসটিকে ইংরেজিতে অনুবাদ করেছেন ই ভি ফতেমা এবং কে নন্দকুমার। গ্রন্থটি ওয়েস্টল্যান্ড পাবলিকেশনস কর্তৃক প্রকাশিত হয়ে প্রসঙ্গত উল্লেখ্য, এই পুরস্কারের সম্মান স্বরূপ গ্রন্থ লেখককে ন ২৫ লক্ষ টাকা এবং গ্রন্থ অনুবাদককে ১০ লক্ষ টাকা প্রদান করা হয়ে এম মুকুন্দন একজন প্রথিতযশা মালয়ালম সাহিত্যিক। পূর্বে তি এজহুথাচান পুরস্কার, ক্রসওয়ার্ড বুক অ্যাওয়ার্ড, সাহিত্য অ্যাকাে অ্যাওয়ার্ডে ভূষিত হয়েছেন।

❖ ৭২তম ন্যাশনাল বুক অ্যাওয়ার্ড:

মার্কিন যুক্তরাষ্ট্রের ন্যাশনাল বুক ফাউন্ডেশন কর্তৃক প্রদত্ত আমেরি সাহিত্য পুরস্কার 'ন্যাশনাল বুক অ্যাওয়ার্ডে' ভূষিত হলেন বি সাহিত্যিকগণ। নীচে বিভাগ অনুযায়ী তালিকা দেওয়া হল—

বিভাগ	লেখক/লেখিকা	গ্রন্থের নাম
ফিকশন	জেসন মৌট	Hell of a Book
নন-ফিকশন	টিয়া মাইলস	All that she carried: The journey of Asley sack, a black famil keepsake
ইয়ং পিপলস লিটারেচার	মেলিন্দা লো	Last Night at the Telegraph Club
পোয়েট্রি	মার্টিন এস্পদা	Floaters
বেস্ট ট্রান্সলেটেড লিটারেচার	এলিসা সুহা দুসাপিন এবং আনিসা আব্বাস হিগিন্স	Winter in Sokcho

পাবলিক অ্যাফেয়ার্স ইনডেক্স র‍্যাঙ্কিং ২০২১-এ শীর্ষে রয়েছে কেরল

❖ আইসিসি হল অফ ফেম :

সম্প্রতি ইন্টারন্যাশনাল ক্রিকেট কাউন্সিল কর্তৃক প্রদত্ত আইসিসি হল অফ ফেম সম্মানে ভূষিত করা হল তিনজন ক্রিকেটারকে। তাঁরা হলেন– ইংল্যান্ডের জন ব্রিটিন, দক্ষিণ আফ্রিকার শোন পোলক এবং শ্রীলঙ্কার মাহেলা জয়বর্ধনে। ২০১৭ সালে প্রয়াত জন ব্রিটিন সমগ্র ক্রিকেট জীবনে ২৭টি টেস্ট এবং ৬৩টি ওয়ান ডে ম্যাচ খেলেছেন। শোন পোলক সমগ্র ক্রিকেট জীবনে ১০৮টি টেস্ট এবং ৩০৩টি ওয়ান ডে ম্যাচ খেলেছেন। অপরদিকে মাহেলা জয়বর্ধনে সমগ্র ক্রিকেট জীবনে ১৪৯টি টেস্ট এবং ৪৪৮টি ওয়ান ডে ম্যাচ খেলেছেন। প্রসঙ্গত উল্লেখ্য, ক্রিকেটে দীর্ঘদিন ধারাবাহিক অবদানের স্বীকৃতি স্বরূপ আইসিসি হল অফ ফেম সম্মানে ভূষিত করা হয়। ২০০৯ সাল থেকে শুরু করে এযাবৎ মোট ১০৬ জন ক্রিকেটারকে এই সম্মানে ভূষিত করা হয়েছে।

❖ অ্যাসোচ্যাম অ্যাওয়ার্ড :

সম্প্রতি অ্যাসোসিয়েটেড চেম্বার্স অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি অফ ইন্ডিয়া (ASSOCHAM) কর্তৃক প্রদত্ত 'রিজিওনাল রুরাল ব্যাঙ্কস' বিভাগে অ্যাসোচ্যাম অ্যাওয়ার্ডে ভূষিত হল কর্ণাটক বিকাশ গ্রামীণ ব্যাঙ্ক। ডিজিটাল ফিনান্সিয়াল সার্ভিসেস প্রদান করার স্বীকৃতি স্বরূপ কর্ণাটক বিকাশ গ্রামীণ ব্যাঙ্ককে এই পুরস্কারে ভূষিত করা হল। ১৭ নভেম্বর আয়োজিত এক পুরস্কার বিতরণী সভায় ব্যাঙ্কের চেয়ারম্যান পি গোপীকৃষ্ণার হাতে পুরস্কার তুলে দেন আরবিআই-এর রিজিওনাল ডিরেক্টর আর গুরুমূর্তি।

জাতীয় ক্রীড়া পুরস্কার — ২০২১

১৩ নভেম্বর নতুন দিল্লির রাষ্ট্রপতি ভবনে ২০২১ সালের জাতীয় ক্রীড়া পুরস্কার তুলে দেওয়া হল বিভিন্ন ক্রীড়াবিদদের হাতে। এবারে ১২ জন ক্রীড়াবিদকে মেজর ধ্যানচাঁদ খেলরত্ন অ্যাওয়ার্ড, ৩৫ জন ক্রীড়াবিদকে অর্জুন পুরস্কার এবং ১০ জনকে দ্রোণাচার্য অ্যাওয়ার্ড-সহ আরও অন্যান্য বিভাগে পুরস্কৃত করা হল বিভিন্ন ক্রীড়াবিদকে। মেজর ধ্যানচাঁদ খেলরত্ন পুরস্কার বিগত চার বছরে ক্রীড়াক্ষেত্রের সাফল্য বিবেচনা করে দেওয়া হয়। অর্জুন পুরস্কার প্রদান করা হয় বিগত চার বছরে খেলার সাফল্য, শৃঙ্খলাবোধ এবং নেতৃত্বদানের ক্ষমতা বিচার করে। ক্রীড়াক্ষেত্রে সঠিক প্রশিক্ষণের মান বিচার ও আন্তর্জাতিক ক্ষেত্রে দক্ষতা বিচার করে প্রশিক্ষকদের দ্রোণাচার্য পুরস্কার প্রদান করা হয়। ক্রীড়াক্ষেত্রে আজীবন কৃতিত্বের জন্য 'ধ্যানচাঁদ অ্যাওয়ার্ড ফর লাইফটাইম অ্যাচিভমেন্ট' প্রদান করা হয়। নীচে এবারের পুরস্কার প্রাপকদের সম্পূর্ণ তালিকা দেওয়া হল—

মেজর ধ্যানচাঁদ খেলরত্ন পুরস্কার — ২০২১	
খেলোয়াড়ের নাম	খেলার বিভাগ
১. নীরজ চোপড়া	অ্যাথলেটিক্স
২. রবি কুমার	রেসলিং
৩. লভলীনা বোরগোহাইন	বক্সিং
৪. পি আর শ্রীজেশ	হকি
৫. অবনি লেখারা	প্যারা শুটিং
৬. সুমিত আন্টিল	প্যারা অ্যাথলিট
৭. প্রমোদ ভগত	প্যারা ব্যাডমিন্টন
৮. কৃষ্ণা নাগর	প্যারা ব্যাডমিন্টন
৯. মনীশ নারওয়াল	প্যারা শুটিং
১০. মিতালি রাজ	ক্রিকেট
১১. সুনীল ছেত্রী	ফুটবল
১২. মনপ্রীত সিং	হকি
অর্জুন পুরস্কার — ২০২১	
১. অরপিন্দর সিং	অ্যাথলেটিক্স
২. সিমরনজিৎ কাউর	বক্সিং

খেলোয়াড়ের নাম	খেলার বিভাগ
৩. শিখর ধবন	ক্রিকেট
৪. ভবানী দেবী চাদালাভাদা অনন্ধা সুন্দরারামন	ফেন্সিং
৫. মণিকা	হকি
৬. বন্দনা কাটারিয়া	হকি
৭. সন্দীপ নারওয়াল	কবাডি
৮. হিমানি উত্তম পরব	মাল্লাখাম্ব
৯. অভিষেক ভার্মা	শুটিং
১০. অঙ্কিতা রায়না	টেনিস
১১. দীপক পুনিয়া	রেসলিং
১২. দিলপ্রীত সিং	হকি
১৩. হরমনপ্রীত সিং	হকি
১৪. রুপিন্দর পাল সিং	হকি
১৫. সুরেন্দর কুমার	হকি
১৬. অমিত রোহিদাস	হকি
১৭. বীরেন্দ্র লাকরা	হকি

কৃষকদের উন্নত বীজ সরবরাহের উদ্দেশ্যে হরিয়ানায় চালু হল উত্তম বীজ পোর্টাল

খেলোয়াড়ের নাম	খেলার বিভাগ
১৮. সুমিত	হকি
১৯. নীলকান্ত শর্মা	হকি
২০. হার্দিক সিং	হকি
২১. বিবেক সাগর প্রসাদ	হকি
২২. গুরজন্ত সিং	হকি
২৩. মনদীপ সিং	হকি
২৪. শামসের সিং	হকি
২৫. ললিত কুমার উপাধ্যায়	হকি
২৬. বরুণ কুমার	হকি
২৭. সিমরনজিৎ সিং	হকি
২৮. যোগেশ কাঠুনিয়া	প্যারা অ্যাথলেটিক্স
২৯. নিশাদ কুমার	প্যারা অ্যাথলেটিক্স
৩০. প্রবীণ কুমার	প্যারা অ্যাথলেটিক্স
৩১. সুহাস যাতিরাজ	প্যারা ব্যাডমিন্টন
৩২. সিংরাজ আধানা	প্যারা শুটিং
৩৩. ভাবীনা প্যাটেল	প্যারা টেবিল টেনিস
৩৪. হরবিন্দর সিং	প্যারা আর্চারি
৩৫. শরদ কুমার	প্যারা অ্যাথলেটিক্স

দ্রোণাচার্য পুরস্কার — ২০২১ (লাইফটাইম ক্যাটাগরি)

১. টি পি ওসেফ	অ্যাথলেটিক্স
২. সরকার তলওয়ার	ক্রিকেট

খেলোয়াড়ের নাম	খেলার বিভাগ
৩. সরপাল সিং	হকি
৪. আশন কুমার	কবাডি
৫. তপন কুমার পানিগ্রাহি	সাঁতার

দ্রোণাচার্য পুরস্কার — ২০২১ (রেগুলার ক্যাটাগরি)

১. পি রাধাকৃষ্ণান নায়ার	অ্যাথলেটিক্স
২. সন্ধ্যা গুরুং	বক্সিং
৩. প্রিতম সিওয়াচ	হকি
৪. জয় প্রকাশ নৌটিয়াল	প্যারা শুটিং
৫. শুব্রমনিয়ান রমন	টেবিল টেনিস

ধ্যানচাঁদ লাইফটাইম অ্যাচিভমেন্ট অ্যাওয়ার্ড — ২০২১

১. কে সি লেখা	বক্সিং
২. অভিজিৎ কুন্টে	দাবা
৩. দাবিন্দার সিং গরচা	হকি
৪. বিকাশ কুমার	কবাডি
৫. সজ্জন সিং	রেসলিং

রাষ্ট্রীয় খেল প্রোৎসাহন পুরস্কার — ২০২১

১. উদীয়মান ও প্রতিভাবান তরুণ শনাক্তকরণ	মানব রচনা এডুকে[শনাল] ইনস্টিটিউশন
২. কর্পোরেট সামাজিক দায়বদ্ধতার মাধ্যমে খেলাধুলায় উৎসাহিত করা	ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন লিমি[টেড]

❖ গ্যালান্ট্রি অ্যাওয়ার্ডস—২০২১ :

২২ নভেম্বর দিল্লির রাষ্ট্রপতি ভবনে অনুষ্ঠিত প্রতিরক্ষা বিনিয়োগ বিষয়ক অনুষ্ঠানে রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ গ্রুপ ক্যাপ্টেন অভিনব বর্তমানকে বীরচক্র সম্মানে ভূষিত করলেন। ২০১৯ সালের ফেব্রুয়ারি মাসে পাকিস্তান যুদ্ধ বিমানকে পিছু হঠাতে বাধ্য করানোর জন্য তাঁকে এই সম্মানে ভূষিত করা হল। জম্মু ও কাশ্মীরে সন্ত্রাসবাদী কার্যকলাপকে খর্ব করার জন্য মরণোত্তর কীর্তিচক্র পুরস্কারে ভূষিত করা হল সাপার প্রকাশ যাদবকে। অপরদিকে ২০০ কেজি বিস্ফোরক দ্রব্য উদ্ধার এবং পাক সন্ত্রাসবাদীদের সন্ত্রাসবাদী কার্যকলাপ থেকে বিরত করার স্বীকৃতিস্বরূপ মেজর বিভূতি শঙ্কর ধুন্দিয়ালকে শৌর্যচক্রে ভূষিত করা হয়েছে। এদিন মোট ৬ জনকে শৌর্যচক্র, ৪ জনকে 'বার টু সেনা মেডেল (গ্যালান্ট্রি)' ১১৬ জনকে সেনা মেডেল (গ্যালান্ট্রি)', ২৮ জনকে 'মেনশন-ইন-ডিসপ্যাচেস' ভূষিত করা হল।

❖ ইন্দিরা গান্ধী শান্তি পুরস্কার – ২০২১ :

সম্প্রতি ২০২১ সালের ইন্দিরা গান্ধী শান্তি পুরস্কারে ভূষিত হল 'প্রথম এনজিও' (Pratham NGO)। দীর্ঘদিন ধরে ভারতে শিক্ষার যথার্থ ক্ষেত্র সম্প্রসারণের বিষয় এবং প্রতিটি শিশুর যথার্থ শিক্ষাগ্রহণের বিষয়টি নিশ্চিত করার জন্য দীর্ঘ ২৫ বছর ধরে লড়াই চালিয়ে যাচ্ছে এই প্রতিষ্ঠানটি। প্রসঙ্গত উল্লেখ্য এই প্রতিষ্ঠানটির সহপ্রতিষ্ঠাতা হলেন মাধব চব[ন] ফারিদা ল্যাম্বে। এর সদর কার্যালয় মুম্বাই এবং দিল্লিতে অবস্থিত পুরস্কারের সম্মান স্বরূপ প্রতিষ্ঠানটিকে একটি শংসাপত্র এবং ২৫ টাকা নগদ প্রদান করা হয়েছে।

দেশের সাম্প্রতিক নতুন নিয়োগ

❖ মনোজ বাজপেয়ী — FloBiz-এর বিপণন দূত :

২৭ অক্টোবর স্মল টু মিডিয়াম সাইজ বিজনেসেস (SMBS) সংস্থা FloBiz-এর বিপণন দূত হিসাবে নিযুক্ত হলেন ভারতের চলচ্চিত্র অভিনেতা মনোজ বাজপেয়ী। তিনি ওই সংস্থার 'my Bill Book'-এর বিপণনে সহায়তা করবেন। প্রসঙ্গত উল্লেখ্য, My Bill Book হল জিএসডি রেজিস্টার্ড বিজনেস বিষয়ক একটি সফটওয়ার।

❖ সিদ্ধার্থ লাল — ইচার মোটর্স লিমিটেডের এমডি :

২৭ অক্টোবর ইচার মোটর্স লিমিটেডের ম্যানেজিং ডিরেক্টর হিসাবে পুনর্নিযুক্ত হলেন সিদ্ধার্থ লাল। তিনি পরবর্তী পাঁচ বছর এই পদে নিযুক্ত থাকবেন। প্রসঙ্গত উল্লেখ্য, ইচার মোটর্স লিমিটেড ১৯৪৮ সালে প্রতিষ্ঠিত হয়েছে। এর সদর কার্যালয় নতুন দিল্লিতে অবস্থিত।

❖ বলদেব প্রকাশ — জম্মু ও কাশ্মীর ব্যাঙ্কের এমডি এবং সিইও :

২৮ অক্টোবর জম্মু ও কাশ্মীর ব্যাঙ্কের এমডি এবং সিইও হিসাবে নির্বাচিত হলেন বলদেব প্রকাশ। তিনি এই পদে ২০২২ সালের ১০ এপ্রিল থেকে আনুষ্ঠানিকভাবে পূর্ববর্তী পদাধিকারী আর কে ছিব্বারের স্থলাভিষিক্ত হবেন। বলদেব প্রকাশ পূর্বে এসবিআইয়ের জেনারেল ম্যানেজার হিসাবে দীর্ঘদিন কর্মরত ছিলেন।

❖ কে ভি কামাথ — NaBFID-এর চেয়ারপার্সন :

২৯ অক্টোবর সদ্য গঠিত ন্যাশনাল ব্যাঙ্ক ফর ফিনান্সিং ইনফ্রাস্ট্রাকচার অ্যান্ড ডেভেলপমেন্ট (NaBFID)-এর চেয়ারপার্সন হিসাবে নিযুক্ত হলেন কে ভি কামাথ। তিনি একজন দক্ষ প্রশাসক। তিনি ২০১৫-২০২০ পর্যন্ত নিউ ডেভেলপমেন্ট ব্যাঙ্কের প্রেসিডেন্ট ছিলেন।

❖ বিবেক দেবরয় — প্রধানমন্ত্রীর আর্থিক উপদেষ্টা কাউন্সিলে'র প্রধান :

২৯ অক্টোবর প্রধানমন্ত্রী আর্থিক উপদেষ্টা কাউন্সিলে'র প্রধান হিসাবে পুনর্নিযুক্ত হলেন বিবেক দেবরয়। পুনর্গঠিত এই কাউন্সিলের মোট সদস্য সংখ্যা হল সাত জন। এবারে যে তিন জন নতুন সদস্য নিযুক্ত হয়েছেন তাঁরা হলেন রাকেশ মোহন, টি টি রামমোহন এবং পুনম গুপ্তা। অপর সদস্যরা হলেন সঞ্জীব চেনয়, নীলকান্ত মিশ্র এবং নীলেশ শাহ।

❖ ডক্টর সুভাষচন্দ্র খুন্টিয়া — জনা স্মল ফিনান্স ব্যাঙ্কের চেয়ারম্যান :

২৯ অক্টোবর জনা স্মল ফিনান্স ব্যাঙ্কের পার্টটাইম চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হলেন ডক্টর সুভাষচন্দ্র খুন্টিয়া। এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে আইআরডিএআই-এর চেয়ারম্যান (২০১৮-২০২১ সালের মে মাস) হিসাবে দায়িত্ব পালন করেছেন। ১৯৮১ সালের ব্যাচের আইএএস অফিসার পূর্বে কর্ণাটকের মুখ্য সচিব হিসাবে দীর্ঘদিন কর্মরত ছিলেন।

❖ ভাইস অ্যাডমিরাল আর হরি কুমার — ভারতীয় নৌবাহিনীর প্রধান :

৩০ নভেম্বর ভারতীয় নৌবাহিনীর প্রধান হিসাবে দায়িত্বভার গ্রহণ করলেন ভাইস অ্যাডমিরাল আর হরি কুমার। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী অ্যাডমিরাল করমবীর সিং-এর স্থলাভিষিক্ত হলেন। তিনি এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে ওয়েস্টার্ন নাভাল কমান্ডের ফ্ল্যাগ অফিসার কমান্ডিং-ইন-চিফ হিসাবে নিযুক্ত ছিলেন।

❖ শক্তিকান্ত দাস — RBI-এর গভর্নর :

৩০ অক্টোবর কেন্দ্রীয় সরকারের নিয়োগ সংক্রান্ত কমিটি RBI-এর গভর্নর হিসাবে শক্তিকান্ত দাসের কার্যকালের মেয়াদ পরবর্তী তিন বছর বৃদ্ধি করল। ১৯৮০ সালের তামিলনাড়ু ক্যাডারের এই আইএএস অফিসার ২০১৮ সালের ১২ ডিসেম্বর RBI-এর ২৫তম গভর্নর হিসাবে পূর্ববর্তী পদাধিকারী উরজিৎ প্যাটেলের স্থলাভিষিক্ত হয়েছিলেন।

❖ রেনু শর্মা — মিজোরামের মুখ্য সচিব :

৩১ অক্টোবর মিজোরামের মুখ্য সচিব হিসাবে দায়িত্বভার গ্রহণ করলেন রেনু শর্মা। ১৯৮৮ সালে অরুণাচল প্রদেশ-গোয়া-মিজোরাম অ্যান্ড ইউনিয়ন টেরিটোরি' ক্যাডারের আইএএস অফিসার এই পদে পূর্ববর্তী পদাধিকারী এল চুয়াঙ্গোর স্থলাভিষিক্ত হলেন। এছাড়াও এদিন অ্যাডিশনাল মুখ্য সচিব হিসাবে নিযুক্ত হলেন জে সি রামথাঙ্গা।

❖ অশোক ভূষণ — NCLAT-এর চেয়ারপার্সন :

১ নভেম্বর কেন্দ্রীয় সরকার ন্যাশনাল কোম্পানি ল' অ্যাপিলেট ট্রাইবুনাল (NCLAT)-এর চেয়ারপার্সন হিসাবে অশোক ভূষণকে নিযুক্ত করল। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী এস জে মুখোপাধ্যায়ের স্থলাভিষিক্ত হলেন। অশোক ভূষণ সুপ্রিম কোর্টের প্রাক্তন বিচারপতি।

❖ ইশা আম্বানি — স্মিথসোনিয়ানে'র ন্যাশনাল মিউজিয়াম অফ এশিয়ান আর্টের বোর্ড অফ ট্রাস্টি :

১ নভেম্বর স্মিথসোনিয়ানে'র ন্যাশনাল মিউজিয়াম অফ এশিয়ান আর্টের বোর্ড অফ ট্রাস্টি হিসাবে নিযুক্ত হলেন ইশা আম্বানি। তিনি রিলায়েন্স জিও ইনফোকম, রিলায়েন্স রিটেল অ্যান্ড রিলায়েন্স ফাউন্ডেশনের বোর্ড সদস্য হিসাবেও নিযুক্ত আছেন।

সম্প্রতি ন্যাশনাল ট্রাইবাল ডান্স ফেস্টিভ্যাল ২০২১ আয়োজিত হল ঝাড়খণ্ডে

❖ রামালিঙ্গম সুধাকর — NCLT-এর প্রেসিডেন্ট :

১ নভেম্বর কেন্দ্রীয় সরকার কর্তৃক আধা বিচারিক সংস্থা ন্যাশনাল কোম্পানি ল' ট্রাইব্যুনাল (NCLT)-এর প্রেসিডেন্ট হিসাবে নিযুক্ত হলেন মণিপুর হাইকোর্টের অবসরপ্রাপ্ত প্রধান বিচারপতি রামালিঙ্গম সুধাকর। তিনি পরবর্তী পাঁচ বছর কিংবা ৬৭ বছর বয়স অবধি এই পদে নিযুক্ত থাকবেন।

❖ অরুণ চাওলা — ফিকি'র ডিরেক্টর জেনারেল :

৩ নভেম্বর ফিকি'র ডিরেক্টর জেনারেল হিসাবে নিযুক্ত হলেন অরুণ চাওলা। তিনি ২০১১ সালে ফিকিতে যোগদান করেছিলেন। এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে তিনি ওই সংস্থার ডেপুটি সেক্রেটারি জেনারেল ছিলেন।

❖ জুবিন গর্গ — বন্ধন ব্যাঙ্কের বিপণন দূত :

৮ নভেম্বর বেসরকারি বন্ধন ব্যাঙ্কের বিপণন দূত হিসাবে নিযুক্ত হলেন বিশিষ্ট অসমীয়া ও বলিউড সংগীতশিল্পী জুবিন গর্গ। তিনি অসমে বন্ধন ব্যাঙ্কের প্রসার ঘটানোর ক্ষেত্রে নানান কর্মসূচীতে অংশগ্রহণ করবেন।

❖ রাজীব কুমার মিশ্র — পিটিসি ইন্ডিয়া'র সিএমডি :

৯ নভেম্বর পিটিসি ইন্ডিয়া লিমিটেডে'র চেয়ারম্যান অ্যান্ড ম্যানেজিং ডিরেক্টর হিসাবে নিযুক্ত হলেন রাজীব কুমার মিশ্র। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী দীপক অমিতাভের স্থলাভিষিক্ত হলেন। তিনি ২০১১ সালে এই সংস্থায় যোগ দিয়েছিলেন। এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে তিনি ওই সংস্থার বিজনেস ডেভেলপমেন্ট অ্যান্ড মার্কেটিং বিষয়ক ডিরেক্টর ছিলেন।

❖ শীলবর্ধন সিং — সিআইএসএফ-এর ডিজি :

১১ নভেম্বর সেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্স (CISF)-এর ডিরেক্টর জেনারেল হিসাবে নিযুক্ত হলেন শীলবর্ধন সিং। ১৯৮৬ সালের বিহার ক্যাডারের এই আইপিএস অফিসার এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে ইন্টেলিজেন্স ব্যুরো'র স্পেশাল ডিরেক্টর হিসাবে কর্মরত ছিলেন। তিনি ২০২৩ সালের ৩১ আগস্ট পর্যন্ত এই পদে নিযুক্ত থাকবেন।

❖ অতুল কারওয়াল — NDRF-এর ডিরেক্টর জেনারেল :

১১ নভেম্বর ন্যাশনাল ডিজাস্টার রেসপন্স ফোর্স (NDRF)-এর ডিরেক্টর জেনারেল হিসাবে নিযুক্ত হলেন অতুল কারওয়াল। ১৯৮৮ সালের গুজরাট ক্যাডারের এই আইপিএস অফিসার এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে সর্দার বল্লভভাই প্যাটেল ন্যাশনাল পুলিশ অ্যাকাডেমির ডিরেক্টর ছিলেন।

❖ অমিতাভ বচ্চন — অ্যাময় ইন্ডিয়া'র বিপণন দূত :

১১ নভেম্বর অ্যাময় ইন্ডিয়ার বিপণন দূত হিসাবে নিযুক্ত হলেন বলিউড মেগাস্টার অমিতাভ বচ্চন। তিনি এই পদে নিযুক্ত হওয়ার সুবাদে সংস্থার বিভিন্ন পণ্যের বিপণনীতে সহায়তা করবেন।

❖ কপিল দেব — নোভো নরডিস্ক ইন্ডিয়া'র বিপণন দূত

১১ নভেম্বর নোভো নরডিস্ক ইন্ডিয়া'র বিপণন দূত হিসাবে নিযুক্ত হলেন ভারতের কিংবদন্তী ক্রিকেটার কপিল দেব। 'নোভো নরডিস্ক ইন্ডিয়া' হল ডায়াবেটিস রোগের পরিচর্যার জন্য ঔষধ প্রস্তুতকারক সংস্থা। প্রসঙ্গত উল্লেখ্য, কপিল দেবের নেতৃত্বাধীন ভারতীয় ক্রিকেট দল ১৯৮৩ সালে বিশ্বকাপ জয়লাভ করেছে।

❖ মহম্মদ সিরাজ — My11Circle-এর বিপণন দূত :

১২ নভেম্বর গেমস ২৪ × ৭ ফ্যান্টাসি ক্রিকেট প্লাটফর্ম My11Circle-এর বিপণন দূত হিসাবে নিযুক্ত হলেন ভারতের কিংবদন্তী ক্রিকেটার মহম্মদ সিরাজ। প্রসঙ্গত উল্লেখ্য, সদ্য সমাপ্ত হওয়া আইপিএল ক্রিকেট টুর্নামেন্টে তিনি রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরুর হয়ে খেলেছেন।

❖ সত্য নারায়ণ প্রধান — NCB-এর ডিজি :

১৩ নভেম্বর নার্কোটিক্স কন্ট্রোল ব্যুরো'র (NCB) ডিরেক্টর জেনারেল হিসাবে নিযুক্ত হলেন সত্য নারায়ণ প্রধান। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী রাকেশ আস্থানার স্থলাভিষিক্ত হলেন। তিনি ২০২৪ সালের ৩১ আগস্ট পর্যন্ত এই পদে নিযুক্ত থাকবেন।

❖ প্রমোদ চন্দ্র মোদি— রাজ্যসভার সেক্রেটারি জেনারেল

১৩ নভেম্বর রাজ্যসভার সেক্রেটারি জেনারেল হিসাবে নিযুক্ত হলেন প্রমোদ চন্দ্র মোদি। ১৯৮২ সালের ব্যাচের এই আইপিএস অফিসার এই পদে পূর্ববর্তী পদাধিকারী পি পি কে রামাচারুলু'র স্থলাভিষিক্ত হলেন। তিনি এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে সিবিডিটি'র চেয়ারম্যান হিসাবে দীর্ঘদিন দায়িত্ব পালন করেছেন।

❖ রাহুল দ্রাবিড় — প্ল্যাটোর বিপণন দূত :

১৫ নভেম্বর শিশুদের পায়ে পরিধানযোগ্য সামগ্রী উৎপাদন সংস্থা প্ল্যাটোর বিপণন দূত হিসাবে নিযুক্ত হলেন ভারতের কিংবদন্তী ক্রিকেটার রাহুল দ্রাবিড়। তিনি এই পদে নিযুক্ত হওয়ার সুবাদে ওই সংস্থার বিপণনে সাহায্য করবেন। প্রসঙ্গত উল্লেখ্য, রবি কাল্লাইল সারা কিলগো এবং পবন কারেটি যৌথভাবে ২০২০ সালের মার্চ মাসে প্ল্যাটো গঠন করেছেন।

❖ ভি ভি এস লক্ষ্মণ — ন্যাশনাল ক্রিকেট অ্যাকাডেমির প্রধান :

১৬ নভেম্বর ন্যাশনাল ক্রিকেট অ্যাকাডেমির প্রধান হিসাবে নিযুক্ত হলেন ভি ভি এস লক্ষ্মণ। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী রাহুল দ্রাবিড়ের স্থলাভিষিক্ত হলেন। প্রসঙ্গত উল্লেখ্য, ন্যাশনাল ক্রিকেট অ্যাকাডেমি কর্ণাটকের বেঙ্গালুরুতে অবস্থিত।

❖ এম দুরাইস্বামী — মাদ্রাজ হাইকোর্টের কার্যকরী প্রধান বিচারপতি :

১৭ নভেম্বর মাদ্রাজ হাইকোর্টের কার্যকরী প্রধান বিচারপতি হিসাবে নিযুক্ত হলেন এম দুরাইস্বামী। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী সঞ্জীব ব্যানার্জির স্থলাভিষিক্ত হলেন, যিনি সম্প্রতি মেঘালয় হাইকোর্টের প্রধান বিচারপতি হিসাবে নিযুক্ত হয়েছেন। এম দুরাইস্বামী এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে মাদ্রাজ হাইকোর্টের বিচারপতি হিসাবে কর্মরত ছিলেন।

❖ এস কে মিশ্র — ইডি'র ডিরেক্টর :

১৮ নভেম্বর কেন্দ্রীয় সরকারের নিয়োগ সংক্রান্ত কমিটি এনফোর্সমেন্ট ডিরেক্টরেট-এর ডিরেক্টর হিসাবে এস কে মিশ্রর কার্যকালের মেয়াদ এক বছর বৃদ্ধি করার সুপারিশ করল। তিনি ২০২২ সালের ১৮ নভেম্বর পর্যন্ত এই পদে নিযুক্ত থাকবেন। প্রসঙ্গত উল্লেখ্য, এনফোর্সমেন্ট ডিরেক্টরেট কেন্দ্রীয় অর্থমন্ত্রকের অধীনস্থ রাজস্ব বিভাগের একটি সংস্থা। ১৯৫৬ সালে এটি প্রতিষ্ঠিত হয়েছিল। এর সদর কার্যালয় নতুন দিল্লিতে অবস্থিত।

❖ এম সি মেরিকম — TRIFED আদি মহোৎসবের বিপণন দূত :

১৯ নভেম্বর ট্রাইবাল কো-অপারেটিভ মার্কেটিং ডেভেলপমেন্ট ফেডারেশন (TRIFED) আদি মহোৎসবের বিপণন দূত হিসাবে নিযুক্ত হলেন ভারতের কিংবদন্তী মহিলা বক্সার এম সি মেরিকম। আদি মহোৎসব হল কেন্দ্রীয় উপজাতি বিষয়ক মন্ত্রক এবং TRIFED-এর যৌথ উদ্যোগে আয়োজিত জাতীয় আদিবাসী উৎসব।

———★★★———

সাম্প্রতিককালের আন্তর্জাতিক নতুন নিয়োগ

○ অনিতা আনন্দ — কানাডার প্রতিরক্ষা মন্ত্রী :

২৬ অক্টোবর কানাডার প্রতিরক্ষা মন্ত্রী হিসাবে নিযুক্ত হলেন ভারতীয় বংশোদ্ভূত অনিতা আনন্দ। তিনি কানাডার দ্বিতীয় মহিলা প্রতিরক্ষা মন্ত্রী হিসাবে দায়িত্বভার গ্রহণ করলেন। প্রসঙ্গত কানাডার প্রথম মহিলা প্রতিরক্ষা মন্ত্রী হলেন কিম ক্যাম্পবেল। অনিতা আনন্দ প্রতিরক্ষা মন্ত্রী হিসাবে পূর্ববর্তী পদাধিকারী হরজিৎ সাজ্জনের স্থলাভিষিক্ত হলেন।

○ শাভকাৎ মিরাজওয়েভ — উজবেকিস্তানের রাষ্ট্রপতি :

২৭ অক্টোবর উজবেকিস্তানের রাষ্ট্রপতি হিসাবে দ্বিতীয়বারের জন্য পুনর্নির্বাচিত হলেন শাভকাৎ মিরাজওয়েভ। তিনি এবারের নির্বাচনে ৮০.১% ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন। প্রসঙ্গত উল্লেখ্য, ২০১৬ সালে তিনি উজবেকিস্তানের রাষ্ট্রপতি হিসাবে প্রথমবার নির্বাচিত হয়েছিলেন।

○ সি এস ভেঙ্কটকৃষ্ণান — বার্কলেজ'-এর সিইও :

৫ নভেম্বর ব্রিটেনের মাল্টি-ন্যাশনাল ইউনিভার্সাল ব্যাঙ্ক-বার্কলেজ'-এর চিফ এগজিকিউটিভ অফিসার হিসাবে নিযুক্ত হলেন ইন্দো-মার্কিন ব্যক্তি সি এস ভেঙ্কটকৃষ্ণান। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী জেশ স্ট্যালির স্থলাভিষিক্ত হলেন। তিনি এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে ওই সংস্থার মার্কেট বিষয়ক ক্ষেত্রের বিশ্বব্যাপী প্রধান এবং চিফ রিস্ক অফিসার ছিলেন।

○ ইমতিয়াজ আলি — RFFI-এর বিপণন দূত :

৬ নভেম্বর রাশিয়ান ফিল্ম ফেস্টিভ্যাল ইন ইন্ডিয়া (RFFI)-এর বিপণন দূত হিসাবে নিযুক্ত হলেন ভারতের বিশিষ্ট চলচ্চিত্র পরিচালক ইমতিয়াজ আলি। প্রসঙ্গত উল্লেখ্য, ROSKINO কর্তৃক পরিচালিত এই চলচ্চিত্র উৎসবটি ১৬-২৭ নভেম্বর অনুষ্ঠিত হয়ে গেল।

○ মোরিনারি ওয়াতানাবে — FIG-এর প্রেসিডেন্ট :

১০ নভেম্বর ফেডারেশন ইন্টারন্যাশনাল ডি জিমন্যাস্টিক (FIG)-এর প্রেসিডেন্ট হিসাবে পুনর্নির্বাচিত হলেন জাপানের মোরিনারি ওয়াতানাবে। তিনি এবারের প্রেসিডেন্ট নির্বাচনে আজারবাইজানের ফরিদ গায়িবোভকে পরাজিত করে নির্বাচিত হয়েছেন।

○ ড্যানিয়েল ডেল ভাল্লি — IHRF-এর প্রতিনিধি :

১০ নভেম্বর দ্য ইন্টারন্যাশনাল হিউম্যান রাইটস ফাউন্ডেশন (IHRF) যুব সমাজের প্রতিনিধি হিসাবে ড্যানিয়েল ডেল ভাল্লিকে নিযুক্ত করল। যুবসমাজের ক্ষমতায়ন ও জাতিসংঘের জন্য যুব সমাজের বিষয়ভিত্তিক ক্ষেত্রে অংশগ্রহণ করানোর কৃতিত্বের জন্য তাঁকে এই পদে নিযুক্ত করা হল।

○ ড্যানিয়েল ব্রুহাল — UN-WFP-এর বিপণন দূত

১২ নভেম্বর ইউনাইটেড নেশনস ওয়ার্ল্ড ফুড প্রোগ্রামের (UN-WFP)-এর বিপণন দূত হিসাবে নিযুক্ত হলেন স্প্যানিশ-জার্মান অভিনেতা ড্যানিয়েল ব্রুহাল। এই পদে নিযুক্ত হওয়ার সুবাদে সারা বিশ্বজুড়ে ক্ষুধার্ত মানুষের মুখে খাওয়ার তুলে দেওয়ার সচেতনতামূলক কর্মসূচীতে অংশগ্রহণ কর

○ যোশ ড্যানিয়েল ওর্টেগা সাভেন্দ্রা — নিকারাগুয় প্রেসিডেন্ট :

১৩ নভেম্বর নিকারাগুয়ার প্রেসিডেন্ট হিস পুনর্নিযুক্ত হলেন যোশ ড্যানিয়েল ওর্টেগা সাভে তিনি এবারের নির্বাচনে ৭৫% ভোট পেয়ে নির্বা হয়েছেন। তিনি ১০ জানুয়ারি, ২০১৭ তারি নিকারাগুয়া'র প্রেসিডেন্ট হিসাবে প্রথমবার নির্বাচিত হয়েছিলেন।

❖ বিমল প্যাটেল— ইন্টারন্যাশনাল ল' কমিশনের সদস

১৫ নভেম্বর ইন্টারন্যাশনাল ল' কমিশনের সদস্য হিসাবে নির্বাচিত হলেন ভারতের বিশিষ্ট অধ্যাপক বিমল প্যাটেল। তিনি এই পদে ২০২৩ সালের ১ জানুয়ারি থেকে পরবর্তী ৫ বছর নিযুক্ত থাকবেন। প্রসঙ্গত উল্লেখ্য, বর্তমানে তিনি রাষ্ট্রীয় রক্ষা ইউনিভার্সিটির ভাইস চ্যান্সেলর এবং ন্যাশনাল সিকিউ অ্যাডভাইজরি বোর্ড অফ ইন্ডিয়ার সদস্য হিসাবে নিযুক্ত আছেন।

○ সৌরভ গাঙ্গুলি — আইসিসি মেন'স ক্রিকেট কমি চেয়ারম্যান :

১৮ নভেম্বর ইন্টারন্যাশনাল ক্রিকেট কাউন্সি মেন'স ক্রিকেট কমিটির চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হ বিসিসিআই-এর প্রেসিডেন্ট সৌরভ গাঙ্গুলি। তিনি পদে পূর্ববর্তী পদাধিকারী অনিল কুম্বলের স্থলাভি হলেন। প্রসঙ্গত উল্লেখ্য, এদিন আইসিসি ওমেন্স ক্রিকেট কমিটির প্র হিসাবে নিযুক্ত হলেন ক্রিকেট ওয়েস্ট ইন্ডিজের সিইও জনি গ্রেভ

○ শোম্বি শার্প — ভারতের নিযুক্ত ইউএন রেসিডে কোঅর্ডিনেটর :

১৮ নভেম্বর রাষ্ট্রসংঘের মহাসচিব অন্টানিও গুতেরাস ভার ইউএন রেসিডেন্ট কো-অর্ডিনেটর হিসাবে নিযুক্ত করলেন শোম্বি শার্প তিনি ভারতে অবস্থিত রাষ্ট্রসংঘের প্রতিনিধি দলের নেতৃত্ব প্রদান করবে এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে তিনি ইউএন রেসিডেন্ট কো-অর্ডিনে হিসাবে আর্মেনিয়াতে কর্মরত ছিলেন।

○ জেফ আল্লারডিস — আইসিসির সিইও :

২২ নভেম্বর ইন্টারন্যাশনাল ক্রিকেট কাউন্সিলের স্থায়ী চি এগজিকিউটিভ অফিসার হিসাবে নিযুক্ত হলেন জেফ আল্লারডিস। তি এই পদে পূর্ববর্তী পদাধিকী মনু সাহনির স্থলাভিষিক্ত হলেন।

সাম্প্রতিককালের প্রয়াণ

নাম	জন্ম, মৃত্যু, মৃত্যুস্থান ও মৃত্যুকালীন বয়স	পরিচিতি
আহমদ শাহ আহমদজাই	জন্ম : ৩০ মার্চ, ১৯৪৪ মৃত্যু : ১৭ অক্টোবর, ২০২১ মৃত্যুস্থান : আফগানিস্তান মৃত্যুকালীন বয়স : ৭৭ বছর	তিনি আফগানিস্তানের বিশিষ্ট রাজনীতিবিদ ও দক্ষ প্রশাসক ছিলেন। তিনি ১৯৯৫-১৯৯৬ সাল পর্যন্ত কার্যকরী প্রধানমন্ত্রী হিসাবে দায়িত্ব পালন করেছেন।
রো-তায়ে-ও	জন্ম : ৪ ডিসেম্বর, ১৯৩২ মৃত্যু : ২৬ অক্টোবর, ২০২১ মৃত্যুস্থান : সিওল মৃত্যুকালীন বয়স : ৮৮ বছর	তিনি দক্ষিণ কোরিয়ার একজন বিশিষ্ট রাজনীতিবিদ ছিলেন। তিনি ১৯৮৮-১৯৯৩ পর্যন্ত দক্ষিণ কোরিয়ার ষষ্ঠ রাষ্ট্রপতি হিসাবে দায়িত্ব পালন করেছেন। এছাড়াও তিনি ১৯৮২-৮৩ সাল পর্যন্ত ক্রীড়া ও স্বরাষ্ট্রমন্ত্রীর দায়িত্বও পালন করেছেন।
ডক্টর মাধবন কৃষ্ণান নায়ার	জন্ম : ১৯৩৯ সাল মৃত্যু : ২৮ অক্টোবর, ২০২১ মৃত্যুস্থান : কেরল মৃত্যুকালীন বয়স : ৮১ বছর	তিনি একজন বিশিষ্ট ক্যান্সার রোগ বিশেষজ্ঞ ছিলেন। তিনি তিরুবনন্তপুরমে অবস্থিত রিজিওনাল ক্যান্সার সেন্টার (RCC)-এর প্রতিষ্ঠাতা ডিরেক্টর ছিলেন। তিনি ২০০১ সালে 'পদ্মশ্রী' সম্মানে ভূষিত হয়েছেন।
পুনীত রাজকুমার	জন্ম : ১৭ মার্চ, ১৯৭৫ মৃত্যু : ২৯ অক্টোবর, ২০২১ মৃত্যুস্থান : কর্ণাটক মৃত্যুকালীন বয়স : ৪৬ বছর	তিনি একজন জনপ্রিয় কন্নড় চলচ্চিত্র অভিনেতা, প্রযোজক, টিভি উপস্থাপক ও নেপথ্য সংগীত শিল্পী ছিলেন। তিনি সমগ্র জীবনে ২৯টি চলচ্চিত্রে শিশু শিল্পী হিসাবে অভিনয় করেছেন। তিনি 'আপ্পু' নামে অধিক পরিচিত হয়ে আছেন।
অ্যাসলে আলেকজান্ডার মাল্লেট	জন্ম : ১৩ জুলাই, ১৯৪৫ মৃত্যু : ২৯ অক্টোবর, ২০২১ মৃত্যুস্থান : অ্যাডিলেড মৃত্যুকালীন বয়স : ৭৬ বছর	তিনি অস্ট্রেলিয়ার জনপ্রিয় ক্রিকেটার ছিলেন। তিনি সমগ্র ক্রিকেট জীবনে ৩৮টি টেস্ট ম্যাচে ৪৩০ রান ও ১৩২টি উইকেট, ৯টি একদিবসীয় ক্রিকেট ম্যাচে ১৪ রান ও ১১টি উইকেট সংগ্রহ করেছেন।
অ্যালান ডেভিডসন	জন্ম : ১৪ জুন, ১৯২৯ মৃত্যু : ৩০ অক্টোবর, ২০২১ মৃত্যুস্থান : অস্ট্রেলিয়া মৃত্যুকালীন বয়স : ৯২ বছর	তিনি অস্ট্রেলিয়ার কিংবদন্তী ক্রিকেটার ছিলেন। ১৯৫০ থেকে ১৯৬০-এর মধ্যে তিনি অলরাউন্ডার হিসাবে নিজের কৃতিত্ব প্রদর্শন করেছেন। তিনি সমগ্র ক্রিকেট জীবনে ৪৪টি টেস্ট ম্যাচে ১৩২৮ রান এবং ১৮৬টি উইকেট সংগ্রহ করেছেন।
সুব্রত মুখার্জি	জন্ম : ১৪ জুন, ১৯৪৬ মৃত্যু : ৪ নভেম্বর, ২০২১ মৃত্যুস্থান : কলকাতা মৃত্যুকালীন বয়স : ৭৫ বছর	তিনি একজন প্রোথিতযশা ও অভিজ্ঞ ভারতীয় বাঙালি রাজনীতিবিদ ছিলেন। তিনি পশ্চিমবঙ্গ সরকারের এক প্রাক্তন মন্ত্রী ও বর্ষীয়ান তৃণমূল নেতা ছিলেন। তিনি ২০১১-২০২১ সালের মৃত্যুর আগে অবধি পশ্চিমবঙ্গের গুরুত্বপূর্ণ মন্ত্রী ছিলেন। তিনি ২০০০-২০০৫ পর্যন্ত কলকাতার ৩৬তম মেয়ার, ৩ মে, ২০২১ থেকে ৮ মে, ২০২১ পর্যন্ত পশ্চিমবঙ্গ বিধানসভার প্রোটেম স্পিকার হিসাবে দায়িত্বপালন করেছেন। তিনি পশ্চিমবঙ্গের পঞ্চায়েতিরাজ ও গ্রামোন্নয়ন মন্ত্রী, পাবলিক এন্টারপ্রাইজেস ও শিল্পপুনর্গঠন বিষয়ক মন্ত্রী হিসাবে দীর্ঘদিন দায়িত্বপালন করেছেন।
তারক সিনহা	জন্ম : ১৯৫০ সাল মৃত্যু : ৬ নভেম্বর, ২০২১ মৃত্যুস্থান : নতুন দিল্লি মৃত্যুকালীন বয়স : ৭০ বছর	তিনি ভারতের একজন উল্লেখযোগ্য ক্রিকেট কোচ ছিলেন। তিনি কোচিং করানোর পেশায় দীর্ঘ পঞ্চাশ বছর অতিবাহিত করেছেন। তাঁর প্রশিক্ষিত কয়েকজন সুযোগ্য ছাত্র হলেন আশিস নেহরা, আকাশ চোপড়া, ঋষভ পন্থ, শিখর ধবন প্রমুখ। তিনি ২০১৮ সালে দ্রোণাচার্য পুরস্কারে ভূষিত হয়েছিলেন।

মৌলানা আবুল কালাম আজাদ ট্রফি ২০২১ জিতল লাভলি প্রফেশনাল ইউনিভার্সিটি

নাম	জন্ম, মৃত্যু, মৃত্যুস্থান ও মৃত্যুকালীন বয়স	পরিচিতি
কোনেরু রামকৃষ্ণা রাও	জন্ম : ৪ অক্টোবর, ১৯৩২ মৃত্যু : ৯ নভেম্বর, ২০২১ মৃত্যুস্থান : বিশাখাপত্তনম মৃত্যুকালীন বয়স : ৮৯ বছর	তিনি একজন ভারতীয় দার্শনিক ও মনস্তাত্ত্বিক ছিলেন। তিনি GITAM-এর চ্যান্সেলর। GITAM স্কুল অফ গান্ধীয়ান স্টাডিজ'-এর চেয়ারম্যান হিসাবে দীর্ঘদিন দায়িত্ব পালন করেছেন। তিনি ২০১১ সালে 'পদ্মশ্রী' সম্মানে ভূষিত হয়েছেন।
আনন্দ শংকর পণ্ড্যা	জন্ম : ১৯২২ সাল মৃত্যু : ১১ নভেম্বর, ২০২১ মৃত্যুস্থান : নতুন দিল্লি মৃত্যুকালীন বয়স : ৯৯ বছর	তিনি একজন বিশিষ্ট লেখক, বুদ্ধিজীবী, ইতিহাসবিদ ও জননীতি বি[...] ছিলেন। তিনি ইতিহাস, জননীতি ও আধ্যাত্মিকতা বিষয়ক একাধিক গ্রন্থ র[...] করেছেন। তিনি বিশ্ব হিন্দু পরিষদের প্রাক্তন ভাইস প্রেসিডেন্ট ছিলেন
ফ্রেডরিক উইলিয়াম ডি ক্লার্ক	জন্ম : ১৮ মার্চ, ১৯৩৬ মৃত্যু : ১১ নভেম্বর, ২০২১ মৃত্যুস্থান : কেপটাউন মৃত্যুকালীন বয়স : ৮৫ বছর	তিনি দক্ষিণ আফ্রিকার বিশিষ্ট রাজনীতিবিদ ছিলেন। তিনি ১৯৮৯-১৯৯৪ পর্যন্ত দক্ষিণ আফ্রিকার সপ্তম রাষ্ট্রপতি হিসাবে দায়িত্ব পালন করেছেন। এছাড়াও পূর্বে তিনি ১৯৯৪-১৯৯৬ পর্যন্ত ডেপুটি প্রেসিডেন্ট, ১৯৯৬-১৯৯৭ সাল পর্যন্ত বিরোধী দলনেতা হিসাবে দায়িত্ব পালন করেছেন। তিনি ১৯৯৩ সালে নোবেল শান্তি পুরস্কারে ভূষিত হয়েছিলেন।
উইলবার অ্যাডিসন স্মিথ	জন্ম : ৯ জানুয়ারি, ১৯৩৩ মৃত্যু : ১৩ নভেম্বর, ২০২১ মৃত্যুস্থান : কেপটাউন মৃত্যুকালীন বয়স : ৮৮ বছর	তিনি একজন জনপ্রিয় আফ্রিকান ঔপন্যাসিক ছিলেন। পড়াশোনা শেষ ক[...] কিছুকাল সাংবাদিকতা করেছিলেন। পরে অ্যাকাউন্টেন্টের চাকরি করার স[...] প্রথম উপন্যাস লিখেছিলেন। তাঁর লেখা কয়েকটি উল্লেখযোগ্য গ্রন্থ হল 'Birds of Prey 1660s', 'Golden Lion 1670s', 'King of Ki[...] 1887' 'War Cry 1918-1939', 'A Time to Die 1987' প্রভৃতি।
বলবন্ত মোরেশ্বর পুরন্দরে	জন্ম : ২৯ জুলাই, ১৯২২ মৃত্যু : ১৫ নভেম্বর, ২০২১ মৃত্যুস্থান : পুণে মৃত্যুকালীন বয়স : ৯৯ বছর	তিনি একজন বিশিষ্ট মারাঠি সাহিত্যিক ও ইতিহাসবিদ ছিলেন। তিনি 'বাবা সাহেব পুরন্দরে' নামে অধিক পরিচিত। তিনি ২০১৫ সালে 'মহারাষ্ট্রভূষণ' এবং ২০১৯ সালে 'পদ্মবিভূষণ' সম্মানে ভূষিত হয়েছেন।
মন্নু ভাণ্ডারি	জন্ম : ৩ এপ্রিল, ১৯৩১ মৃত্যু : ১৫ নভেম্বর, ২০২১ মৃত্যুস্থান : হরিয়ানা মৃত্যুকালীন বয়স : ৯০ বছর	তিনি একজন বিশিষ্ট ভারতীয় লেখিকা ছিলেন। হিন্দি সাহিত্যে তিনি একাধি[...] গ্রন্থ রচনা করেছেন। তাঁর লেখা 'আপকা বান্টি' এবং 'মহাভোজ' উপন্যাসে[...] জন্য তিনি সর্বাধিক জনপ্রিয়তা অর্জন করেছেন। তিনি 'ব্যাস সম্মান', 'হি[...] অ্যাকাডেমি দিল্লি সলাকা সম্মান', 'রাজস্থান সংগীত নাটক অ্যাকাডেমি পুরস্কার[...] 'কলাকুঞ্জ সম্মান', 'ভারতীয় সংস্কৃতি সংসদ কথা সমারোহ পুরস্কার' এবং 'ভারতীয় ভা[...] পরিষদ পুরস্কারে' ভূষিত হয়েছেন।
নভি কাপাডিয়া	জন্ম : ১৯৫০ সাল মৃত্যু : ১৮ নভেম্বর, ২০২১ মৃত্যুস্থান : বেঙ্গালুরু মৃত্যুকালীন বয়স : ৬৮ বছর	তিনি বিশিষ্ট ভারতীয় ক্রীড়া সাংবাদিক ছিলেন। ফিফা ওয়ার্ল্ড কাপ, অলিম্পিক গেমস, এশিয়ান গেমস, কমনওয়েলথ গেমস-এ ধারাভাষ্যকার হিসাবে যথেষ্ট কৃতিত্ব দেখিয়েছেন। তিনি 'দ্য ভয়েস অফ ইন্ডিয়ান ফুটবল' হিসাবে অধিক পরিচিত।

★★★

খেলাধুলার খবরাখবর

ক্রিকেট

❖ সম্প্রতি সমস্ত ধরনের আন্তর্জাতিক ক্রিকেট থেকে অবসর নিলেন নেদারল্যান্ডের ৪১ বছর বয়সি ক্রিকেটার রায়ান টেন ডেস্কট। তিনি সমগ্র ক্রিকেট জীবনে ৩৩টি একদিবসীয় ম্যাচে ১৫৪১ রান এবং ৫৫টি উইকেট। ২২টি টি-২০ আন্তর্জাতিক ক্রিকেট ম্যাচে ৫৩৩ রান ও ১৩টি উইকেট সংগ্রহ করেছেন।

এমসিসি'র আজীবন সাম্মানিক সদস্য

সম্প্রতি ব্রিটেনের মেরিলেবোন ক্রিকেট ক্লাব এবছর ১৮ জন ক্রিকেটারকে আজীবন সাম্মানিক সদস্য হিসাবে নির্বাচিত করেছে। বিভিন্ন দেশের নির্বাচিত এই সদস্যরা হলেন—

১.	ইংল্যান্ড	অ্যালেস্টার কুক, ইয়ান বেল, মার্কিউজ ট্রেসকোথিক, সারা টেলর
২.	দক্ষিণ আফ্রিকা	হাসিম আমলা, হার্সেল গিবস, জ্যাক ক্যালিস, মর্ন মর্কেল
৩.	ভারত	হরভজন সিং, জাভাগল শ্রীনাথ
৪.	ওয়েস্ট ইন্ডিজ	ইয়ান বিশপ, শিবনারায়ণ চন্দ্রপল, রামনরেশ সারওয়ান
৫.	অস্ট্রেলিয়া	অ্যালেক্স ব্ল্যাকওয়েল, ড্যামিন মার্টিন
৬.	শ্রীলঙ্কা	রঙ্গনা হেরথ
৭.	নিউজিল্যান্ড	সারা ম্যাকগ্লাসন
৮.	জিম্বাবোয়ে	গ্র্যান্ড ফ্লাওয়ার

সমস্ত ধরনের ক্রিকেট থেকে অবসর এ বি ডেভিলিয়ার্সের

১৯ নভেম্বর দক্ষিণ আফ্রিকার কিংবদন্তী ক্রিকেটার আব্রাহাম বেঞ্জামিন ডেভিলিয়ার্স সমস্ত ধরনের ক্রিকেট থেকে অবসর নেওয়ার কথা ঘোষণা করলেন। ২০১৮ সালের মে মাসে তিনি আন্তর্জাতিক ক্রিকেট টুর্নামেন্ট থেকে অবসর নিয়েছিলেন। সমগ্র ক্রিকেট জীবনে এযাবৎ তিনি ১১৪টি টেস্ট ম্যাচে ৮৭৬৫ রান ও ২টি উইকেট, ২২৮টি এক দিবসীয় ক্রিকেট ম্যাচে ৯৫৭৭ রান ও ৭টি উইকেট এবং ৭৮টি আন্তর্জাতিক টি-২০ ম্যাচে ১৬৭২ রান সংগ্রহ করেছেন। তিনি ২০১২-২০১৭ সাল পর্যন্ত দক্ষিণ আফ্রিকার ক্রিকেট অধিনায়ক হিসাবে দায়িত্ব পালন করেছেন। ২০১০, ২০১৪ ও ২০১৫ সালে আইসিসি মেনস ওয়ান ডে প্লেয়ার অফ দ্য ইয়ার অ্যাওয়ার্ডে ভূষিত হয়েছেন।

আইসিসি প্রকাশিত বিবিধ ক্রীড়া প্রতিযোগিতার আয়োজক দেশসমূহ

সম্প্রতি ইন্টারন্যাশনাল ক্রিকেট কাউন্সিল ২০২৪-২০৩১ সালের মধ্যে অনুষ্ঠিত বিবিধ ক্রীড়া প্রতিযোগিতার আয়োজক দেশসমূহের তালিকা প্রকাশ করেছে। নীচে তালিকা দেওয়া হল—

সাল	খেলার নাম	আয়োজক দেশ
২০২৪	আইসিসি মেনস টি-২০ ওয়ার্ল্ড কাপ	ইউএসএ এবং ওয়েস্ট ইন্ডিজ
২০২৫	আইসিসি মেনস চ্যাম্পিয়ন্স ট্রফি	পাকিস্তান
২০২৬	আইসিসি মেনস টি-২০ ওয়ার্ল্ড কাপ	ভারত ও শ্রীলঙ্কা
২০২৭	আইসিসি মেনস ওয়ার্ল্ড কাপ	দক্ষিণ আফ্রিকা, জিম্বাবোয়ে, নামিবিয়া
২০২৮	মেনস টি-২০ ওয়ার্ল্ড কাপ	অস্ট্রেলিয়া, নিউজিল্যান্ড
২০২৯	আইসিসি মেনস চ্যাম্পিয়ন্স ট্রফি	ভারত
২০৩০	আইসিসি মেনস টি-২০ ওয়ার্ল্ড কাপ	ইংল্যান্ড, স্কটল্যান্ড আয়ারল্যান্ড
২০৩১	আইসিসি মেনস ওয়ার্ল্ড কাপ	ভারত, বাংলাদেশ

ফুটবল

ফিফা র‍্যাঙ্কিং

২১ অক্টোবর প্রকাশিত পুরুষদের ওয়ার্ল্ড ফিফা র‍্যাঙ্কিং তালিকায় পূর্বের প্রথম স্থান ধরে রাখল বেলজিয়াম। এবারের এই তালিকায় দ্বিতীয় স্থানে রয়েছে ব্রাজিল, তৃতীয় স্থানে রয়েছে ফ্রান্স, চতুর্থ স্থানে রয়েছে ইটালি, পঞ্চম স্থানে ইংল্যান্ড। এই তালিকায় ভারত রয়েছে ১০৬তম স্থানে।

দাবা

❖ সম্প্রতি সার্বিয়ায় অনুষ্ঠিত রুজনাজোরা চেস টুর্নামেন্টে চ্যাম্পিয়ন হলেন ভারতের দাবাড়ু গ্র্যান্ড মাস্টার পি ইনিয়ন। তিনি ৭.৫ পয়েন্ট স্কোর করে এই টুর্নামেন্ট জয়লাভ করেছেন। অপরদিকে এই টুর্নামেন্টে দ্বিতীয় স্থান অধিকার করেছেন রাশিয়ার দাবাড়ু মাকারিয়ান রুদিক এবং তৃতীয় স্থান অধিকার করেছেন ভারতের অপর দাবাড়ু ভি এস রাঘুল।

'দ্যা প্রমিস' বইয়ের জন্য বুকার প্রাইজ ২০২১ পেলেন ডেমন গেলগাট

❖ সম্প্রতি সার্বিয়ার আরান্দজেলোভ্যাকে অনুষ্ঠিত গ্র্যান্ড মাস্টার টুর্নামেন্টে ভারতের ১৮ বছর বয়সি দাবাড়ু সঙ্কল্প গুপ্তা দ্বিতীয় স্থান অধিকার করে ভারতের ৭১তম গ্র্যান্ড মাস্টার খেতাব জিতলেন। ফাইনালে তিনি রাশিয়ার রুদিক মাকরারিয়ানের কাছে পরাজিত হয়েছেন।

সাঁতার

❖ সম্প্রতি বেঙ্গালুরুতে অনুষ্ঠিত ৩৭তম সাব জুনিয়র এবং ৪৭তম জুনিয়র ন্যাশনাল চ্যাম্পিয়নশিপে গ্রুপ-II -এর মেয়েদের ৫০ মিটার ব্যাকস্ট্রোক সাঁতার প্রতিযোগিতায় কর্ণাটকের সাঁতারু রিধিমা বীরেন্দ্র কুমার সোনার মেডেল জয়লাভ করলেন। এইবারের প্রতিযোগিতাটি ২৯.৯৪ সেকেন্ডে শেষ করে পূর্বের মানা প্যাটেলের ৩৭.৩৭ সেকেন্ডের (২০১৪ সাল) রেকর্ডকে ভেঙে দিলেন। এবারে এই বিভাগে রৌপ্য মেডেল জয়লাভ করেছেন কর্ণাটকের শালিনী দীক্ষিত এবং ব্রোঞ্জ মেডেল জয়লাভ করেছেন তেলেঙ্গানার শ্রী নিত্য সাগো।

কার রেসিং

❖ ২৪ অক্টোবর মার্কিন যুক্তরাষ্ট্রের টেক্সাসে অনুষ্ঠিত ২০২১ সালের ইউএস গ্রাঁপি ফর্মুলা ওয়ান কার রেসিং প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হলেন নেদারল্যান্ডের রেডবুল ড্রাইভার ম্যাক্স ভারস্টাপেন। এবারের প্রতিযোগিতায় দ্বিতীয় ও তৃতীয় স্থানে শেষ করেছেন যথাক্রমে ব্রিটেনের মার্সিডিজ ড্রাইভার লুইস হ্যামিল্টন এবং মেক্সিকোর রেডবুল ড্রাইভার সার্জিও পেরেজ।

❖ ৭ নভেম্বর মেক্সিকো সিটিতে অনুষ্ঠিত ২০২১ সালের মেক্সিকান গ্রাঁপি ফর্মুলা ওয়ান কার রেসিং প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হলেন নেদারল্যান্ডের রেডবুল ড্রাইভার ম্যাক্স ভারস্টাপেন। এবারের প্রতিযোগিতায় ব্রিটেনের মার্সিডিজ ড্রাইভার লুইস হ্যামিল্টন দ্বিতীয় স্থানে এবং মেক্সিকোর রেডবুল ড্রাইভার সার্জিও পেরেজ তৃতীয় স্থানে শেষ করেছেন।

❖ সম্প্রতি মিসানো অ্যাড্রিয়াটিকো'র মিসানো ওয়ার্ল্ড সার্কিট মার্কো সাইমল সেল্লিতে অনুষ্ঠিত ২০২১ সালের এফআইএম মোটো জিপি ওয়ার্ল্ড চ্যাম্পিয়নশিপে চ্যাম্পিয়ন হলেন ইয়াম্মা মোটর সাইকেল ড্রাইভার ফেবিও কোয়ার্টারারো। এই প্রতিযোগিতায় দ্বিতীয় স্থান অধিকার করেছেন হোন্ডা মোটর সাইকেল ড্রাইভার পল এসপারগারো এবং তৃতীয় স্থান অধিকার করেছেন এনিয়া বাস্তিয়ানিনি।

❖ ১৪ নভেম্বর ব্রাজিলের সাও পাওলোতে অনুষ্ঠিত ব্রাজিলিয়ান গ্রাঁপি ফর্মুলা ওয়ান কার রেসিং প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হলেন ব্রিটেনের মার্সিডিজ ড্রাইভার লুইস হ্যামিল্টন। এই প্রতিযোগিতায় ম্যাক্স ভারস্টাপে দ্বিতীয় এবং ভালতেরি বোট্টাস তৃতীয় স্থানে শেষ করেছেন।

জুডো

❖ ২৬-৩০ অক্টোবর ফ্রান্সের প্যারিসে অনুষ্ঠিত হয়ে গেল প্রথম ওয়া ডেফ জুডো চ্যাম্পিয়নশিপ। এবারের এই প্রতিযোগিতায় ভারতে সিনিয়র জম্মু ও কাশ্মীর টিম প্রথম স্থান অধিকার করেছে। প্রসঙ্গ উল্লেখ্য, ইন্টারন্যাশনাল কমিটি অফ দ্য স্পোর্টস ফর দ্য ডেফ (ICSI কর্তৃক পরিচালিত এই খেলাটিতে সারা বিশ্বের বধির প্রতিব খেলোয়াড়গণ অংশগ্রহণ করেছিলেন।

রেসলিং

অনূর্ধ্ব-২৩ ওয়ার্ল্ড রেসলিং চ্যাম্পিয়নশিপ — ২০২

১-৭ নভেম্বর সার্বিয়ার বেলগ্রেডে অবস্থিত বেলেস্কপো সেন্ট স্টেডিয়ামে অনুষ্ঠিত হয়ে গেল ২০২১ সালের অনূর্ধ্ব-২৩ ওয়ার্ল্ড রেস চ্যাম্পিয়নশিপ। এবারের চ্যাম্পিয়নশিপে রাশিয়া ৬টি সোনা, ৯টি রুপে ৭টি ব্রোঞ্জসহ মোট ২২টি মেডেল জয়লাভ করে পদক তালিকার শীর্ষস্থ রয়েছে। ইউক্রেন ৪টি সোনা, ২টি রুপো, ৩টি ব্রোঞ্জসহ মোট ৯টি মে জয়লাভ করে পদক তালিকার দ্বিতীয় স্থানে এবং আজারবাইজান সোনা ও ৩টি ব্রোঞ্জসহ মোট ৬টি মেডেল জয়লাভ করে তৃতীয় অধিকার করেছেন। এই প্রতিযোগিতায় ভারত ১টি রুপো, ৪টি ব্রোঞ্জ মোট ৫টি মেডেল জয়লাভ করে পদক তালিকার ১৮তম স্থানে রয়ে ভারতের মেডেল জয়ী খেলোয়াড়রা হলেন—

খেলার বিভাগ	প্রাপক/প্রাপিকা	মেডে
মহিলাদের ৫০ কেজি ফ্রিস্টাইল	শিবানি পাওয়ার	রুপে
মহিলাদের ৫৫ কেজি ফ্রিস্টাইল	অঞ্জু	ব্রোঞ্জ
মহিলাদের ৬২ কেজি ফ্রিস্টাইল	রাধিকা	ব্রোঞ্জ
মহিলাদের ৬৫ কেজি ফ্রিস্টাইল	নিশা ধাইয়া	ব্রোঞ্জ
মহিলাদের ৭২ কেজি ফ্রিস্টাইল	দিব্যা কাকরান	ব্রোঞ্জ

বক্সিং

AIBA ওয়ার্ল্ড বক্সিং চ্যাম্পিয়নশিপ — ২০২১

২৫ অক্টোবর থেকে ৬ নভেম্বর সার্বিয়ার বেলগ্রেডে অনুষ্ঠিত গেল ২০২১ সালের AIBA ওয়ার্ল্ড বক্সিং চ্যাম্পিয়নশিপ। এবারের প্রতিযোগিতায় ভারতের একমাত্র বক্সার আকাশ কুমার পুরুষদের কেজি বিভাগে ব্রোঞ্জ মেডেল জয়লাভ করেছেন। এবারের প্রতিযোগি কিউবা ৩টি সোনা ও ২টি ব্রোঞ্জসহ মোট ৫টি মেডেল জয়লাভ পদক তালিকায় শীর্ষস্থানে রয়েছে। অপরদিকে কাজাখস্তান ২টি সে

২টি রুপো ও ১টি ব্রোঞ্জসহ মোট ৫টি মেডেল জয়লাভ করে দ্বিতীয় স্থানে, মার্কিন যুক্তরাষ্ট্র ২টি সোনা ও ২টি রুপোসহ মোট ৪টি মেডেল জয়লাভ করে পদক তালিকায় তৃতীয় স্থানে রয়েছে।

❖ সম্প্রতি মিশরের কায়রোতে ওয়ার্ল্ড কিক বক্সিং চ্যাম্পিয়নশিপে সোনার মেডেল জয়লাভ করলেন ভারতের তাজামুল ইসলাম। তিনি অনূর্ধ্ব-১৪ বিভাগে এই মেডেল জয়লাভ করেছেন। প্রসঙ্গত উল্লেখ্য তাজামুল ইসলাম কেন্দ্রীয় সরকারের 'বেটি বাঁচাও, বেটি পড়াও' স্কিমের বিপণন দূত হিসাবেও নিযুক্ত আছেন।

ডব্লিউটিটি কন্টেন্ডার টিউনিস টুর্নামেন্ট — ২০২১

২৪-৩০ অক্টোবর টিউনিশিয়ায় অনুষ্ঠিত হয়ে গেল ২০২১ সালের ডব্লিউটিটি কন্টেন্ডার টিউনিস টুর্নামেন্ট। নীচে এবারের টুর্নামেন্টের বিজয়ীদের নাম দেওয়া হল—

খেলার বিভাগ	বিজয়ী
পুরুষদের সিঙ্গলস	অ্যান্টন কালবার্গ (সুইডেন)
মহিলাদের সিঙ্গলস	হানা মাটেলোভা (টিউনিশিয়া)
পুরুষদের ডাবলস	জি সাতিয়ান এবং হরমিত দেশাই (ভারত)
মহিলাদের ডাবলস	লিন্ডা বার্গস্ট্রম এবং ক্রিস্টিনা কালবার্গ (সুইডেন)
মিক্সড ডাবলস	এমানুয়েল লেরেসন এবং জিয়া নান ইউয়ান (ফ্রান্স)

ISSF প্রেসিডেন্ট কাপ শুটিং প্রতিযোগিতা — ২০২১

৩-১০ নভেম্বর পোল্যান্ডের রোক্লতে অনুষ্ঠিত হয়ে গেল ২০২১ সালের ISSF প্রেসিডেন্ট কাপ শুটিং প্রতিযোগিতা। ইন্টারন্যাশনাল শুটিং স্পোর্টস ফেডারেশন কর্তৃক পরিচালিত এই প্রতিযোগিতায় ভারতীয় শুটাররা ২টি সোনা, ২টি রুপো ও ১টি ব্রোঞ্জসহ মোট ৫টি মেডেল জয়লাভ করেছেন। মেডেল জয়ী ভারতীয় শুটাররা হলেন—

খেলার ইভেন্ট	প্রাপক/প্রাপিকা	মেডেল
১০ মিঃ এয়ার পিস্তল (মিক্সড দলগত)	মনু ভাকর	সোনা
২৫ মিঃ র‍্যাপিড ফায়ার পিস্তল (মিক্সড দলগত)	মনু ভাকর	সোনা
মহিলাদের ২৫ মিঃ পিস্তল	রাহি সার্নোবাত	রুপো
পুরুষদের ১০ মিঃ এয়ার পিস্তল	সৌরভ চৌধুরি	রুপো
পুরুষদের ১০ মিঃ এয়ার পিস্তল	অভিষেক ভার্মা	রুপো

বিবিধ

❖ অ্যাথলেটিক্স ফেডারেশন অফ ইন্ডিয়া (AFI) সম্প্রতি IOS Sports and Entertainment Private Limited-এর অফিশিয়াল পার্টনার হিসাবে পরবর্তী ৩ বছরের জন্য চুক্তিবদ্ধ হল। IOS Sports and Entertainment Private Limited হল ভারতের অন্যতম ক্রীড়া ও বিনোদন সংস্থা। সাধারণত ক্রীড়ার ব্যবসায়িক সম্প্রসারণের ক্ষেত্রে এই সংস্থাটি কাজ করে থাকে।

❖ ২০২২ সালে ভারতে অনুষ্ঠিত হতে চলেছে প্রথম ওয়ার্ল্ড যোগাসন চ্যাম্পিয়নশিপ। সারা বিশ্বের প্রতিযোগীরা এই চ্যাম্পিয়নশিপে অংশগ্রহণ করবেন। প্রসঙ্গত উল্লেখ্য, চলতি বছরের ১১-১৩ নভেম্বর ওড়িশার ভুবনেশ্বরে অনুষ্ঠিত হয়ে গেল ভারতের প্রথম ফিজিক্যাল ন্যাশনাল যোগাসন স্পোর্টস চ্যাম্পিয়নশিপ। এই চ্যাম্পিয়নশিপে সারা দেশের ৫০০ জন প্রতিযোগী/প্রতিযোগিনী অংশগ্রহণ করেছিলেন।

❖ উন্মুক্ত চাঁদ ভারতের প্রথম পুরুষ ক্রিকেটার হিসাবে বিগ বস লিগে খেলার জন্য চুক্তিবদ্ধ হয়েছে। আসন্ন টুর্নামেন্টে তিনি অংশগ্রহণ করবেন। প্রসঙ্গত উল্লেখ্য অনূর্ধ্ব-১৯ ওয়ার্ল্ড কাপ জয়ী ভারতীয় দলের সদস্য ছিলেন তিনি। সম্প্রতি তিনি মাইনর লিগ ক্রিকেট প্রতিযোগিতায় সিলিকন ভ্যালি স্ট্রাইকার্স দলের হয়ে খেলে 'প্লেয়ার অফ দ্য টুর্নামেন্টে' পুরস্কৃত হয়েছেন।

❖ টাটা কনসালটেন্সি সার্ভিসেস সম্প্রতি ব্রিটিশ রেসিং দল জাগুয়ার রেসিংয়ের টাইটেল পার্টনার হিসাবে অন্তর্ভুক্ত হয়েছে। এই সুবাদে আসন্ন ২০২১-২০২২ সালের ABB FIA ফর্মুলা-ই ওয়ার্ল্ড চ্যাম্পিয়নশিপে অংশগ্রহণ করবে 'জাগুয়ার টিসিএস রেসিং দল' হিসাবে।

আইসিসি প্লেয়ার অফ দ্য মান্থ — অক্টোবর

২০২১ সালের আইসিসি প্লেয়ার অফ দ্য মান্থ – অক্টোবর-এ ভূষিত হলেন পাকিস্তানের আসিফ আলি এবং আয়ারল্যান্ডের লোরা ডেলানি। পুরুষদের বিভাগে আসিফ আলি এবং মহিলাদের বিভাগে রোলা ডেলানি পুরস্কৃত হয়েছেন।

❖ সম্প্রতি ব্যাডমিন্টন ওয়ার্ল্ড ফেডারেশন (BWF) কাউন্সিল কর্তৃক লাইফটাইম অ্যাচিভমেন্ট অ্যাওয়ার্ড - ২০২১ এর জন্য মনোনীত হলেন ভারতের প্রাক্তন ব্যাডমিন্টন তারকা প্রকাশ পাড়ুকোন। প্রকাশ পাড়ুকোন হলেন প্রথম ভারতীয় ব্যাডমিন্টন তারকা যিনি ওয়ার্ল্ড ব্যাডমিন্টন চ্যাম্পিয়নশিপে মেডেল জয়লাভ করেছেন। ১৯৮৩ সালের কোপেনহেগেন ওয়ার্ল্ড চ্যাম্পিয়নশিপে পুরুষদের সিঙ্গলসে তিনি ব্রোঞ্জ মেডেল জয়লাভ করেছিলেন।

দিল্লিতে চালু হল 'জয় ভীম মুখ্যমন্ত্রী প্রতিভা বিকাশ' যোজনা

আইসিসি টি-২০ ওয়ার্ল্ড কাপে চ্যাম্পিয়ন অস্ট্রেলিয়া

১৭ অক্টোবর থেকে ১৪ নভেম্বর ২০২১ তারিখে অনুষ্ঠিত হয়ে গেল ২০২১ সালের পুরুষদের আইসিসি টি-২০ ক্রিকেট বিশ্বকাপ প্রতিযোগিতা। এবারের এই প্রতিযোগিতায় অস্ট্রেলিয়া প্রথমবারের জন্য চ্যাম্পিয়ন হল। ফাইনালে তারা নিউজিল্যান্ডকে হারায়। টসে জিতে নিউজিল্যান্ডকে প্রথমে ব্যাট করতে পাঠান অ্যারন ফিঞ্চরা। নিউজিল্যান্ড প্রথমে ব্যাট করতে নেমে নির্ধারিত ২০ ওভারে চার উইকেট হারিয়ে ১৭৩ রান সংগ্রহ করে। নিউজিল্যান্ডের হয়ে সর্বাধিক ৮৫ রান করেছেন কেন উইলিয়ামসন (৪৮ বলে)। ১৭২ রানের লক্ষ্যমাত্রা নিয়ে খেলতে নেমে অস্ট্রেলিয়া ২ উইকেট হারিয়ে ১৮.৫ ওভারে জয়ের জন্য প্রয়োজনীয় রান তুলে নেয়।

এক নজরে এবারের টি-২০ বিশ্বকাপ

- তারিখ — ১৭ অক্টোবর – ১৪ নভেম্বর, ২০২১।
- পরিচালক — আইসিসি।
- ক্রিকেট ফর্ম্যাট — টি-২০ আন্তর্জাতিক।
- টুর্নামেন্ট ফর্ম্যাট — গ্রুপ স্টেজ এবং নকআউট।
- আয়োজক দেশ — ইউএই এবং ওমান ।
- চ্যাম্পিয়ন — অস্ট্রেলিয়া (প্রথমবার)।
- রানার্স আপ — নিউজিল্যান্ড।
- অংশগ্রহণকারী দল — ১৬টি।
- মোট ম্যাচ — ৪৫।
- সর্বাধিক স্কোরার — জোস বাটলার (ইংল্যান্ড) — ১০১ রান।
- সর্বাধিক রান সংগ্রহকারী — বাবর আজম (পাকিস্তান) - ৩০৩ র
89. সম্প্রতি প্রয়াত ফ্রেডরিক উইলিয়াম ডি ক্লার্ক কোন ক্ষেত্রে নোবেল প্রাইজে ভূষিত হয়েছিলেন?
(a) পদার্থবিদ্যা (b) রসায়নবিদ্যা
(c) সাহিত্য (d) শান্তি

90. সম্প্রতি কে অ্যাময় ইন্ডিয়ার বিপণন দূত হিসাবে নিযুক্ত হলেন?
(a) শাহরুখ খান (b) অমিতাভ বচ্চন
(c) অনিল কাপুর (d) রণবীর সিং

91. সম্প্রতি ভারত ও কোন দেশের সেনাবাহিনীর মধ্যে 'Ex SHAKTI - 2021' অনুষ্ঠিত হয়ে গেল?
(a) শ্রীলঙ্কা (b) অস্ট্রেলিয়া (c) নেপাল (d) ফ্রান্স

92. সম্প্রতি কে এনসিবি'র ডিজি হিসাবে নিযুক্ত হলেন?
(a) সত্যনারায়ণ প্রধান (b) সঞ্জয় কুমার সিং
(c) গয়েশ্বর সিং (d) এম অশোক জৈন

93. নীচের কোন সংস্থাটি অসমের পরিবহণ প্রোজেক্টের জন্য ৭৭০ কোটি টাকা বরাদ্দ করল?
(a) World Bank (b) IMF
(c) ADB (d) NDB

94. সম্প্রতি প্রকাশিত 'Sunrise Over Ayodhya' নামক গ্র রচয়িতা কে?
(a) পি চিদাম্বরম (b) জয়রাম রমেশ
(c) সলমন খুরশিদ (d) কপিল সিবাল

95. কবে সারা বিশ্বজুড়ে 'ওয়ার্ল্ড ডায়াবেটিস ডে' উদযাপিত হ
(a) ১২ নভেম্বর (b) ১৫ নভেম্বর
(c) ১৩ নভেম্বর (d) ১৪ নভেম্বর

96. 'রানি কমলাপতি রেলওয়ে স্টেশন' কোন শহরে অবস্থিত?
(a) কানপুর (b) চেন্নাই
(c) আহমেদাবাদ (d) ভোপাল

97. সম্প্রতি কে রাজ্যসভার সেক্রেটারি জেনারেল হিসাবে নিযু হলেন?
(a) জে বি মহাপাত্র (b) প্রমোদ চন্দ্র মোদি
(c) নীতিন গুপ্ত (d) রাজীব গাউবা

98. সম্প্রতি কে 'জেসিবি সাহিত্য পুরস্কারে' ভূষিত হলেন?
(a) এম মুকুন্দন (b) পি ভালসানা
(c) কে সচ্চিদানন্দন (d) টি পদ্মনাভন

99. সম্প্রতি কোন রাজ্য সরকার Kaiser-i-Hind butterfly কে রাজ্য প্রজাপতি হিসাবে ঘোষণা করেছে?
(a) সিকিম (b) অরুণাচল প্রদেশ
(c) পশ্চিমবঙ্গ (d) ত্রিপুরা

100. সম্প্রতি প্রয়াত মন্নু ভাণ্ডারি কোন ভাষা সাহিত্যিক ছিলেন?
(a) হিন্দি (b) বাংলা (c) মালয়ালম (d) পাঞ্জাবি

গুরুত্বপূর্ণ কারেন্ট অ্যাফেয়ার্স — উত্তরপত্র

1. (c)	2. (a)	3. (b)	4. (c)	5. (c)	6. (a)	7. (a)	8. (d)	9. (a)	10. (b)
11. (b)	12. (d)	13. (a)	14. (c)	15. (c)	16. (d)	17. (c)	18. (c)	19. (a)	20. (c)
21. (b)	22. (c)	23. (a)	24. (d)	25. (c)	26. (d)	27. (d)	28. (a)	29. (d)	30. (b)
31. (c)	32. (c)	33. (b)	34. (a)	35. (c)	36. (c)	37. (b)	38. (d)	39. (a)	40. (d)
41. (b)	42. (d)	43. (c)	44. (c)	45. (c)	46. (a)	47. (d)	48. (c)	49. (d)	50. (c)
51. (c)	52. (a)	53. (d)	54. (b)	55. (d)	56. (b)	57. (a)	58. (b)	59. (d)	60. (c)
61. (c)	62. (d)	63. (b)	64. (d)	65. (c)	66. (b)	67. (d)	68. (c)	69. (a)	70. (c)
71. (d)	72. (b)	73. (c)	74. (b)	75. (d)	76. (a)	77. (b)	78. (d)	79. (d)	80. (b)
81. (d)	82. (c)	83. (b)	84. (a)	85. (d)	86. (a)	87. (c)	88. (d)	89. (d)	90. (b)
91. (d)	92. (a)	93. (a)	94. (c)	95. (d)	96. (d)	97. (b)	98. (a)	99. (b)	100. (a)

বিঃদ্রঃ— উপরে দেওয়া গুরুত্বপূর্ণ কারেন্ট অ্যাফেয়ার্সের সমাধান-সহ উত্তর পেতে 120 পৃষ্ঠায় দেওয়া QR Code স্ক্যান করুন অথবা সমাধান-সহ উত্তর সরাসরি পেতে লগ অন করুন—
https://gscepublications.com/achievers-december-2021.htm

ব্যাঙ্ক ও অর্থনীতি বিষয়ক গুরুত্বপূর্ণ তথ্যাবলি

❖ **21 অক্টোবর, 2021 :**

✦ ক্ষুদ্র ও মাঝারি শিল্পোদ্যোগীদের সাহায্য করার উদ্দেশ্যে রুপিফি সংস্থাটি মুথুত ফিনান্স সংস্থার সঙ্গে চুক্তিবদ্ধ হল।

✦ ইলেকট্রিক ভেহিকলগুলিকে ফিনান্স করার উদ্দেশ্যে নীতি আয়োগ ও বিশ্ব ব্যাঙ্ক যৌথ ভাবে রিস্ক শেয়ারিং ইনস্ট্রুমেন্ট লঞ্চ করল।

❖ **22 অক্টোবর, 2021 :**

✦ রুপে কার্ডের টোকেনাইজেশনের জন্য এনটিএস প্ল্যাটফর্ম চালু করলো এনপিসিআই সংস্থাটি। এই ব্যবস্থায় কার্ডের সুরক্ষার জন্য টোকেন রেফারেন্স অন ফাইল পরিষেবাটি চালু করা হবে।

✦ ইয়োনোর মাধ্যমে ভারতীয় স্টেট ব্যাঙ্ক একটি টু-হুইলার স্কিম লঞ্চ করল যার নাম 'এসবিআই ইজি রাইড'।

❖ **23 অক্টোবর, 2021 :**

✦ অসমের পরিকাঠামোগত প্রোজেক্টের জন্য নাবার্ড 608 কোটি টাকার ঋণ সহায়তা প্রদান করল। এর আওতায় 52টি গ্রামীণ সড়ক, 21টি গ্রামীণ সেতু, 19টি বন্যা সংরক্ষণ প্রকল্প ও 32টি মৃত্তিকা সংরক্ষণ প্রকল্পের অনুমোদন দিল নাবার্ড।

❖ **24 অক্টোবর, 2021 :**

✦ ভারতের প্রথম এনবিএফসি হিসেবে পাঁচ বছরের সিকওর্ড ওভার নাইট ফাইন্যান্সিং রেট (এস ও এফ আর) লিঙ্কড টার্ম লোন চালু করল আরইসি লিমিটেড সংস্থাটি। এই টার্ম লোনটির পরিমাণ 75 মিলিয়ন মার্কিন ডলার।

❖ **25 অক্টোবর, 2021 :**

✦ এমএসএমই ক্ষেত্রকে সাহায্য করার উদ্দেশ্যে ফ্লিপকার্ট ও রুপিফি সংস্থাদ্বয় চুক্তিবদ্ধ হয়ে 'বায় নাও পে লেটার' পরিষেবাটি চালু করল।

✦ অ্যাগ্রো ই-কমার্স বিজনেসকে সাপোর্ট করার উদ্দেশ্যে ব্যাঙ্ক অফ বারোদা এন সি ডি ই এক্স ই-মার্কেটের সঙ্গে চুক্তিবদ্ধ হল।

❖ **26 অক্টোবর, 2021 :**

✦ ভারতীয় এমএসএমইদের জন্য এইচডিএফসি ব্যাঙ্ক, মাস্টার কার্ড, ডিএফসিইউএসএআইডি লঞ্চ করল 100 মিলিয়ন মার্কিন ডলার ক্রেডিট ফেসিলিটি।

✦ আগরতলায় নগর উন্নয়নের উদ্দেশ্যে এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্ক 61 মিলিয়ন মার্কিন ডলার ঋণ অনুমোদন করল।

❖ **27 অক্টোবর, 2021 :**

✦ ভারতী এএক্সএ লাইফ ইন্সিয়োরেন্স ও উৎকর্ষ স্মল ফিনান্স ব্যাঙ্ক সংস্থাদ্বয় সম্প্রতি একটি ব্যাংকাশিওরেন্স চুক্তি করল।

✦ স্টার্ট-আপ ও এসএমই ক্ষেত্রকে আর্থিক সাহায্য করার উদ্দেশ্যে, বোম্বে স্টক এক্সচেঞ্জ ও এইচডিএফসি চুক্তিবদ্ধ হল।

❖ **28 অক্টোবর, 2021 :**

✦ আইআইএফসিএল সংস্থাটিকে ইনফ্রাস্ট্রাকচার ইনভেস্টমেন্ট ট্রাস্ট ইনস্ট্রুমেন্ট-এর মাধ্যমে ফিনান্স করার অনুমোদন দিল আরবিআই।

✦ গভর্নমেন্ট বিজনেস পরিচালনা করার উদ্দেশ্যে বন্ধন ব্যা এজেন্সি ব্যাঙ্কের স্বীকৃতি দিল ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক।

❖ **29 অক্টোবর, 2021 :**

✦ পয়েন্ট অফ সেল পরিষেবা বাড়ানোর উদ্দেশ্যে কোটাক মাহি ব্যাঙ্ক পেন ল্যাব সংস্থার সঙ্গে চুক্তিবদ্ধ হল।

❖ **30 অক্টোবর, 2021 :**

✦ আর্থিক স্বাক্ষরতা বাড়াতে লোকাল ইকনামিক ডেভেলপমেন্ট ট্রে প্রোগ্রোম আয়োজন করার উদ্দেশ্যে ইসাফ স্মল ফিনান্স ব্যাঙ্ক নাবার্ড চুক্তিবদ্ধ হল।

❖ **31 অক্টোবর, 2021 :**

✦ ভারতে ব্যবসায়ীদের ট্রাভেল এক্সপেন্স মেটাতে ক্রেডিট ক পরিষেবা দেওয়ার উদ্দেশ্যে আইটিআই লাইট সংস্থাটি আই আইসিআই ব্যাঙ্কের সঙ্গে চুক্তিবদ্ধ হল।

✦ মোটর ইন্সিয়োরেন্স লঞ্চ করার উদ্দেশ্যে লিবার্টি জেনারে ইন্সিয়োরেন্স ও ফোনপে সংস্থাদ্বয় চুক্তিবদ্ধ হল।

✦ রাজ্যে নদী পরিবহণকে প্রমোট করতে বিশ্ব ব্যাঙ্কের সঙ্গে 7 কোটি টাকার ঋণ চুক্তি স্বাক্ষর করল অসম।

✦ ক্ষুদ্র ব্যবসায়ীদের সুবিধার্থে পেমেন্ট অ্যালার্ট পরিষেবা লঞ্চ করা উদ্দেশ্যে প্রথম ব্যাঙ্ক হিসেবে QR সাউন্ড বাক্স চালু করল এ ই স্মল ফিনান্স ব্যাঙ্ক।

❖ **1 নভেম্বর, 2021 :**

✦ গ্রাহকদের সুবিধার্থে রেজর পে সংস্থাটি 'টোকেনাইজেশন এই কিউ' নামক টোকেনাইজেশন সলিউশন চালু করল যার মাধ্যমে গ্রাহকরা ট্রাঞ্জাকশন করার সময় অতিরিক্ত সুরক্ষার সঙ্গে তাদের ডেবিট বা ক্রেডিট কার্ডগুলির ডিটেলস সেভ করে রাখতে পারবেন, ফলে ট্রাঞ্জাকশন টাইম কমবে।

❖ **2 নভেম্বর, 2021 :**

✦ ভারতীয় নন-ব্যাঙ্কিং ফিনান্স সংস্থাগুলির জন্য 'স্কেল বেসড রেগুলেশন' জারি করল ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক।

✦ এক্সিম ব্যাঙ্ক, নাবার্ড, সিডবি, ন্যাশনাল হাউজিং ব্যাঙ্ক ইত্যাদি নিয়ন্ত্রক সংস্থা দ্বারা নিয়ন্ত্রিত অল ইন্ডিয়া ফিনান্সিয়াল ইনস্টিটিউশন গুলিকে বেসিল III নর্ম প্রয়োগ করার একটি খসড়া নির্দেশিকা জারি করল ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক।

❖ **3 নভেম্বর, 2021 :**

✦ সাইবার সুরক্ষা সচেতনতা বৃদ্ধির উদ্দেশ্যে কড়া পদক্ষেপ গ্রহণ করার জন্য প্রথমবার ইউনিয়ন ব্যাঙ্ক চুক্তিবদ্ধ হল হায়দরাবাদের সেন্টার ফর অ্যাডভান্সড কম্পিউটিং এর সঙ্গে।

❖ **4 নভেম্বর, 2021 :**

✦ ফিউচার জেনেরালি ইন্ডিয়া ইন্সিয়োরেন্স সংস্থাটি সম্প্রতি ব্যাঙ্কসিওরেন্স চুক্তি করলো ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার সঙ্গে।

❖ **5 নভেম্বর, 2021 :**

✦ ওপিডি পেশেন্টদের চিকিৎসা পরিষেবার সুবিধার্থে আইসিআইসিআই লোম্বার্ড সংস্থাটি 'বি ফিট' নামক সলিউশন লঞ্চ করল।

✦ বিশ্বের প্রথম মার্চেন্ট শেয়ারহোল্ডিং প্রোগ্রাম লঞ্চ করল ভারত পে সংস্থাটি। এই প্রাগ্রোমটির মূল্য 100 মিলিয়ন, এর মাধ্যমে ব্যবসায়ীরা ভারত পের ইকুইটি শেয়ার ক্রয় করার সুযাগে পাবেন।

❖ **6 নভেম্বর, 2021 :**

✦ এইচডিএফসি সংস্থাটি হোম লোন অফারের জন্য ইন্ডিয়া পোস্ট পেমেন্ট ব্যাঙ্কের সঙ্গে চুক্তিবদ্ধ হল।

❖ **7 নভেম্বর, 2021 :**

✦ মিজোরামের আইজলে নগর পরিবহণ ব্যবস্থার উন্নতিসাধনের উদ্দেশ্যে এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্ক 4.5 মিলিয়ন মার্কিন ডলার ঋণ সহায়তা দিল।

✦ গ্রাহকদের ডিজিটাল সেভিংস অ্যাকাউন্ট অফার করার উদ্দেশ্যে নিয়ো সংস্থাটি এসবিএম ব্যাঙ্ক ও ভিসা সংস্থার সঙ্গে চুক্তিবদ্ধ হল।

❖ **8 নভেম্বর, 2021 :**

✦ হেলথ ইন্সিয়োরেন্স অফারের জন্য এসবিআই জেনারেল সংস্থাটি গুগল পে সংস্থার সঙ্গে চুক্তিবদ্ধ হল।

✦ এনপিসিআই ও অ্যাক্সিস ব্যাঙ্কের সহযোগিতায় মোবিকুইক সংস্থাটি একটি রুপে কার্ড লঞ্চ করল যা মোবিকুইক ওয়ালেটের সঙ্গে যুক্ত থাকবে এবং এর ফলে গ্রাহকরা 2 লক্ষ টাকা পর্যন্ত ওয়ালেট ব্যালান্স পাবেন।

❖ **9 নভেম্বর, 2021 :**

✦ 'ইয়েস ফ্যামিলি' নামক নতুন একটি ফ্যামিলি সেভিংস ব্যাঙ্ক পরিষেবা চালু করল ইয়েস ব্যাঙ্ক। এর সঙ্গে ইয়েস প্রসপারিটি, ইয়েস ফার্স্ট ও ইয়েস প্রিমিয়া নামক তিনটি প্রোগ্রাম যুক্ত থাকবে।

❖ **10 নভেম্বর, 2021 :**

✦ গ্লোবাল পার্টনার্স সংস্থার সহযোগিতায় ভারতের সর্বপ্রথম ও সর্ববৃহৎ 'স্কিল ইমপ্যাক্ট বন্ড' লঞ্চ করতে চলেছে ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশন।

✦ ভারতে ক্ষুদ্র ব্যবসার প্রসারের উদ্দেশ্যে মেটা (পূর্বতন ফেসবুক) সংস্থাটি লঞ্চ করল 'গ্রো ইয়োর বিজনেস হাব' ও 'গ্রো ইয়োর বিজনেস প্লেবুক' প্রোগ্রাম।

❖ **11 নভেম্বর, 2021 :**

✦ সেপ্টেম্বর মাসের শেষে ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের ফোরেক্স রিজার্ভে সোনার পরিমাণ হয়েছে 743.84 মেট্রিক টন যা আগের বছরের তুলনায় 11% বৃদ্ধি পেয়েছে।

✦ ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক সম্প্রতি আয়োজন করল প্রথম গ্লোবাল হ্যাকাথন : 'HARBINGER 2021' যার থিম হল 'স্মার্টার ডিজিটাল পেমেন্টস'।

❖ **12 নভেম্বর, 2021 :**

✦ মহারাষ্ট্রে কৃষি ব্যবসার প্রসারের উদ্দেশ্যে 100 মিলিয়ন ঋণ চুক্তি স্বাক্ষর করল এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্ক।

✦ সম্প্রতি আধার হাউসিং ফিন্যান্সের সঙ্গে কো-লেন্ডিং চুক্তি করল ইউকো ব্যাঙ্ক।

❖ **13 নভেম্বর, 2021 :**

✦ মহারাষ্ট্রে দুগ্ধ উৎপাদনকারীদের আর্থিক সাহায্য প্রদানের উদ্দেশ্যে SAIPL সংস্থাটি ভারতীয় স্টেট ব্যাঙ্কের সঙ্গে চুক্তিবদ্ধ হল।

✦ পে ইউ ও এনএসডিএল সংস্থাদ্বয়ের সহযোগিতায় 'ডিজিটাল পেমেন্ট গেটওয়ে' লঞ্চ করল ন্যাশনাল ইন্টারনেট এক্সচেঞ্জ অফ ইন্ডিয়া।

❖ **14 নভেম্বর, 2021 :**

✦ ভারতীয় সেনা বাহিনীর জন্য 'বীর' নামক ক্রেডিট কার্ড লঞ্চ করার উদ্দেশ্যে কোটাক মাহিন্দ্রা ব্যাঙ্ক ও এনপিসিআই চুক্তিবদ্ধ হল।

✦ ভারতীয় সেনা বাহিনীকে রিটেল মর্টগেজ লোনের সুবিধা প্রদানের উদ্দেশ্যে আর্মি ইন্সিয়োরেন্স গ্রুপের সঙ্গে চুক্তিবদ্ধ হল অ্যাক্সিস ব্যাঙ্ক।

❖ **15 নভেম্বর, 2021 :**

✦ প্রথম লাইফ ইন্সিউরার সংস্থা হিসেবে অ্যাকাউন্ট এগ্রিগেটর সিস্টেম জয়েন করল ম্যাক্স লাইফ ইন্সিয়োরেন্স সংস্থাটি।

✦ সম্প্রতি পিজিআইএম ইন্ডিয়া মিউচুয়াল ফান্ড সংস্থাটি লঞ্চ করল ভারতের প্রথম গ্লোবাল রিয়েল এস্টেট সিকিউরিটিজ ফান্ড।

❖ **16 নভেম্বর, 2021 :**

✦ নিজস্ব টোকেন ব্যবস্থা চালু করার উদ্দেশ্যে পে ইউ সংস্থাটি লঞ্চ করল 'পে ইউ টোকেন হাব'। উইব মো সংস্থার সহযোগিতায় এই সিস্টেমটি তৈরী করেছে পে ইউ সংস্থা।

✦ এন আর আই অ্যাকাউন্টের জন্য জিওজিত সংস্থাটি লঞ্চ করল প্রথম অনলাইন ট্রেডিং সার্ভিস।

❖ **17 নভেম্বর, 2021 :**

✦ ভারতীয় কৃষকদের আর্থিক অন্তর্ভুক্তির উদ্দেশ্যে মাস্টারকার্ড ও লিফ সংস্থাদ্বয় চুক্তিবদ্ধ হয়ে লঞ্চ করল 'এলএফএন' প্ল্যাটফর্ম।

✦ 'কেভিজি কবচম' নামক এক প্রকার ভ্যাকসিন লিঙ্কড ডিপোজিট স্কিম লঞ্চ করল কেরালা গ্রামীণ ব্যাঙ্ক। যে সমস্ত গ্রাহকরা কোভিড-১৯ ভ্যাকসিন নিয়েছেন তাদেরকে অতিরিক্ত সুদের হার প্রদান করবে অভিনব এই পরিষেবা। ভারতে প্রথম কোনো গ্রামীণ ব্যাঙ্ক এইভাবে সরকারের ভ্যাকসিনেশন ড্রাইভকে সাপোর্ট করল।

❖ **18 নভেম্বর, 2021 :**

✦ সম্প্রতি ফেডারেল ব্যাঙ্ক ও আদিত্য বিড়লা হেলথ ইন্সিয়োরেন্স সংস্থাদ্বয় ব্যাঙ্কাশিওরেন্স চুক্তির ঘোষণা করল।

সম্প্রতি পাকাল দুল হাইড্রো ইলেকট্রিক প্রোজেক্টের উদ্বোধন করা হল জম্মু ও কাশ্মীরে

✦ গ্রাহকদের ইজি পেমেন্টের সুবিধা দেওয়ার উদ্দেশ্যে আইসিআইসিআই প্রুডেন্সিয়াল ও এনপিসিআই ভারত বিল পে সংস্থাদ্বয় যৌথভাবে লঞ্চ করল 'ক্লিক পে'।

❖ **19 নভেম্বর, 2021 :**

✦ গ্রাহকদের ক্রেডিট ওয়ার্দিনেস-র মূল্যায়নের জন্য ব্যাঙ্কবাজার.কম সংস্থার সহাযোগিতায় ইয়েস ব্যাঙ্ক লঞ্চ করল 'ফিন বুস্টার' ক্রেডিট কার্ড।

✦ গ্রাহকদের টার্ম ও অন্যান্য পরিষেবা প্রদানের উদ্দেশ্যে ইন্ডিয়া পোস্ট পেমেন্ট ব্যাঙ্ক ও বাজাজ এলায়েনজ লাইফ ইন্সিয়োরেন্স সংস্থায় চুক্তিবদ্ধ হল।

❖ **20 নভেম্বর, 2021 :**

✦ ভারতের ন্যাশনাল ইন্ডাস্ট্রিয়াল করিডোর ডেভেলপমেন্ট প্রোগ্ সাপোর্ট করার উদ্দেশ্যে 250 মিলিয়ন মার্কিন ডলার ঋণ করল এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্ক।

✦ কোভিড-১৯ ভ্যাকসিন কেনার জন্য ভারতকে 2 বিলিয়ন ম ডলার ঋণ সহায়তা প্রদান করল এশিয়ান ডেভেলপমেন্ট ব্যা এশিয়ান ইনফ্রাস্ট্রাকচার ইনভেস্টমেন্ট ব্যাঙ্ক।

✦ ভারতীয় সামরিক বাহিনীর জন্য ডিফেন্স সার্ভিস স্যালারি প্যা চালু করার উদ্দেশ্যে ভারতীয় সামরিক বাহিনী ও এক্সিস ব 'পাওয়ার স্যালুট' চুক্তি স্বাক্ষর করল।

একনজরে ব্যাঙ্ক ও অর্থনীতি

ঃ ব্যাঙ্কিং ঃ

১। ইয়োনোর মাধ্যমে ভারতীয় স্টেট ব্যাঙ্ক যে টু হুইলার স্কিমটি লঞ্চ করল তার নাম কী? **—এসবিআই ইজি রাইড।**

২। অ্যাগ্রো ই-কমার্স বিজনেসকে সাপোর্ট করার উদ্দেশ্যে কোন ব্যাঙ্ক এনসিডিইএক্স ই-মার্কেটের সঙ্গে চুক্তিবদ্ধ হল? **—ব্যাঙ্ক অফ বরোদা।**

৩। গভর্নমেন্ট বিজনেস পরিচালনা করার উদ্দেশ্যে কোন ব্যাঙ্ককে এজেন্সি ব্যাঙ্কের স্বীকৃতি দিল ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক? **—বন্ধন ব্যাঙ্ককে।**

৪। পয়েন্ট অফ সেল পরিষেবা বাড়ানোর উদ্দেশ্যে কোন ব্যাঙ্ক পেন ল্যাব সংস্থার সঙ্গে চুক্তিবদ্ধ হল? **—কোটাক মাহিন্দ্রা ব্যাঙ্ক।**

৫। ক্ষুদ্র ব্যবসায়ীদের সুবিধার্থে পেমেন্ট অ্যালার্ট পরিষেবা লঞ্চ করার উদ্দেশ্যে প্রথম ব্যাঙ্ক হিসেবে QR সাউন্ড বাক্স চালু করল কোন ব্যাঙ্ক? **—এইউ স্মল ফিনান্স ব্যাঙ্ক।**

৬। সাইবার সুরক্ষা সচেতনতা বৃদ্ধির উদ্দেশ্যে কড়া পদক্ষেপ গ্রহণ করার জন্য প্রথমবার কোন ব্যাঙ্ক চুক্তিবদ্ধ হল হায়দরাবাদের সেন্টার ফর অ্যাডভান্সড কম্পিউটিং-এর সঙ্গে? **—ইউনিয়ন ব্যাঙ্ক।**

৭। গ্রাহকদের ডিজিটাল সেভিংস অ্যাকাউন্ট অফার করার উদ্দেশ্যে কোন সংস্থাটি এসবিএম ব্যাঙ্ক ও ভিসা সংস্থার সঙ্গে চুক্তিবদ্ধ হল? **—নিয়ো।**

৮। 'ইয়েস ফ্যামিলি' নামক নতুন কোন পরিষেবা চালু করল ইয়েস ব্যাঙ্ক? **—একটি ফ্যামিলি সেভিংস ব্যাঙ্ক।**

৯। সেপ্টেম্বর মাসের শেষে ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের ফরেক্স রিজার্ভে সোনার পরিমাণ কত হয়েছে যা আগের বছরের তুলনায় 11% বৃদ্ধি পেয়েছে? **—743.84 মেট্রিক টন।**

১০। ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক সম্প্রতি আয়োজন করল প্রথম গ্লো হ্যাকাথন : 'HARBINGER 2021' এর থিম কী? **—'স্মার্টার ডিজিটাল পেমেন্ট**

১১। 'কেভিজি কবচম' নামক এক প্রকার ভ্যাকসিন লিংকড ডিপো স্কিম লঞ্চ করল কোন ব্যাঙ্ক? **—কেরালা গ্রামীণ ব্য**

১২। কোভিড-১৯ ভ্যাকসিন কেনার জন্য ভারতকে 2 বিলিয়ন মা ডলার ঋণ সহায়তা প্রদান করল কোন কোন সংস্থা? **—এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্ক ও এশিয়ান ইনফ্রাস্ট্রাক ইনভেস্টমেন্ট ব্যাঙ্ক।**

ঃ অর্থনীতি ঃ

১। ইলেকট্রিক ভেহিক্যালগুলিকে ফিনান্স করার উদ্দেশ্যে নীতি আয়ো ও বিশ্ব ব্যাঙ্ক যৌথভাবে কী লঞ্চ করল? **—রিস্ক শেয়ারিং ইনস্ট্রুমেন্**

২। অসমের পরিকাঠামোগত প্রোজেক্টের জন্য নাবার্ড কত টাকা ঋণ সহায়তা প্রদান করল? **—608 কোটি টাকা**

৩। আগরতলায় নগর উন্নয়নের উদ্দেশ্যে এশিয়ান ডেভেলপমেন্ ব্যাঙ্ক কত মিলিয়ন মার্কিন ডলার ঋণ অনুমোদন করল? **—61 মিলিয়ন মার্কিন ডলার**

৪। আর্থিক স্বাক্ষরতা বাড়াতে লোকাল ইকনমিক ডেভেলপমেন্ট ট্রেনি প্রোগ্রাম আয়োজন করার উদ্দেশ্যে ইসাফ স্মল ফিনান্স ব্যাঙ্ক কো সংস্থার সঙ্গে চুক্তিবদ্ধ হল? **—নাবার্ড**

৫। রাজ্যে নদী পরিবহণকে প্রমোট করতে বিশ্ব ব্যাঙ্কের সঙ্গে ক টাকার ঋণ চুক্তি স্বাক্ষর করল অসম? **—770 কোটি টাকা**

৬। মিজোরামের আইজলে নগর পরিবহণ ব্যবস্থার উন্নতিসাধনে উদ্দেশ্যে এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্ক কত ঋণ সহায়তা দিল **—4.5 মিলিয়ন মার্কিন ডলার**

৭। মহারাষ্ট্রে কৃষি ব্যবসার প্রসারের উদ্দেশ্যে কত ঋণ চুক্তি স্বাক্ষর করল এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্ক?

—100 মিলিয়ন মার্কিন ডলার।

৮। মহারাষ্ট্রে দুগ্ধ উৎপাদনকারীদের আর্থিক সাহায্য প্রদানের উদ্দেশ্যে কোন সংস্থাটি ভারতীয় স্টেট ব্যাঙ্কের সঙ্গে চুক্তিবদ্ধ হল?

—SAIPL।

৯। ভারতের ন্যাশনাল ইন্ডাস্ট্রিয়াল করিডোর ডেভেলপমেন্ট প্রোগ্রামকে সাপোর্ট করার উদ্দেশ্যে 250 মিলিয়ন মার্কিন ডলার ঋণ চুক্তি করল কোন আন্তর্জাতিক ব্যাঙ্কিং প্রতিষ্ঠান?

—এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্ক।

১০। ভারতীয় সামরিক বাহিনীর জন্য ডিফেন্স সার্ভিস স্যালারি প্যাকেজ চালু করার উদ্দেশ্যে ভারতীয় সামরিক বাহিনী ও অ্যাক্সিস ব্যাঙ্ক কোন চুক্তি স্বাক্ষর করল? **—'পাওয়ার স্যালুট'।**

ঃ আর্থিক প্রতিষ্ঠান ঃ

১। রুপে কার্ডের টোকেনাইজেশনের জন্য কোন প্ল্যাটফর্ম চালু করল এনপিসিআই সংস্থাটি?

—এনটিএস।

২। ভারতের প্রথম এনবিএফসি হিসেবে পাঁচ বছরের সিকিওর্ড ওভার নাইট ফিন্যান্সিং রেট (এসওএফআর) লিংকড টার্ম লোন চালু করল কোন সংস্থাটি? **—আরইসি লিমিটেড।**

৩। ভারতীয় এমএসএমইদের জন্য এইচডিএফসি ব্যাঙ্ক, মাস্টার কার্ড, ডিএফসিইউএসএ আইডি কত মার্কিন ডলার ক্রেডিট ফেসিলিটি লঞ্চ করল? **—100 মিলিয়ন মার্কিন ডলার।**

৪। স্টার্ট-আপ ও এসএমই ক্ষেত্রকে আর্থিক সাহায্য করার উদ্দেশ্যে বোম্বে স্টক এক্সচেঞ্জ কোন সংস্থার সঙ্গে চুক্তিবদ্ধ হল?

—এইচডিএফসি।

৫। গ্রাহকদের সুবিধার্থে কোন সংস্থাটি 'টোকেনাইজেশন এইচকিউ' নামক টোকেনাইজেশন সলিউশন চালু করল? **—রেজর পে।**

৬। কোন সংস্থাগুলির জন্য 'স্কেল বেসড রেগুলেশন' জারি করল ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক?

—ভারতীয় নন ব্যাঙ্কিং ফিনান্স সংস্থাগুলির জন্য।

৭। গ্লোবাল পার্টনার্স সংস্থার সহযোগিতায় ভারতের সর্ব প্রথম ও সর্ব বৃহৎ 'স্কিল ইমপ্যাক্ট বন্ড' লঞ্চ করতে চলেছে কোন সংস্থা?

—ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশন।

৮। পেইউ ও এনএসডিএল সংস্থাদ্বয়ের সহযোগিতায় 'ডিজিটাল পেমেন্ট গেটওয়ে' লঞ্চ করল কোন সংস্থা?

—ন্যাশনাল ইন্টারনেট এক্সচেঞ্জ অফ ইন্ডিয়া।

৯। ভারতীয় সেনা বাহিনীর জন্য 'বীর' নামক ক্রেডিট কার্ড লঞ্চ করার উদ্দেশ্যে কোটাক মাহিন্দ্রা ব্যাঙ্ক কোন সংস্থার সঙ্গে চুক্তিবদ্ধ হল? **—এনপিসিআই।**

১০। সম্প্রতি কোন সংস্থাটি লঞ্চ করল ভারতের প্রথম গ্লোবাল রিয়েল এস্টেট সিকিউরিটিজ ফান্ড?

—পিজিআইএম ইন্ডিয়া মিউচুয়াল ফান্ড

১১। ভারতীয় কৃষকদের আর্থিক অন্তর্ভুক্তির উদ্দেশ্যে মাস্টারকার্ড ও লিফ সংস্থাদ্বয় চুক্তিবদ্ধ হয়ে লঞ্চ করল কোন প্ল্যাটফর্ম?

—'এলএফএন

১২। গ্রাহকদের ইজি পেমেন্টের সুবিধা দেওয়ার উদ্দেশে আইসিআইসিআই প্রুডেন্সিয়াল ও এনপিসিআই ভারত বিল পে সংস্থাদ্বয় যৌথভাবে লঞ্চ করল কোন পরিষেবা?

—'ক্লিক পে'

ঃ ব্যবসা-বাণিজ্য ঃ

১। ক্ষুদ্র ও মাঝারি শিল্পোদ্যোগীদের সাহায্য করার উদ্দেশ্যে কোন সংস্থাটি মুথুত ফিনান্স সংস্থার সঙ্গে চুক্তিবদ্ধ হল? **—রুপিফি**

২। এমএসএমই ক্ষেত্রকে সাহায্য করার উদ্দেশ্যে ফ্লিপকার্ট ও রুপিফি সংস্থাদ্বয় চুক্তিবদ্ধ হয়ে কোন পরিষেবাটি চালু করল?

—'বাই নাও পে লেটার'

৩। কোন সংস্থাটিকে ইনফ্রাস্ট্রাকচার ইনভেস্টমেন্ট ট্রাস্ট ইনস্ট্রুমেন্টের মাধ্যেমে ফিনান্স করার অনুমোদন দিল ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক?

—আইআইএফসিএল।

৪। ভারতে ব্যবসায়ীদের ট্রাভেল এক্সপেন্স মেটাতে ক্রেডিট কার্ড পরিষেবা দেওয়ার উদ্দেশ্যে আইটিআই লাইট সংস্থাটি কোন ব্যাঙ্কের সঙ্গে চুক্তিবদ্ধ হল? **—আইসিআইসিআই ব্যাঙ্ক।**

৫। ওপিডি পেশেন্টদের চিকিৎসা পরিষেবার সুবিধার্থে আইসিআইসিআই লোম্বার্ড সংস্থাটি কোন সল্যুশন লঞ্চ করল?

'বি ফিট'।

৬। বিশ্বের প্রথম মার্চেন্ট শেয়ারহোল্ডিং প্রোগ্রাম লঞ্চ করল কোন সংস্থাটি?

—ভারত পে।

৭। ভারতে ক্ষুদ্র ব্যবসার প্রসারের উদ্দেশ্যে মেটা (পূর্বতন ফেসবুক) সংস্থাটি কোন কোন প্রোগ্রাম লঞ্চ করল?

—'গ্রো ইয়োর বিজনেস হাব' ও 'গ্রো ইয়োর বিজনেস প্লেবুক' প্রোগ্রাম।

৮। ভারতীয় সেনা বাহিনীকে রিটেল মর্টগেজ লোনের সুবিধা প্রদানের উদ্দেশ্যে আর্মি ইন্সিয়োরেন্স গ্রুপের সঙ্গে চুক্তিবদ্ধ হল কোন ব্যাঙ্ক?

—অ্যাক্সিস ব্যাঙ্ক।

৯। প্রথম লাইফ ইন্সিউরার সংস্থা হিসেবে অ্যাকাউন্ট এগ্রিগেটর সিস্টেম জয়েন করল কোন সংস্থা? **—ম্যাক্স লাইফ ইন্সিয়োরেন্স।**

১০। এনআরআই অ্যাকাউন্টের জন্য কোন সংস্থাটি লঞ্চ করল প্রথম অনলাইন ট্রেডিং সার্ভিস? **—জিওজিত।**

১১। গ্রাহকদের ক্রেডিট ওয়ার্দিনেস-এর মূল্যায়নের জন্য ব্যাঙ্কবাজার.কম সংস্থার সহযোগিতায় ইয়েস ব্যাঙ্ক লঞ্চ করল কোন ক্রেডিট কার্ড? **—'ফিন বুস্টার'।**

—: ডব্লিউবিসিএস প্ল্যানার :—

স্কুল কলেজে পড়ার সময় থেকেই প্রত্যেক ছাত্রছাত্রীর স্বপ্ন থাকে WBCS অফিসার হওয়ার। এই স্বপ্নকে বাস্তব রূপায়ণের জন্য দরকার স্থির রেখে সঠিক গাইডেন্সের মাধ্যমে WBCS পরীক্ষার প্রিলি, মেইন ও ইন্টারভিউ প্রত্যেকটি স্টেজ অতিক্রম করা। এই গাইডেন্সের দিশা নিয়ে অ্যাচিভার্সের সংখ্যায় ধারাবাহিক আলোচনা করছেন GSCE-র অভিজ্ঞ শিক্ষকমণ্ডলী।

ভারতীয় মূলধনী বাজারে বিনিয়োগকারীদের প্রকৃতি

(A) মার্চেন্ট ব্যাঙ্ক :

মূলধন বাড়ানোর উদ্দেশ্যে নতুন শেয়ার ইস্যু ও আন্ডাররাইট করা থেকে শুরু করে বিভিন্ন রকমের কনসালটেন্সি ও কর্পোরেট উপদেষ্টামূলক পরিষেবা প্রদান করে থাকে এই প্রকার সংস্থা।

(B) মিউচুয়াল ফান্ড :

স্টক, বন্ড, মানি মার্কেট ইন্সট্রুমেন্ট ও অন্যান্য অ্যাসেটে বিনিয়োগ করার উদ্দেশ্যে বিভিন্ন বিনিয়োগকারীদের থেকে অর্থ সংগ্রহ করে একটি 'পুল অফ মানি' তৈরি করে মিউচুয়াল ফান্ড।

☞ মিউচুয়াল ফান্ডের প্রকারভেদ :

১। **ওপেন এন্ডেড ফান্ড :** একজন বিনিয়োগকারী নিজের ইচ্ছে ও সময় অনুযায়ী এই প্রকার মিউচুয়াল ফান্ড ক্রয় ও বিক্রয় করতে পারেন।

২। **ক্লোজ এন্ডেড মিউচুয়াল ফান্ড :** এক্ষেত্রে সাধারণত একবারই ইউনিট ইস্যু করা হয়, যখন মিউচুয়াল ফান্ড সংস্থা কোনো অফার লঞ্চ করে যাকে নিউ ফান্ড অফার বলা হয়।

৩। **এক্সচেঞ্জ ট্রেডেড ফান্ড:** এটি ওপেন এন্ডেড ও ক্লোজ এন্ডেড ফান্ডের সংমিশ্রণ। এগুলি স্টক এক্সচেঞ্জে লিস্টেড ও ট্রেডেড হয় প্রতিদিন। কিন্তু এগুলির মূল্য আন্ডারলাইং অ্যাসেটের সমতুল্যই হয়।

(C) হেজ ফান্ড :

এটি এক প্রকার ইনভেস্টমেন্ট ফান্ড যা স্বনামধন্য ইনভেস্টর বা ইনস্টিটিউশনাল ইনভেস্টরের থেকে মূলধন সংগ্রহ করে জটিল পোর্টফোলিও সহ বিভিন্ন প্রকার অ্যাসেটে বিনিয়োগ করে; এক্ষেত্রে হেজ ফান্ডে নানা প্রকার রিস্ক ম্যানেজমেন্ট টেকনিক প্রয়োগ করা হয়।

(D) ভেঞ্চার ক্যাপিটাল :

এটি একপ্রকার প্রাইভেট ইকুইটি যা ফিনান্সের একটি মাধ্যম হিসেবে কাজ করে। এটি ক্ষুদ্র অথচ সম্ভবনাময় ফার্মকে ফান্ড সরবরাহ করে।

(E) এঞ্জেল ইনভেস্টর :

এক্ষেত্রে একজন বিত্তশালী বিনিয়োগকারী শিল্পোদ্যোগীদের কনভার্টিবল ডেট বা ইকুইটির ওনারশিপের পরিবর্তে মূলধন সরবরাহ করে থাকে।

(F) কালেক্টিভ ইনভেস্টমেন্ট স্কিম (CIS) :

নির্দিষ্ট কোনো অ্যাসেটে বিনিয়োগ করার জন্য বি বিনিয়োগকারীদের কাছ থেকে মূলধন সংগ্রহ করা হয়। এ আই এস-এর সঙ্গে যুক্ত ব্যক্তিদের নিয়ন্ত্রণ করে সেবি।

(G) অল্টারনেটিভ ইনভেস্টমেন্ট ফান্ড :

রিয়েল এস্টেট, প্রাইভেট ইকুইটি ও হেজ ফান্ডের জন্য এটি এ নতুন বিনিয়োগ প্রক্রিয়া। এই এ আই এফ-কে নিয়ন্ত্রণ করে সে মিউচুয়াল ফান্ড, ফ্যামিলি ট্রাস্ট, এমপ্লয়ি স্টক অপশন ও সি এস-এর আওতায় পড়ে না।

(H) ফরেন পোর্টফোলিও ইনভেস্টর :

স্টক মার্কেটের মাধ্যমে এরা বিনিয়োগ করে, সাধারণত কে সংস্থার 10%-এর কম সত্ত্ব অধিগ্রহণ করে থাকে। এফ আই ও সাব-অ্যাকাউন্ট ও কিউ এফ আই একত্রিত হয়ে নতুন বিনি শ্রেণি গঠন করেছে যা ফরেন পোর্টফোলিও ইনভেস্টর না পরিচিত। এদের মোট বিনিয়োগ সীমা 24% যা কোনো স চাইলে নির্ধারিত সেক্টোরাল ক্যাপের মধ্যে বাড়াতে পা অ-নথিভুক্ত শেয়ার ও টি-বিলে এরা বিনিয়োগ করতে পা না।

(I) কোয়ালিফায়েড ফরেন ইনভেস্টর :

এটি প্রবাসে বসবাসকারী কোনো গ্রুপ বা অ্যাসোসিয়েশন বিনিয়োগের ক্ষেত্রে এফ এ টি এফ-স্ট্যান্ডার্ডকে মান্য করে। এ কর্পোরেট ডেট, ইকুইটিস, মিউচুয়াল ফান্ড ইত্যাদিতে সরাসি বিনিয়োগ করতে পারে।

(J) ই এস জি ফান্ড :

এটি তিনটি শব্দের সমন্বয়ে গঠিত, যথা, এনভায়রনমেন্ট, সোশ্যা ও গভর্ন্যান্স। এটি এক প্রকারেরর মিউচুয়াল ফান্ড। নৈতি ও পরিবেশবান্ধব কার্যকলাপের সঙ্গে যুক্ত সংস্থাগুলি বিনিয়োগ করাই ই এস জি ফান্ডের মূল লক্ষ্য। এটি সেবি দ্বা নিয়ন্ত্রিত হয়।

★★★

বিভিন্ন প্রকার ক্যাপিটাল মার্কেট ইন্স্ট্রুমেন্ট সম্পর্কে ধারণা

এক বছর বা তার বেশি ম্যাচুইরিটি সম্পন্ন ফান্ডের ক্রয় বিক্রয় ্যাপিটাল মার্কেটের মাধ্যমে সম্পন্ন হয়। ক্যাপিটাল মার্কেট দুই প্রকার, ইমারি ও সেকেন্ডারি। প্রাইমারি মাকেটে যে কোনো নতুন সিকিউরিটি স্যু করা হয় এবং সেকেন্ডারি মার্কেটে অধিকৃত সিকিউরিটির ক্রয়-বিক্রয় রা হয়।

ক্যাপিটাল মার্কেটে বিনিয়োগের মাধ্যম :

। **শেয়ার :**
শেয়ার দু'প্রকার, কমন শেয়ার ও প্রেফার্ড শেয়ার। কমন স্টক হোল্ডাররা শেয়ারের মূল্য বৃদ্ধি এবং ডিভিডেন্ডের মাধ্যমে লাভ করতে পারে। এদের ভোটিং রাইটস থাকে। কোনো সংস্থা দেউলিয়া হলে কমন স্টক হোল্ডারদের দেনা সবচেয়ে শেষে মেটানো হয়। অপরদিকে, প্রেফার্ড স্টক হোল্ডারদের একটি ফিক্সড পূর্ব নির্ধারিত ডিভিডেন্ড পেমেন্ট করা হয়। এদের ভোটিং রাইটস থাকে না। কোনো সংস্থা দেউলিয়া হলে কমন স্টক হোল্ডারদের আগেই এরা পেমেন্ট পায়। প্রসঙ্গত, শেয়ার বিক্রি করে কোনো সংস্থা যে মূলধন বাড়ায় তাকে স্টক বলে।

ডিবেঞ্চার :
এটি এক প্রকার ডেট ইন্স্ট্রুমেন্ট যা কোনো অ্যাসেট বা কোল্যাটারাল দ্বারা সুরক্ষিত থাকে না। ইস্যুয়ারের রেপুটেশনরে ওপর নির্ভর করে ডিবেঞ্চার ক্রয় বিক্রয় করা হয়। ডিবেঞ্চার দু'প্রকারের, কনভার্টিবল ও নন-কনভার্টিবল। কনভার্টিবল ডিবেঞ্চারগুলিকে একটি নির্দিষ্ট সময়ের পর ইকুইটি শেয়ারে পরিবর্তন করে নেওয়া যায় কিন্তু নন-কনভার্টিবল ডিবেঞ্চারগুলিকে ইকুইটি শেয়ারে কনভার্ট করা যায় না।

বন্ড :
এটি একপ্রকারের ঋণ যা ফিজিক্যাল অ্যাসেট দ্বারা সুরক্ষিত থাকে। ডিবেঞ্চারের থেকে এটি সম্পূর্ণ আলাদা কারণ ডিবেঞ্চার কেবলমাত্র ইস্যুয়ারের প্রমিসের ওপর নির্ভর করে, এক্ষেত্রে কোনো রকম অ্যাসেটের ব্যাকআপ থাকে না। ডিবেঞ্চারের তুলনায় বন্ডের সুদের হার কম থাকে যেহেতু এক্ষেত্রে ঝুঁকিও কম থাকে।

বন্ডের প্রকারভেদ :

) **মশলা বন্ড :**
ভারতীয় সংস্থা বিদেশে এইরূপ বন্ড ইস্যু করে কিন্তু বন্ডটি ভারতীয় টাকায় রিডিম করা হয়, বিদেশি মুদ্রায় নয়। ভারতীয় সংস্কৃতিকে প্রমোট করার উদ্দেশ্যে এই টার্মটি প্রয়োগ করেছে ইন্টারন্যাশনাল ফিনান্স কর্পোরেশন।

) **জিরো কুপন বন্ড :**
জিরো কুপন বন্ডের ক্ষেত্রে কোনো সুদ প্রযোজ্য হয় না; পরিবর্তে এটি ডিসকাউন্টে ট্রেড করা হয় ও ফেস ভ্যালুতে রিডিম করা হয়।

(c) **ফ্লোটিং রেট বন্ড :**
ভেরিয়েবল কুপন রেটে এই ধরনের বন্ড ইসু করা হয়।

(d) **সোশ্যাল ইমপ্যাক্ট বন্ড :**
বিত্তশালী গ্রাহক ও বিনিয়োগকারীদের ইস্যু করা হয় এই প্রকার বন্ড। এই ক্ষেত্রে 3% বার্ষিক সুদের হার প্রযোজ্য হয় এবং এগুলির মেয়াদ থাকে 5 বছর।

৪। **ডেরিভেটিভস :**
এটি একপ্রকার ফিনান্সিয়াল সিকিউরিটি যার অন্তর্নিহিত মূল্য সংশ্লিষ্ট অ্যাসেটের ওপর নির্ভরশীল। এই অ্যাসেটগুলি হল স্টক বন্ড, বন্ড, কমোডিটি, কারেন্সি, ইন্টারেস্ট রেট ও মার্কেট ইনডেক্স ইত্যাদি। ওভার দ্য কাউন্টার বা স্টক এক্সচেঞ্জে এই ডেরিভেটিভ ট্রেড করা হয়।

☞ **ডেরিভেটিভের প্রকারভেদ :**

ফিউচার : দুটি পার্টির মধ্যে এটি এক প্রকার চুক্তি যে একটি নির্দিষ্ট মূল্যে নির্দিষ্ট সময়ে একটি অ্যাসেট ক্রয় ও ডেলিভারি করা হবে।

ফরওয়ার্ড : এটি একপ্রকার নন-স্ট্যান্ডার্ডাইজড কন্ট্র্যাক্ট যেখানে দু'টি পার্টি চুক্তি করে যে বর্তমানে নির্ধারিত মূল্যে কোনো অ্যাসেট নির্দিষ্ট সময় পরে ক্রয় বা বিক্রয় করা হবে।

সোয়াপ : একটি ক্যাশ ফ্লো থেকে অপর একটি ক্যাশ ফ্লো-তে পরিবর্তন করার জন্য এই প্রকার সোয়াপ ব্যবহার করা হয়। যেমন কোনো বিনিয়োগকারী ফিক্সড ইন্টারেস্ট লোন থেকে ভেরিয়েবল ইন্টারেস্ট রেট-এ সুইচ করার জন্য ইন্টারেস্ট রেট সোয়াপ ব্যবহার করতে পারেন।

অপশন : এক্ষেত্রে ক্রেতা অপশনটি এক্সারসাইজ করার ক্ষেত্রে বাধ্যতামূলক নয় কখনোই কিন্তু যদি ক্রেতা সেটি করতে চায় তাহলে অপশন বিক্রেতা আন্ডারলাইং অ্যাসেটটি ক্রয় বা বিক্রয় করতে বাধ্য থাকেন।

ওয়ারেন্ট : এটি একটি বিলম্বিত সময়ের জন্য নির্ধারিত অপশন, সাধারণত সময়কালটি এক বছরের বেশি।

লিপস : এটি হল লং টার্ম ইকুইটি এন্টিসিপেশন সিকিউরিটিজ। এগুলি হল এক প্রকার অপশন যার সময়কাল তিন বছর পর্যন্ত নির্ধারিত করা হয়।

৫। **জি-সেক (গিল্ট এজড় সিকিউরিটি) :**
এটি এক প্রকার বন্ড যা কেন্দ্র বা রাজ্য সরকার দ্বারা ইস্যু করা হয়। এগুলি রিস্ক ফ্রি ট্রেডেবল ইন্স্ট্রুমেন্ট। কেন্দ্রীয় সরকার লং টার্ম ও শর্ট টার্ম ডেটেড সিকিউরিটি ইস্যু করে যেখানে রাজ্য সরকার কেবলমাত্র শর্ট টার্ম ডেটেড সিকিউরিটি ইস্যু করে থাকে।

★★★

অর্থনৈতিক বৃদ্ধি ও উন্নতির পরিমাপক সম্পর্কে বিস্তারিত ধারণা

মুদ্রাস্ফীতির সঙ্গে সামঞ্জস্য রেখে রিটেল টার্মের ওপর ভিত্তি করে ন্যাশনাল ইনকাম অ্যাকাউন্টিংয়ের মাধ্যমে অর্থনৈতিক বৃদ্ধি পরিমাপ করা হয়। অর্থনৈতিক বৃদ্ধি পরিমাপের সহজ উপায় হল জিডিপি নির্ধারণ, যদিও জিডিপির বেশ কিছু সীমাবদ্ধতা আছে। অর্থনৈতিক বৃদ্ধি কোনো নির্দিষ্ট সময়ে দ্রব্য ও পরিষেবার উৎপাদন বৃদ্ধিকে নির্দেশ করে; তাই অর্থনৈতিক বৃদ্ধি পরিমাপ করার ক্ষেত্রে মুদ্রাস্ফীতির প্রভাবকে অপসারিত করা প্রয়োজন। প্রসঙ্গত, দেশের অভ্যন্তরে এক বছরে উৎপাদিত মোট দ্রব্য ও পরিষেবার আর্থিক মূল্য হল জিডিপি।

অর্থনৈতিক বৃদ্ধির পরিমাপক হিসেবে জিডিপির সীমাবদ্ধতা: (১) শিশুর প্রতিপালন, অবৈতনিক কাজ, গৃহস্থালির কাজ, কালো বাজারির মতো বিষয়গুলি জিডিপিতে অন্তর্ভুক্ত হয় না। (২) পরিবেশগত ব্যয় জিডিপিতে প্রতিফলিত হয় না। (৩) সামগ্রিকভাবে, উপরিউক্ত বিষয়গুলি সামাজিক কল্যাণের ওপর কী প্রভাব ফেলে তা জিডিপি দ্বারা প্রকাশ করা যায় না।

এই অসুবিধে দূর করার জন্য পার ক্যাপিটা জিডিপি গ্রোথ পরিমাপ করা হয়। এটিকে (১) লেবার প্রোডাক্টিভিটি : শ্রম ক্ষমতা। (২) ইনটেনসিটি: কার্য সময়। (৩) পার্টিসিপেশন রেট : অংশীদারিত্ব। (৪) ডেমোগ্রাফি: জনসংখ্যা ইত্যাদির মাধ্যমে পরিমাপ করা হয়।

এগুলির পরিমাপের ক্ষেত্রে সঠিক তথ্য আহরণে সমস্যা থাকায় গ্রস ন্যাশনাল প্রোডাক্ট ও নেট ন্যাশনাল প্রোডাক্টের সাহায্য নেওয়া হয়। প্রসঙ্গত, অভ্যন্তরীণ ও বহিরাগত মোট দ্রব্য ও পরিষেবার আর্থিক মূল্যকে জিএনপি দ্বারা প্রকাশ করা হয়। এক বছরে দেশের নাগরিক দ্বারা দেশের অভ্যন্তরে বা বাইরে উৎপাদিত চূড়ান্ত দ্রব্য ও পরিষেবার আর্থিক মূল্য এনএনপি দ্বারা প্রকাশিত হয়।

আর্থিক বৃদ্ধি পরিমাপের ক্ষেত্রে মিনিস্ট্রি অফ কর্পোরেট অ্যাফেয়ার্সে নথিভুক্ত পাঁচ লক্ষেরও বেশি সংস্থা থেকে তথ্য সংগ্রহ করে ডেটা পুল তৈরি করা হয়। সেন্ট্রাল স্ট্যাটিসটিকাল অফিসের বিশেষজ্ঞরা এই প্রকার পরিমাপের ক্ষেত্রে নানারূপ পরিবর্তন করে থাকে; যেমন ভিত্তি বছর পরিবর্তন করা, ফ্যাক্টর কস্টকে মার্কেট প্রাইসের সঙ্গে পরিবর্তন করা, বাজারদরে গ্রস ভ্যালু অ্যাডেড পরিমাপ করে জিডিপির মান প্রকাশ করা ইত্যাদি। প্রসঙ্গত, 1991 সালে পূর্ব ভারতের পরিকল্পিত অর্থনীতিতে নিম্নমানের যে বৃদ্ধি সংঘটিত হয়েছিল তাকে হিন্দু রেট অফ গ্রোথ হিসেবে অভিহিত করা হয়।

মানবিক উন্নয়নের পরিমাপের ক্ষেত্রে অর্থনৈতিক বৃদ্ধি খুবই গুরুত্বপূর্ণ। জিডিপি/জিভিএ অনুপাতটি বিশ্বের ধনী-দরিদ্র সব দেশেই ব্যবহৃত হয়। সাধারণ মানুষের জীবনধারণের মানোন্নয়নের ক্ষেত্রে মাথাপিছু আয়ের ধারণা থেকে যথাযথ নীতি নির্ধারণ করা অর্থনীতিবিদদের মূল উদ্দেশ্য। কিন্তু জিডিপি/জিভিএ অনুপাতটি কেবলমাত্র পরিসংখ্যানগত মান বিচার করে, গুণগত নয়। এটি নিশুল্ক দ্রব্য ও পরিষেবাকে অন্তর্ভুক্ত করে না, যেমন গৃহস্থালির কাজকর্ম। পরিবেশগত ক্ষয়-ক্ষতিও এর মধ্যে অন্তর্ভুক্ত হয় না।

অর্থনৈতিক উন্নয়নের অর্থ হল একটি দেশের সার্বিক উন্নয়ন। কোনো নির্দিষ্ট সংজ্ঞা দ্বারা একে নির্দেশ করা যায় না। এর ফলে কোনো অনগ্রসর দেশ শিল্পের বিকাশের মাধ্যমে আধুনিক অর্থনীতিতে পরিণত হয়। ইতিবাচক সামাজিক ও রাজনৈতিক পরিবর্তনও অর্থনৈতিক উন্নয়নকে নির্দেশ করে।

অর্থনৈতিক উন্নয়নের পরিমাপ পদ্ধতি : (১) মাথাপিছু আয়, (২) স্বাক্ষরতা, স্বাস্থ্য ও কর্মসংস্থান, (৩) দারিদ্র দূরীকরণ ইত্যাদি। অর্থনৈতিক উন্নয়নের কোনো পরিমাপক নেই। হিউম্যান ডেভেলপমেন্ট ইনডেক্স, জেন্ডার ডেভেলপমেন্ট ইনডেক্স, হিউম্যান প্রপার্টি ইনডেক্স ইত্যাদি সূচক দ্বারা অর্থনৈতিক উন্নয়নকে নির্দেশ করা হয়।

অর্থনৈতিক বৃদ্ধি/উন্নয়নের বিকল্প পরিমাপক : (১) অর্থনৈতিক কার্যকারিতার নেতিবাচক প্রভাবকে অপসারিত করে জিডিপির সংশোধন করা হয় **জেনুইন প্রগ্রেস ইন্ডিকেটর (জিপিআই)** দ্বারা। যেমন, যুদ্ধের খরচ, দূষণ, জমি সংক্রান্ত ক্ষয়-ক্ষতি ইত্যাদিকে জিডিপি থেকে বাদ দেওয়া হয় যাতে অর্থনীতির সঠিক চিত্র পাওয়া যায়।

(২) দেশের অর্থনীতিতে দূষণমুক্ত পরিবেশের ইতিবাচক প্রভাব **গ্রিন জিডিপি** দ্বারা প্রকাশিত হয়। বৃক্ষচ্ছেদন, অরণ্য ধ্বংস, আবহাওয়া পরিবর্তনের মতো বিষয়গুলি গ্রিন জিডিপিতে প্রতিফলিত হয়।

(৩) দেশীয় অর্থনীতিতে প্রাকৃতিক সম্পদের বণ্টনকে **ন্যাশনাল ক্যাপিটাল অ্যাকাউন্টিং** দ্বারা প্রকাশ করা হয়। এর মাধ্যমে জনসাধারণের দ্বারা প্রাকৃতিক সম্পদের ভোগের বিষয়টি সরকারকে অবহিত করা যায়।

(৪) সার্বিকভাবে সামাজিক কল্যাণ নির্দেশ করার জন্য **হ্যাপি প্ল্যানেট ইনডেক্স** দ্বারা পরিবেশের প্রভাব ও সম্ভাব্য আয়ুষ্কালকে অন্তর্ভুক্ত করা হয়। কোনো দেশ তার সম্পদের কতটা যথার্থ ব্যবহার করতে পারছে ও তার নাগরিকদের কতটা কল্যাণ সাধন করছে তার ওপর ভিত্তি করে এই সূচক প্রস্তুত করা হয়।

RBI অনুযায়ী বিভিন্ন বিদেশি মুদ্রার নিরিখে ভারতীয় মুদ্রার মূল্য (Exchange Rate) (18.11.2021 অনুযায়ী)

বিদেশি মুদ্রা	ভারতীয় মূল্য	বিদেশি মুদ্রা	ভারতীয় মূল্য
1 USD ($)	74.1552	100 Jap YEN (¥)	64.91
1 Euro (€)	83.919	1 Pound Sterling (£)	100.0482

বিখ্যাত ভারতীয় ব্যক্তিত্বদের উপনাম

উপনাম	ব্যক্তির নাম
আচার্য	বিনোবা ভাবে
আদি কবি	বাল্মীকি
দেশরত্ন, অজাতশত্রু	ডাঃ রাজেন্দ্র প্রসাদ
কাশ্মীরের আকবর	জয়নুল আবেদিন
অন্ধ্র কেশরী	টি প্রকাশম
আন্না	সি এন আন্নাদুরাই
বাবুজি	জগজীবন রাম
বাদশা খান/সীমান্ত গান্ধী	আব্দুল গফফর খান
বাংলার আকবর	আলাউদ্দিন হোসেন শাহ
বাপু, গান্ধিজি, জাতির জনক	মোহনদাস করমচাঁদ গান্ধী
বাংলার বাঘ	আশুতোষ মুখার্জি
প্রিন্স অফ ক্যালকাটা, মহারাজ	সৌরভ গাঙ্গুলি
বিহার কেশরী	ডঃ শ্রীকৃষ্ণ সিনহা
বিহার বিভূতি	ডঃ অনুরাগ নারায়ণ সিনহা
সি আর, রাজাজি	সি রাজগোপালাচারী
চাচা, পণ্ডিতজি	জওহরলাল নেহেরু
দীনবন্ধু	সি এফ অ্যান্ড্রুজ
দেশবন্ধু	চিত্তরঞ্জন দাশ
গান্ধীবুড়ি	মাতঙ্গিনী হাজরা
মহাপদ্মনন্দ	উগ্রসেন, দ্বিতীয় পরশুরাম, সর্বক্ষত্রিয়ছেত্তা
দেশপ্রিয়	যতীন্দ্র মোহন সেনগুপ্ত
গুজরাটের জনক	রবি শঙ্কর মহারাজ
বাঘাযতীন	যতীন্দ্রনাথ মুখোপাধ্যায়
উড়ন্ত শিখ	মিলখা সিং
বিন্ধাধিপতি, একব্রাহ্মণ	গৌতমীপুত্র সাতকর্ণী
গ্র্যান্ড ওল্ড ম্যান অফ ইন্ডিয়া	দাদাভাই নওরোজি
গ্র্যান্ড ফাদার অফ ইন্ডিয়ান ফিল্মস	ধুন্ডিরাজ গোবিন্দ ফালকে
লোকমাতা	রানি রাসমনি
গুরুজি	এম এস গোহলওয়ালকর
হরিয়ানার হ্যারিকেন	কপিল দেব
হকির জাদুকর	ধ্যান চাঁদ
ভারতের ম্যাকিয়াভেলি	চাণক্য
ভারতের লৌহ রমণী, প্রিয়দর্শিনী	ইন্দিরা গান্ধী

উপনাম	ব্যক্তির নাম
লৌহমানব, ভারতের বিসমার্ক	সর্দার বল্লভভাই প্যাটেল
মানব ক্যালকুলেটর	শকুন্তলা দেবী
জন নায়ক	কপুরী ঠাকুর
বিদ্যাসাগর	ঈশ্বরচন্দ্র বন্দ্যোপাধ্যায়
পাগলা রাজা	মহম্মদ বিন তুঘলক
কুভেম্পু	কে ভি পুট্টাপ্পা
লাল, বাল, পাল	লালা লাজপত রায়, বাল গঙ্গাধর তিলক এবং বিপিন চন্দ্র পাল
ভারতের মিসাইল ম্যান	এপিজে আব্দুল কালাম
চন্দ্রগুপ্ত মৌর্য	স্যান্ড্রোকোটাস
কেশরী, লোকমান্য	বাল গঙ্গাধর তিলক
লিটল মাস্টার	সুনীল গাভাস্কার
বিন্দুসার	অমিত্রাঘাত, অ্যামিকেটোস
লোকনায়ক, জেপি	জয়প্রকাশ নারায়ণ
বিম্বিসার	শ্রেণিক
অজাতশত্রু	কুনিক
মহামান্য	মদন মোহন মালব্য
অশোক	প্রিয়দর্শী দেবনামপ্রিয়
শান্তির মানুষ	লাল বাহাদুর শাস্ত্রী
ভারতের নবজাগরণের পথিক	রাজা রামমোহন রায়
ভারতের নেপোলিয়ান, কবিরাজ, লিচ্ছবি দৌহিত্র	সমুদ্রগুপ্ত
কনিষ্ক	দ্বিতীয় অশোক, দৈবপুত্র
ভারতের নাইটিঙ্গেল	সরোজিনী নাইডু
বোম্বে ডাক	অজিত আগরকর
পায়োলি এক্সপ্রেস	পি টি উষা
বাংলার মুকুটহীন সম্রাট, রাষ্ট্রগুরু	সুরেন্দ্রনাথ ব্যানার্জি
বোম্বের মুকুটহীন সম্রাট	ফিরোজশাহ মেহতা
পাঞ্জাব কেশরী	লালা লাজপত রায়
লোকপ্রিয়	গোপীনাথ বরদলুই
রাজর্ষি	পুরুষোত্তম দাস ট্যান্ডন
শহিদ-ই-আজম	ভগত সিং
টার্বোনেটর	হরভজন সিং
ক্যাপ্টেন কুল, মাহি	মহেন্দ্র সিং ধোনী

Take a back seat *Means* : **Choose to be less important in a role**

মেক্সিকো সিটি গ্রাঁপি খেতাব জিতলেন ম্যাক্স ভারস্ট্যাপেন

উপনাম	ব্যক্তির নাম	উপনাম	ব্যক্তির নাম
ভারতের শেক্সপিয়র	কালিদাস	গৌড়েশ্বর, পরমবৈষ্ণব, আড়িরাজ মর্দান শঙ্কর	লক্ষ্মণ সেন
শের-ই-কাশ্মীর	শেখ আবদুল্লাহ	নরেন্দ্রাদিত্য, গৌড়াধম	শশাঙ্ক
স্প্যারো	মেজর জেনারেল রাজিন্দর সিং	শকারি, বিক্রমাদিত্য	দ্বিতীয় চন্দ্রগুপ্ত
দ্য ওয়াল	রাহুল দ্রাবিড়	ভারতবর্ষের রক্ষাকর্তা	স্কন্দগুপ্ত
স্বর কোকিলা	লতা মঙ্গেশকর	সকলোত্তরপথনাথ, শিলাদিত্য	হর্ষবর্ধন
তাউ	চৌধুরী দেবী লাল	লাখবক্স	কুতুবউদ্দিন আইবক
লিটল মাস্টার, ক্রিকেটের ভগবান	শচীন টেন্ডুলকার	সুলতান-ই-শানি, দ্বিতীয় আলেকজান্ডার	ইলতুৎমিস
মহীশূরের বাঘ	টিপু সুলতান	ছত্রপতি, গোব্রাহ্মণ প্রতিপালক	শিবাজি
তুতি-ই-হিন্দ, হিন্দুস্তানের তোতাপাখি	আমির খুসরু	হাজার দিনারি	মালিক কাফুর
উড়ানপরী	পি টি ঊষা	জিন্দাপির, দরবেশ	ঔরঙ্গজেব
তরুণ তুর্কি	চন্দ্র শেখর	সুলতানি যুগের আকবর	ফিরোজ শাহ তুঘলক
উত্তরপথস্বামী	ধর্মপাল		

ভারতের বিখ্যাত উদ্যানসমূহ

উদ্যানের নাম	অবস্থান	রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চল	স্থাপনাকাল
❖ অরোভিল বোটানিক্যাল গার্ডেন	অরোভিল	তামিলনাড়ু	২০০০
❖ আচার্য জগদীশ চন্দ্র বসু ভারতীয় বোটানিক গার্ডেন	শিবপুর	পশ্চিমবঙ্গ	১৭৮৭
❖ বৃন্দাবন গার্ডেন	মহীশূর	কর্ণাটক	১৯৩২
❖ বালাসিনোর ডাইনোসর ফসিল পার্ক	মাহিসাগর	গুজরাট	১৯৮০
❖ চন্দ্রশেখর আজাদ পার্ক	প্রয়াগরাজ	উত্তরপ্রদেশ	১৮৭০
❖ চশমে শাহী	শ্রীনগর	জম্মু ও কাশ্মীর	১৬৩২
❖ চৌবাতিয়া গার্ডেন	চৌবাটিয়া	উত্তরাখণ্ড	১৯৩২
❖ চম্বল উদ্যান	কোটা	রাজস্থান	১৯৭৮
❖ গভর্নমেন্ট বোটানিক্যাল গার্ডেন	উটি	তামিলনাড়ু	১৮৪৭
❖ হ্যাঙ্গিং গার্ডেন	মুম্বাই	মহারাষ্ট্র	১৮৮১
❖ জালিয়ানওয়ালা বাগ	অমৃতসর	পাঞ্জাব	১৯৬১
❖ জওহরলাল নেহেরু বোটানিক্যাল গার্ডেন	গ্যাংটক	সিকিম	১৯৮৭
❖ ঝাঁসি হার্বাল গার্ডেন	ঝাঁসি	উত্তরপ্রদেশ	১৯৭৩
❖ কালিন্দী কুঞ্জ	নতুন দিল্লি	নতুন দিল্লি	২০১৭
❖ লালবাগ	বেঙ্গালুরু	কর্ণাটক	১৭৬০
❖ ল গার্ডেন	আহমেদাবাদ	গুজরাট	১৯৯৭
❖ লয়েড বোটানিক্যাল গার্ডেন	দার্জিলিং	পশ্চিমবঙ্গ	১৮৭৮

বন্ধন ব্যাঙ্ক অসমে বিপণন দূত হিসেবে নিয়োগ করল জুবিন গর্গ-কে

উদ্যানের নাম	অবস্থান	রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চল	স্থাপনাকাল
❖ লোদী গার্ডেন	নতুন দিল্লি	নতুন দিল্লি	১৯৯৪
❖ মালামপুঝা গার্ডেন	পালাক্কাদ	কেরালা	১৯৬০
❖ মেহতাব বাগ	আগ্রা	উত্তরপ্রদেশ	১৬৫২
❖ মুঘল গার্ডেন	নতুন দিল্লি	—	১৬১৯
❖ নিশাত বাগ	শ্রীনগর	জম্মু ও কাশ্মীর	১৬৩৩
❖ পিলিকুলা নিসর্গ ধাম	ম্যাঙ্গালোর	কর্ণাটক	১৯৯৬
❖ পিঞ্জোর গার্ডেন	পঞ্চকুলা	হরিয়ানা	১৭৬০
❖ রক গার্ডেন	দার্জিলিং	পশ্চিমবঙ্গ	১৯৮০
❖ চণ্ডীগড়ের রক গার্ডেন	চণ্ডীগড়	—	১৯৫৭
❖ সাহারানপুর বোটানিক্যাল গার্ডেন	সাহারানপুর	উত্তরপ্রদেশ	১৭৫০
❖ সজ্জন নিবাস বাগান (গুলাব বাগ)	উদয়পুর	রাজস্থান	১৮৮৭
❖ সরিতা উদ্যান	গান্ধীনগর	গুজরাট	১৮২২
❖ শালিমার বাগ	শ্রীনগর	জম্মু ও কাশ্মীর	১৬১৯
❖ সিম'স পার্ক	কুন্নুর	তামিলনাড়ু	১৮৭৪
❖ টিউলিপ গার্ডেন	শ্রীনগর	জম্মু ও কাশ্মীর	২০০৭
❖ রাও যোধা ডেজার্ট রক পার্ক	যোধপুর	রাজস্থান	২০০৬
❖ ইকামরা কানন বোটানিক্যাল গার্ডেন	ভুবনেশ্বর	ওড়িশা	১৯৮৫
❖ সঞ্জয় গান্ধী জৈবিক উদ্যান	পাটনা	বিহার	১৯৭৩
❖ কোটলা বিজয় ভাস্কর রেড্ডি বোটানিক্যাল গার্ডেন	হায়দরাবাদ	তেলেঙ্গানা	২০১৮
❖ কোন্দাপুর বোটানিক্যাল গার্ডেন	হায়দরাবাদ	তেলেঙ্গানা	২০০০
❖ পদ্মপুরম গার্ডেন	আরাকু	অন্ধ্রপ্রদেশ	১৯৪২
❖ ন্যাশনাল ক্যাকটাস অ্যান্ড সাকুওলেন্ট বোটানিক্যাল গার্ডেন অ্যান্ড রিসার্চ সেন্টার	পঞ্চকুলা	হরিয়ানা	১৯৮৭
❖ নরেন্দ্র নারায়ণ পার্ক	কোচবিহার	পশ্চিমবঙ্গ	১৮৯২
❖ এগ্রি হর্টিকালচার সোসাইটি অফ ইন্ডিয়া	আলিপুর	পশ্চিমবঙ্গ	১৮২০
❖ মাধবরম বোটানিক্যাল গার্ডেন	চেন্নাই	তামিলনাড়ু	২০১৮
❖ শ্যামলী পুঙ্গা	চেন্নাই	তামিলনাড়ু	২০১০
❖ মালাবার বোটানিক্যাল গার্ডেন অ্যান্ড ইনস্টিটিউট ফর প্ল্যান্ট সায়েন্স	কোঝিকোড়	কেরল	১৯৯১
❖ জওহরলাল নেহেরু ট্রপিক্যাল বোটানিক গার্ডেন অ্যান্ড রিসার্চ ইনস্টিটিউট	তিরুবনন্তপুরম	কেরল	১৯৭৯
❖ জিজামাতা উদ্যান	মুম্বাই	মহারাষ্ট্র	১৮৬১
❖ এন টি আর পার্ক	হায়দরাবাদ	তেলেঙ্গানা	১৯৯৯

ভারতের ইতিহাসের স্মরণীয় কালপঞ্জি

খ্রিস্ট পূর্ব আনুমানিক	ঘটনাসমূহ
৫০০০০	ভারতে মনুষ্য বসতির সূচনা।
৫০০০০-৮০০০	ভারতে প্রাচীন প্রস্তর যুগ।
৮০০০-৪০০০	ভারতে মধ্য প্রস্তর যুগ।
৪০০০	ভারতে নব্য প্রস্তর যুগের সূচনা।
৩০০০-১৫০০	সিন্ধু সভ্যতা।
১৫০০	ভারতে আর্যদের আগমন।
১৫০০-১০০০	ঋক বৈদিক যুগ।
১৫০০-১৪০০	হরপ্পা সভ্যতার পতন।
১৪০০-১০০০	ঋকবেদ রচনা।
১০০০	লোহার ব্যবহার শুরু।
১০০০-৬০০	পরবর্তী বৈদিক যুগ।
৫৬৬	বুদ্ধদেবের জন্ম।
৫৪৫	বিম্বিসারের সিংহাসন লাভ।
৫৪০	মহাবীরের জন্ম।
৪৯৩	অজাতশত্রুর সিংহাসন লাভ।
৪৮৬	বুদ্ধদেবের মৃত্যু, প্রথম বৌদ্ধ সংগীতি।
৪৬৮	মহাবীরের মৃত্যু।
৪৩০	শিশুনাগ বংশের প্রতিষ্ঠা।
৩৮৭	দ্বিতীয় বৌদ্ধ সংগীতি।
৩৩০	আলেকজান্ডার কর্তৃক ভারতীয় পারসিক সাম্রাজ্য ধ্বংস।
৩২৭	আলেকজান্ডারের হিন্দুকুশ অতিক্রম।
৩২৬	আলেকজান্ডারের ভারত আক্রমণ।
৩২৫	আলেকজান্ডারের ভারত ত্যাগ।
৩২৪	চন্দ্রগুপ্ত মৌর্য কর্তৃক মগধের সিংহাসন দখল।
৩০৫	চন্দ্রগুপ্ত ও সেলুকাসের মধ্যে 'তথাকথিত' সন্ধি।
৩০৪-২৯৯	পাটলিপুত্রে মেঘাস্থিনিসের অবস্থান।
৩০০	বিন্দুসারের সিংহাসন আরোহণ।
২৭৩	অশোকের সিংহাসন আরোহণ।
২৬১ (মতান্তরে ২৬০)	কলিঙ্গ যুদ্ধ।
২৫১	তৃতীয় বৌদ্ধ সংগীতি।
২৩২	অশোকের মৃত্যু।
১৮৭ (মতান্তরে ১৮৫)	বৃহদ্রথ হত্যা ও শুঙ্গবংশের প্রতিষ্ঠা।
৬০-৩৭	সিমুক কর্তৃক সাতবাহন রাজবংশের প্রতিষ্ঠা।

খ্রিস্টাব্দ	ঘটনাসমূহ
৭৮	প্রথম কণিষ্কের সিংহাসন আরোহণ, শকাব্দের প্রচল
১০৬	গৌতমী পুত্র সাতকর্ণির সিংহাসন আরোহণ।
১৬৫-১৯৫	যজ্ঞশ্রী সাতকর্ণির রাজত্বকাল।
২৭৫	শ্রীগুপ্ত কর্তৃক গুপ্ত বংশের প্রতিষ্ঠা।
৩২০	গুপ্তাব্দ নামে এক অব্দের প্রচলন।
৩৩৫	সমুদ্রগুপ্তের সিংহাসন আরোহণ।
৩৮০	দ্বিতীয় চন্দ্রগুপ্ত/বিক্রমাদিত্যের সিংহাসন আরোহ
৪০০ (মতান্তরে ৪০৫)	ফা-হিয়েনের ভারতে আগমন।
৪৫৫-৪৬৭	স্কন্দগুপ্তের রাজত্বকাল।
৫৩৩	নরসিংহ গুপ্ত বালাদিত্য কর্তৃক মিহিরকুলের পরাভ
৫৩৫	চালুক্য বংশের প্রথম স্বাধীন নরপতি প্রথম পুলকে সিংহাসন আরোহণ।
৫৪২	হুননেতা মিহিরকুলের মৃত্যু।
৬০৬	হর্ষবর্ধনের সিংহাসন আরোহণ, 'হর্ষাব্দ' প্রচলন।
৬১০-৬৪২	চালুক্য বংশের সর্বশ্রেষ্ঠ রাজা দ্বিতীয় পুলকেশ রাজত্বকাল।
৬৩০	হিউয়েন সাঙের ভারত আগমন
৬৩৬	আরবরা ভারতের পশ্চিম উপকূলে বোম্বাইয়ের থা ভারুচ, সিন্ধুর দেবল বন্দরে আক্রমণ করেছিল।
৬৩৭	শশাঙ্কের মৃত্যু।
৬৪০	চীনা পরিব্রাজক হিউয়েন সাং পল্লব রাজধানী কাঞ্চি আসেন।
৬৪৩	আরব সেনাপতি আবদুল্লাহ মারকান দখন করেন।
৬৪৭	হর্ষবর্ধনের মৃত্যু।
৬৩৭-৭৫০	মাৎস্যন্যায়ের যুগ।
৬৪২	কনৌজের ধর্মসম্মেলন।
৬৪৭	হর্ষবর্ধনের মৃত্যু।
৭০০	কনৌজের ইতিহাসে যশোবর্মনের আবির্ভাব।
৭১২	আরবদেশের সিন্ধু জয়।
৭১৩	মহম্মদ-বিন-কাশিমের মুলতান জয়।
৭৩১	সামরিক সাহায্য লাভের জন্য যশোবর্মন কর্তৃক চি সম্রাটের কাছে দূত প্রেরণ।
৭৫০	গোপাল বাংলার স্বাধীন রাজা নির্বাচিত।
৭৭০	ধর্মপালের সিংহাসন আরোহণ।
৯৪০	রাষ্ট্রকূটরাজ তৃতীয় কৃষ্ণ কর্তৃক চিতোর দখল।

খ্রিস্টাব্দ	ঘটনাসমূহ
২	আলপ্তগিন কর্তৃক গজনি রাজ্যের প্রতিষ্ঠা।
৩	আলবেরুনির জন্ম।
০০- ২৭	সুলতান মামুদ ২৭ বার ভারত আক্রমণ করেন।
২৬	কলচুরি রাজ গাঙ্গেয়দেবের বাংলা আক্রমণ।
৯৮	সামন্তসেন সেন বংশের প্রতিষ্ঠা করেন।
৭৩	ঘুর বংশীয় রাজা মহম্মদ ঘুরি কর্তৃক গজনি দখল।
৯১	মহম্মদ ঘুরি ও পৃথ্বীরাজ চৌহানের মধ্যে তরাইনের প্রথম যুদ্ধ।
৯২	তরাইনের দ্বিতীয় যুদ্ধ।
০৬	কুতুবউদ্দিন আইবকের সিংহাসন আরোহণ ও দাস বংশের প্রতিষ্ঠা।
১১	ইলতুৎমিসের সিংহাসন আরোহণ।
২১	ইলতুৎমিসের রাজত্বকালে মোঙ্গলনেতা চেঙ্গিস খানের ভারত আক্রমণ।
৪০	আলতুনিয়ার হাতে রাজিয়া বন্দিনী হন।
৬৬- ৮৭	গিয়াসউদ্দিন বলবনের রাজত্বকাল।
৯০	খলজী বিপ্লব, জালালউদ্দিন ফিরোজ খলজীর সিংহাসন লাভ।
৯৬	আলাউদ্দিন খলজির সিংহাসন আরোহণ।
০৩	মোঙ্গল নেতা মালিক তর্ঘি দিল্লি আক্রমণ করেন।
২০	খলজি বংশের অবসান ঘটে এবং তুঘলক বংশের সূচনা ঘটে।
২৫	মহম্মদ-বিন-তুঘলকের সিংহাসন লাভ।
৩৬	হরিহর ও বুক্কা বিজয়নগর রাজ্য প্রতিষ্ঠা করেন।
৩৯	শাহমীর কাশ্মীরে হিন্দু শাসনের অবসান ঘটিয়ে মুসলিম শাসন প্রতিষ্ঠা করেন।
৪৭	বাহমনি রাজ্যের প্রতিষ্ঠা।
৫১	মহম্মদ-বিন-তুঘলকের মৃত্যু ও ফিরোজ শাহ তুঘলকের সিংহাসনারোহণ।
৯৮	তৈমুর লঙ্-এর দিল্লি প্রবেশ (১৮ ডিসেম্বর)।
১২	তুঘলক বংশের অবসান।
১৪	সৈয়দ বংশের প্রতিষ্ঠা।
৫১	সৈয়দ বংশের অবসান ও লোদি বংশের প্রতিষ্ঠা।
৬৯	গুরু নানকের জন্ম।
৭২	শের শাহের জন্ম।

খ্রিস্টাব্দ	ঘটনাসমূহ
১৪৮৩	বাবরের জন্ম।
১৪৯৮	ভাস্কো-ডা-গামার কালিকটে অবতরণ।
১৫০০	কালিকটে প্রথম পর্তুগিজ বাণিজ্যকুঠি নির্মাণ।
১৫১০	পর্তুগিজ বণিকদের দ্বারা গোয়ার দুর্গ নির্মাণ।
১৫১৯	বাবরের প্রথম ভারত আক্রমণ।
১৫২৬	পানিপথের প্রথম যুদ্ধ ও বাবর কর্তৃক মোগল বংশের প্রতিষ্ঠা।
১৫২৭	খানুয়ার যুদ্ধ।
১৫২৯	গোগরার যুদ্ধ।
১৫৩০	বাবরের মৃত্যু ও হুমায়ুনের সিংহাসন লাভ।
১৫৩২	দাদরার যুদ্ধ।
১৫৩৪	সুরজগড়ের যুদ্ধ ও শের শাহ কর্তৃক বিহারের সিংহাসন লাভ।
১৫৩৬	শের শাহ কর্তৃক বাংলার কিছু অংশ জয়।
১৫৩৭	চুনার দুর্গের পতন।
১৫৩৮	শের শাহের গৌড় জয়।
১৫৩৯	চৌসার যুদ্ধ।
১৫৪০	কনৌজ বা বিলগ্রামের যুদ্ধ ও শের শাহের দিল্লির সিংহাসন লাভ।
১৫৪২	আকবরের জন্ম।
১৫৪৫	শের শাহের মৃত্যু ও হুমায়ুন কর্তৃক মোগল শক্তির পুনঃপ্রতিষ্ঠা।
১৫৫৫	পাঞ্জাবের শাসনকর্তা হিসেবে আকবরের নিযুক্তি।
১৫৫৬	হুমায়ুনের মৃত্যু। আকবর দিল্লির বাদশা হিসেবে ঘোষিত। পানিপথের দ্বিতীয় যুদ্ধ।
১৫৬১	আকবরের মালব রাজ্য জয়।
১৫৬২	আকবর কর্তৃক স্বহস্তে সাম্রাজ্যের শাসনভার গ্রহণ। অম্বররাজ বিহারীমলের কন্যার সঙ্গে আকবরের বিবাহ।
১৫৬৭	আকবর কর্তৃক চিতোর অবরোধ।
১৫৬৯	আকবরের রণথম্বোর ও কালিঞ্জর জয়।
১৫৭০	আকবরের সঙ্গে বিকানীরের রাজকন্যার বিবাহ। জয়সলমির ও মাড়োয়ার জয়।
১৫৭২	আকবরের গুজরাট জয়।
১৫৭৩	আকবরের সুরাট জয়।
১৫৭৫	'ইবাদৎখানা' নির্মাণ ও ধর্ম-আলোচনার সূচনা।
১৫৭৬	আকবরের বাংলা জয়।

খ্রিস্টাব্দ	ঘটনাসমূহ
৭৯	আকবরের 'অভ্রান্ত নির্দেশনামা' জারি।
৮২	'দীন-ই-ইলাহী'-র প্রবর্তন।
৮৫	মির্জা মহম্মদের মৃত্যু ও আকবরের কাবুল জয়।
৯২	আকবরের উড়িষ্যা জয়।
৯৫	মোগল বাহিনী দ্বারা আহম্মদনগর অবরোধ।
৯৯	আকবরের বুরহানপুর জয়।
৬০০	ইস্ট ইন্ডিয়া কোম্পানি কর্তৃক প্রাচ্যদেশে একচেটিয়া বাণিজ্যের অধিকার লাভ।
৬০১	আকবরের আসিরগড় জয়।
৬০৫	আকবরের মৃত্যু ও জাহাঙ্গিরের সিংহাসন লাভ।
৬০৬	জাহাঙ্গির পঞ্চম শিখগুরু অর্জুন সিংকে হত্যা করেন।
৬০৮	জাহাঙ্গিরের দরবারে ক্যাপ্টেন হকিন্সের আগমন।
৬১১	জাহাঙ্গির কর্তৃক মেহেরউন্নিসাকে বিবাহ।
৬১৩	সুরাটে ইংরেজদের প্রথম বাণিজ্যকুঠি স্থাপন।
৬১৫	জাহাঙ্গিরের দরবারে স্যার টমাস রো-র আগমন।
৬২৭	জাহাঙ্গিরের মৃত্যু ও শাহজাহানের সিংহাসন লাভ। শিবাজির জন্ম।
৬২৮–৬২৯	ঝুঝর সিংহের বিদ্রোহ দমন।
৬২৮–৬৩১	খান জাহান লোদির বিদ্রোহ দমন।
৬৩৩	শাহজাহানের আহম্মদনগর জয়।
৬৩৬	গোলকুণ্ডা ও বিজাপুর রাজ্যদ্বয় কর্তৃক মোগলদের অধীনতা স্বীকার।
৬৪৭	শিবাজি কর্তৃক তোরণা দুর্গ জয়।
৬৫৭	শাহজাহানের পুত্রদের মধ্যে সিংহাসন নিয়ে বিবাদের সূচনা। শিবাজি কর্তৃক আহম্মদনগর ও জুনার লুণ্ঠন।
৬৫৯	ঔরঙ্গজেব কর্তৃক সিংহাসন দখল।
৬৬১	দাউদ খাঁ-র পালামৌ জয়, মিরজুমলার কুচবিহার জয়, শিখগুরু হররায়ের প্রাণদণ্ড, ঔরঙ্গজেব কর্তৃক কোচবিহার দখল, শিবাজির সঙ্গে বিজাপুর সুলতানের সন্ধি।
৬৬৪	শিবাজি কর্তৃক সুরাট লুণ্ঠন।
৬৬৫	পুরন্দরের সন্ধি।
৬৬৬	শাহজাহানের মৃত্যু। শিশুপুত্র শম্ভুজি-সহ শিবাজির আগ্রা গমন।
৬৬৮	সুরাটে প্রথম ফরাসি বাণিজ্যকুঠি স্থাপন।
৬৯	জাঠ বিদ্রোহের সূচনা।

খ্রিস্টাব্দ	ঘটনাসমূহ
১৬৭১	বুন্দেল নেতা ছত্রশালের বিদ্রোহ।
১৬৭২	সৎনামি বিদ্রোহের সূচনা।
১৬৭৩	পণ্ডিচেরিতে ফরাসি বাণিজ্যকুঠি নির্মাণ।
১৬৭৪	রায়গড় দুর্গে শিবাজির রাজ্যাভিষেক। চন্দননগরে ফ কুঠি নির্মাণ।
১৬৭৫	ঔরঙ্গজেব কর্তৃক শিখগুরু তেগবাহাদুরের প্রাণদণ্ড
১৬৭৮	মাড়োয়ার-রাজ যশোবন্ত সিংহের মৃত্যু।
১৬৮০	শিবাজির মৃত্যু।
১৬৮১	জয়সিংহের সঙ্গে ঔরঙ্গজেবের সন্ধি। ঔরঙ্গজে দাক্ষিণাত্য গমন।
১৬৮৬	ঔরঙ্গজেবের বিজাপুর জয়।
১৬৮৭	ঔরঙ্গজেবের গোলকুণ্ডা জয়।
১৬৯০	সুতানুটি গ্রামে ইংরেজ-কুঠি নির্মাণ।
১৬৯১	বাংলার শাসনকর্তা ইব্রাহিম খাঁ-র কাছ থেকে বাংলাদে ইংরেজদের বাণিজ্যের অধিকার লাভ।
১৬৯৬	ফোর্ট উইলিয়াম স্থাপন।
১৬৯৭	ঔরঙ্গজেব কর্তৃক তাঞ্জোর ও ত্রিচিনোপল্লি জয়।
১৬৯৮	ইংরেজদের কলকাতা, সুতানুটি ও গোবিন্দপুরে জমিদারি।
১৭০০	বাংলা প্রেসিডেন্সির মর্যাদা লাভ করে।
১৭০৭	ঔরঙ্গজেবের মৃত্যু। বাংলার 'দেওয়ান' হিসেবে মুর্শিদকুলি খাঁ-র নিযুক্তি।
১৭০৮	গুরু গোবিন্দের মৃত্যু।
১৭১৩	বালাজি বিশ্বনাথ শাহুর 'পেশোয়া' নিযুক্তি।
১৭১৪	উড়িষ্যার 'সুবাদার' পদে মুর্শিদকুলি খাঁ-র নিযুক্তি। লোনাবেলার সন্ধি।
১৭১৫	জন সারম্যানের দৌত্য।
১৭১৭	ফারুখশিয়রের ফরমান। উড়িষ্যা ও বাংলার 'সুবাদার' পদে মুর্শিদকুলি খাঁ-র নিযুক্তি।
১৭২০	কিলিচ খাঁ (নিজাম-উল-মুল্ক)-র দাক্ষিণাত্যের শাসনকর্তা নিযুক্তি। পেশোয়ার বালাজি বিশ্বনাথের মৃত্যু এবং প্রথম বাজিরাও 'পেশোয়া' নিযুক্ত। নিজাম-উল-মূলক কর্তৃক সৈয়দ ভ্রাতৃদ্বয়ের হত্যা।
১৭২৪	সাদাত খাঁ অযোধ্যার শাসনকর্তা নিযুক্ত।
১৭২৭	মুর্শিদকুলি খাঁ-র মৃত্যু ও সুজাউদ্দিনের বাংলার মসনদ লাভ।

আন্তর্জাতিক টি-২০ ক্রিকেটে দ্রুত ২৫০০ রান সংগ্রহ করলেন বাবর আজম

খ্রিস্টাব্দ	ঘটনাসমূহ
১৭৩৯	বাংলার মসনদে সরফরাজ খাঁ।
১৭৪০	গিরিয়ার যুদ্ধে সরফরাজ খাঁ নিহত। আলিবর্দি খাঁ-র মসনদ লাভ। পেশোয়া প্রথম বাজিরাও-এর মৃত্যু এবং দ্বিতীয় বাজিরাও পেশোয়া নিযুক্ত।
১৭৪৩	কর্ণাটকের নবাব দোস্ত আলির মৃত্যু।
১৭৪৬	কর্ণাটকের প্রথম যুদ্ধ। মাইলাপুর বা সেন্ট থোমের যুদ্ধ।
১৭৪৭	পারস্য সম্রাট নাদির শাহের হত্যা।
১৭৪৮	মানপুরের যুদ্ধ লাভ।
১৭৪৮	আই-লা-স্যাপেলের সন্ধি। কর্ণাটকের প্রথম যুদ্ধের সমাপ্তি। হায়দরাবাদের নিজাম-উল্-মুলকের মৃত্যু।
১৭৪৯	শাহুর মৃত্যু এবং মারাঠা রাজ্যের কর্তৃত্ব সম্পূর্ণভাবে পেশোয়াদের উপর ন্যস্ত। কর্ণাটকের দ্বিতীয় যুদ্ধের সূচনা। অম্বুরের যুদ্ধ।
১৭৫৪	দুপ্লের ফ্রান্সে প্রত্যাবর্তন।
১৭৫৫	কর্ণাটকের দ্বিতীয় যুদ্ধের সমাপ্তি।
১৭৫৬	কর্ণাটকের তৃতীয় যুদ্ধের সূচনা। আলিবর্দি খাঁ-র মৃত্যু ও সিরাজউদ্দৌলার সিংহাসন লাভ। সিরাজের কলকাতা দখল (২৩ জুন)।
১৭৫৭	আলিনগরের সন্ধি (৯ ফেব্রুয়ারি)। ইংরেজদের চন্দননগর দখল (মার্চ)। পলাশির যুদ্ধ (২৩ জুন)। সিরাজ নিহত (২ জুলাই)। মিরজাফরের মসনদ লাভ।
১৭৫৯	বিদারার যুদ্ধ।
১৭৬০	বন্দীবাসের যুদ্ধ। ভ্যান্সিটার্ট কলকাতার গভর্নর। মিরজাফরের অপসারণ ও মিরকাশিমের মসনদ লাভ (অক্টোবর)।
১৭৬১	পণ্ডিচেরির পতন। পানিপথের তৃতীয় যুদ্ধ। হায়দার আলির উত্থান।
১৭৬২	প্রথম মাধব রাও-এর পেশোয়া পদ লাভ।
১৭৬৩	মিরকাশিম পদচ্যুত ও মিরজাফরের পুনরায় মসনদ লাভ।
১৭৬৪	বক্সারের যুদ্ধ (২২ অক্টোবর)। নজমউদ্দৌলার সঙ্গে ইংরেজদের চুক্তি (২০ ফেব্রুয়ারি)। এলাহবাদের প্রথম সন্ধি। কোম্পানির দেওয়ানি লাভ (১২ আগস্ট)।
১৭৬৫	মিরজাফরের মৃত্যু ও নজমউদ্দৌলার মসনদ লাভ।
১৭৬৭-১৭৬৯	প্রথম ইঙ্গ-মহীশূর যুদ্ধ।
১৭৭০	ছিয়াত্তরের মন্বন্তর।
১৭৭২	পেশোয়া প্রথম মাধব রাও-এর মৃত্যু। নারায়ণ রাও-এর পেশোয়া পদ লাভ। রামমোহন রায়ের জন্ম। দ্বৈত শাসনের অবসান। পাঁচসালা বন্দোবস্তের প্রবর্তন।

খ্রিস্টাব্দ	ঘটনাসমূহ
১৭৭৩	রেগুলেটিং অ্যাক্ট। নারায়ণ রাও-এর মৃত্যু। রঘুনাথ রাও-এর পেশোয়া পদ লাভ।
১৭৭৪	রঘুনাথ রাও বিতাড়িত। দ্বিতীয় মাধব রাও নতুন পেশোয়া। ওয়ারেন হেস্টিংস গভর্নর জেনারেল নিযুক্ত হন।
১৭৭৫	সুরাটের সন্ধি। প্রথম ইঙ্গ-মারাঠা যুদ্ধের সূচনা।
১৭৭৬	পুরন্দরের সন্ধি।
১৭৭৭	একসালা বন্দোবস্ত প্রবর্তন।
১৭৭৯	ওয়াড়গাঁও-এর সন্ধি।
১৭৮০	দ্বিতীয় ইঙ্গ-মহীশূর যুদ্ধের সূচনা। 'বেঙ্গল গেজেট' প্রকাশ।
১৭৮১	পোর্টোনোভোর যুদ্ধ। তাঞ্জোরের যুদ্ধ। কলকাতায় মাদ্রাসা প্রতিষ্ঠা।
১৭৮২	সলবাই-এর সন্ধি। হায়দার আলির মৃত্যু।
১৭৮৪	পিটের ভারত শাসন আইন। ম্যাঙ্গালোরের সন্ধি ও দ্বিতীয় ইঙ্গ-মহীশূর যুদ্ধের সমাপ্তি। এশিয়াটিক সোসাইটি প্রতিষ্ঠা।
১৭৮৫	ওয়ারেন হেস্টিংসের পদত্যাগ।
১৭৮৬	লর্ড কর্ণওয়ালিস গভর্নর জেনারেল হন।
১৭৯০	দশসালা বন্দোবস্ত প্রবর্তন। তৃতীয় ইঙ্গ-মহীশূর যুদ্ধের সূচনা।
১৭৯২	বারাণসী সংস্কৃত কলেজ প্রতিষ্ঠা। চার্লস গ্রান্ট কর্তৃক 'অবজারভেশন' নামক পুস্তিকা রচনা। শ্রীরঙ্গপত্তমের সন্ধি। রণজিৎ সিংহের সিংহাসনারোহণ।
১৭৯৩	চিরস্থায়ী বন্দোবস্ত প্রবর্তন।
১৭৯৮	লর্ড ওয়েলেসলি ভারতের গভর্নর জেনারেল। অধীনতামূলক মিত্রতা নীতি প্রবর্তন।
১৭৯৯	চতুর্থ ইঙ্গ-মহীশূর যুদ্ধের সূচনা ও মহীশূর রাজ্যের পতন।
১৮০০	শ্রীরামপুর ব্যাপটিস্ট মিশন প্রতিষ্ঠা। ফোর্ট উইলিয়াম কলেজ প্রতিষ্ঠা।
১৮০২	রণজিৎ সিংহের অমৃতসর জয়। বেসিনের সন্ধি।
১৮০৩	দ্বিতীয় ইঙ্গ-মারাঠা যুদ্ধের সূচনা এবং সুরজ-অর্জুনগাঁ ও দেবগাঁও-এর সন্ধি।
১৮০৫	দ্বিতীয় ইঙ্গ-মারাঠা যুদ্ধের সমাপ্তি। শতদ্রু নদীর পশ্চিম তীরস্থ মিসলগুলি জয়। লর্ড ওয়েলেসলির প্রত্যাবর্তন।
১৮০৯	অমৃতসরের সন্ধি। ডিরোজিও-র জন্ম।
১৮১৩	সনদ আইন পাস।
১৮১৪	ইঙ্গ-নেপাল যুদ্ধের সূচনা।
১৮১৪-১৮১৫	'আত্মীয় সভা' স্থাপন।

এফ আই এইচ জুনিয়র হকি ওয়ার্ল্ড কাপ ২০২১-র অধিনায়কত্ব করছেন বিবেক সাগর প্রসাদ

খ্রিস্টাব্দ	ঘটনাসমূহ
১৮১৫	অ্যাংলো হিন্দু কলেজ প্রতিষ্ঠা।
১৮১৬	সগৌলির সন্ধি।
১৮১৭	তৃতীয় ইঙ্গ-মারাঠা যুদ্ধের সূচনা। পুনার সন্ধি। সীতারলদি ও মাহিদপুরের যুদ্ধ। হিন্দু কলেজ প্রতিষ্ঠা। কলকাতা 'স্কুল বুক সোসাইটি' স্থাপন। দেবেন্দ্রনাথ ঠাকুরের জন্ম।
১৮১৮	হেয়ার স্কুল প্রতিষ্ঠা। 'বেঙ্গল গেজেট' (বাংলা) প্রকাশ। 'কলকাতা স্কুল সোসাইটি' প্রতিষ্ঠা। কোরেগাঁও ও অস্ট্রির যুদ্ধ। মারাঠা শক্তির পতন।
১৮২০	বিদ্যাসাগরের জন্ম। রায়তওয়ারি ব্যবস্থা প্রবর্তন।
১৮২২	মহলওয়ারি ব্যবস্থার প্রবর্তন।
১৮২৩	'কমিটি অব পাবলিক ইনস্ট্রাকশন' গঠন। লর্ড আমহার্স্টকে লেখা রামমোহন রায়ের ঐতিহাসিক পত্র।
১৮২৪	প্রথম ইঙ্গ-ব্রহ্ম যুদ্ধের সূচনা।
১৮২৬	ইয়ান্দাবুর সন্ধি।
১৮২৭	'অ্যাকাডেমিক অ্যাসোসিয়েশন' প্রতিষ্ঠা।
১৮২৮	(মতান্তরে ১৮২৯) 'ব্রাহ্মসভা' প্রতিষ্ঠা। 'পার্থেনন' পত্রিকা প্রকাশ।
১৮২৯	সতীদাহ নিবারণ।
১৮৩০	'ব্রাহ্মসমাজ' প্রতিষ্ঠা।
১৮৩১	বেন্টিঙ্কের সঙ্গে রণজিৎ সিংহের সন্ধি। ডিরোজিও-র মৃত্যু।
১৮৩৩	রামমোহন রায়ের মৃত্যু।
১৮৩৫	ইংরেজি শিক্ষার বিস্তার সরকারি নীতিরূপে গৃহীত। কলকাতা মেডিকেল কলেজ প্রতিষ্ঠা।
১৮৩৮	শাহ সুজা, ইংরেজ ও রণজিৎ সিংহের মধ্যে ত্রিশক্তি মিত্রতা চুক্তি।
১৮৩৯	রণজিৎ সিংহের মৃত্যু। 'তত্ত্ববোধিনী সভা' প্রতিষ্ঠা।
১৮৪৩	'তত্ত্ববোধিনী পত্রিকা' প্রকাশ।
